এই সময়ে ভরতবংশশ্রেষ্ঠ ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব এবং দ্রৌপদী ও অনুচরগণ সকলেই রথ পরিত্যাগ করিয়া অস্বতন্ত্রভাবে সেই স্থানে অবস্থান করিলেন ॥২৫॥

তখন হস্তিশ্রেষ্ঠগণ দ্বারা মহাপর্ব্বতের ন্যায়, আশ্রয়ে উপস্থিত ধনুর্দ্ধারী মহাত্মা পঞ্চ পাণ্ডবদ্বারা সেই লতাভারাবনত মহাবৃক্ষও শোভা পাইতে লাগিল ॥২৬॥

—:*:—

* '...চতুর্বিংশোঽধ্যায়ঃ'...বা ব কা নি।

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

— ❀ —

বৈশম্পায়ন উবাচ।

তৎ কাননং প্রাপ্য নরেন্দ্রপুত্রাঃ সুখোচিতাবাসমুপেত্য কৃচ্ছ্রম্।
বিজহ্রুরিন্দ্রপ্রতিমাঃ শিবেষু সরস্বতীশালবনেষু তেষু ॥১॥
যতীংশ্চ রাজা স মুনীংশ্চ সর্ব্বান্ তস্মিন্ বনে মূলফলৈরুদগ্রৈঃ।
দ্বিজাতিমুখ্যানৃষভঃ কুরূণাং সন্তর্পয়ামাস মহানুভাবঃ ॥২॥
ইষ্টীশ্চ পিত্র্যাণি তথা ক্রিয়াশ্চ মহাবনে বসতাং পাণ্ডবানাম্।
পুরোহিতস্তত্র সমৃদ্ধতেজাশ্চকার ধৌম্যঃ পিতৃবন্নৃপাণাম্ ॥৩॥
অপেত্য রাষ্ট্রাদ্বসতান্তু তেষামৃষিঃ পুরাণোঽতিথিরাজগাম।
তমাশ্রমং তীব্রসমৃদ্ধতেজা মার্কণ্ডেয়ঃ শ্রীমতাং পাণ্ডবানাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তদিতি। কৃচ্ছ্রং নির্ম্মাণকষ্টং যথা স্যাত্তথা, উপেত্য প্রাপ্য। শিবেষু নিরুপদ্রবেষু ॥১॥
যতীনিতি। যতীন্ জিতেন্দ্রিয়ান্। উদগ্রৈরুত্তমৈঃ। ঋষভঃ শ্রেষ্ঠঃ ॥২॥
ইষ্টীনিতি। ইষ্টীর্দর্শাদিযাগান্, পিত্র্যাণি দর্শশ্রাদ্ধাদীনি, ক্রিয়া দানাদীঃ ॥৩॥
অপেত্যেতি। রাষ্ট্রাৎ রাজ্যাৎ, অপেত্য অপক্রম্য। পুরাণোঽতীবপ্রাচীনঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

তদিতি। তৎকাননমিত্যাদ্যধ্যায়দ্বয়েন বৃদ্ধতমাভ্যাং মার্কণ্ডেয়দাল্ভ্যাভ্যাং ধর্ম্মস্যাত্যাগো ব্রাহ্মণভক্তিশ্চ কর্ত্তব্যেত্যুচ্যতে। তৎকারণমিতি পাঠে তদ্বনং কারণং চিক্রীড়িষাহেতুঃ। কৃচ্ছ্রং বনবাসসঙ্কটম্ ॥১—২॥ ইষ্টীর্দর্শপৌর্ণমাস্যাদ্যাঃ, পিত্র্যাণি পিণ্ডপিতৃযজ্ঞদর্শশ্রাদ্ধাদীনি ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—ইন্দ্রতুল্য রাজপুত্র পাণ্ডবগণ সেই দ্বৈতবনে উপস্থিত হইয়া, বিশেষ কষ্ট সহকারে সুখবাসের যোগ্য বসতি নির্ম্মাণ করিয়া, সরস্বতীনদীর তীরবর্ত্তী সেই সকল শালবনে বিহার করিতে লাগিলেন ॥১॥

মহাপ্রভাবশালী কুরুশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির উত্তম উত্তম ফল ও মূল দ্বারা সেই বনে যতি, মুনি ও ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিতে থাকিলেন ॥২॥

অত্যন্ত তেজস্বী ধৌম্যপুরোহিত, মহাবনবাসী রাজপুত্র পাণ্ডবগণের যাগ, শ্রাদ্ধ ও দানপ্রভৃতি কার্য্য পিতারই তুল্য সম্পাদন করিতে লাগিলেন ॥৩॥

মনোহরমূর্ত্তি পাণ্ডবেরা রাজ্য হইতে আসিয়া যখন বনবাস করিতেছিলেন, তখন একদা অসাধারণ তেজস্বী ও অতিপ্রাচীন মার্কণ্ডেয়মুনি তাঁহাদের আশ্রমে অতিথি হইয়া আগমন করিলেন ॥৪॥

তমাগতং জ্বলিতহুতাশনপ্রভং মহামনাঃ কুরুবৃষভো যুধিষ্ঠিরঃ।
অপূজয়ৎ সুরঋষিমানবার্চ্চিতং মহামুনিং হ্যনুপমসত্ত্ববীর্য্যবান্ ॥৫॥
স সর্ব্ববিদ্‌দ্রৌপদীং বীক্ষ্য কৃষ্ণাং যুধিষ্ঠিরং ভীমসেনার্জ্জুনৌ চ।
সংস্মৃত্য রামং মনসা মহাত্মা তপস্বিমধ্যেহস্ময়তামিতৌজাঃ ॥৬॥
তং ধর্ম্মরাজো বিমনা ইবাব্রবীৎ সর্ব্বে হ্রিয়া সন্তি তপস্বিনোহমী।
ভবানিদং কিং স্ময়তীব হৃষ্টস্তপস্বিনাং পশ্যতাং মামুদীক্ষ্য ॥৭॥

মার্কণ্ডেয় উবাচ।

ন তাত। হৃষ্যামি ন চ স্ময়ামি প্রহর্ষজো মাং ভজতে ন দর্পঃ।
তবাপদং ত্বদ্য সমীক্ষ্য রামং সত্যব্রতং দাশরথিং স্মরামি ॥৮॥
স চাপি রামঃ সহ লক্ষ্মণেন বনে নিবাসং পিতুরেব শাসনাৎ।
ধন্বী চরন্ পার্থ। ময়ৈব দৃষ্টো গিরেঃ পুরা ঋষ্যমূকস্য সানৌ ॥৯॥

ভারতকৌমুদী

তমিতি। অনুপমে সত্ত্ববীর্য্যে অধ্যবসায়বলে অস্য স্ত ইতি অনুপমসত্ত্ববীর্য্যবান্ ॥৫॥

স ইতি। রামং দাশরথিম্। অস্ময়ত কৌতুকান্মন্দহাস্যং কৃতবান্ ॥৬॥

তমিতি। ধর্ম্মরাজো বিমনা বিষণ্ণচিত্তইব তমব্রবীৎ। অমী সর্ব্ব এব তপস্বিনঃ, হ্রিয়া অস্মদ্দুরবস্থাদর্শননিবন্ধনলজ্জয়া, সন্তি বিষণ্ণা ইতি শেষঃ। কিন্তু তেষামেব পশ্যতাং তপস্বিনাং মধ্যে ভবান্, মাম্ উদীক্ষ্য দৃষ্ট্বা, হৃষ্ট ইব সন্, কিমিদং স্ময়তি মন্দং হসতি ॥৭॥

নেতি। স্ময়ামি হর্ষাদেব মন্দং হসামি। রামস্মরণজাৎ কৌতুকাদেব হসামীতি ভাবঃ ॥৮॥

তখন উদারচেতা, কৌরবশ্রেষ্ঠ এবং অতুলনীয় অধ্যবসায় ও বীর্য্যশালী যুধিষ্ঠির, প্রজ্বলিত অগ্নির ন্যায় দীপ্তিসম্পন্ন এবং দেবতা, ঋষি ও মানবগণের পূজিত আশ্রমাগত সেই মহামুনি মার্কণ্ডেয়ের পূজা করিলেন ॥৫॥

তাহার পর সর্ব্বজ্ঞ, মহাত্মা ও অসাধারণ তেজস্বী মার্কণ্ডেয়মুনি দ্রৌপদী, যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুনকে দেখিয়া, মনে মনে রামচন্দ্রকে স্মরণ করিয়া, তপস্বিগণের মধ্যেই ঈষৎ হাস্য করিলেন ॥৬॥

তখন যুধিষ্ঠির বিষণ্ণচিত্ত হইয়া যেন মার্কণ্ডেয়মুনিকে বলিলেন—"মহর্ষি! এই তপস্বীরা সকলেই (আমার দুরবস্থা দেখিয়া) লজ্জাবশতঃ বিষণ্ণ হইয়া রহিয়াছেন; ইঁহাদের সাক্ষাতে আপনি আমাকে দেখিয়া আনন্দিত হইয়াই যেন হাস্য করিলেন কেন?" ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—"বৎস! আমি আনন্দিত হই নাই, বা আনন্দবশতও হাস্য করি নাই, কিংবা আনন্দনিবন্ধন আমার গর্ব্বও হয় নাই; কিন্তু তোমার বিপদ দেখিয়া সত্যপরায়ণ দশরথনন্দন রামকে স্মরণ করিতেছি ॥৮॥

সহস্রনেত্রপ্রতিমো মহাত্মা যমস্য নেতা নমুচেশ্চ হন্তা।
পিতুর্নিয়োগাদনঘঃ স্বধর্ম্মং বাসং বনে দাশরথিশ্চকার ॥১০॥
স চাপি শক্রস্য সমপ্রভাবো মহানুভাবঃ সমরেষ্বজেয়ঃ।
বিহায় ভোগানচরদ্বনেষু নেশে বলস্যেতি চরেদধর্ম্মম্ ॥১১॥
নৃপাশ্চ নাভাগভগীরথাদয়ো মহীমিমাং সাগরান্তাং বিজিত্য।
সত্যেন তেঽপ্যজয়ংস্তাত! লোকান্ নেশে বলস্যেতি চরেদধর্ম্মম্ ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। বনে নিবাসং চরন্নিতি সম্বন্ধঃ। সানৌ সমতলভূমৌ ॥৯॥

সহস্রেতি। সহস্রনেত্রপ্রতিমঃ প্রভাবে ইন্দ্রতুল্যঃ। যমস্য নেতা পরিচালকঃ, সর্ব্বেশ্বরত্বাৎ নমুচের্দানবস্য চ নিহন্তা, সর্ব্বরূপিনারায়ণরূপত্বেন ইন্দ্ররূপত্বাদিত্যাশয়ঃ ॥১০॥

স ইতি। অতএব বলস্য শক্তেঃ, ঈশে প্রভবামি অহং বলপ্রয়োগেণ সর্ব্বমেব কর্ত্তুং শক্নোমী-ত্যর্থঃ, ইতি বিভাব্য, অধর্ম্মং সত্যপরিত্যাগাদিকম্, ন চরেৎ লোকো ন কুর্য্যাদিতি সামান্যো-পদেশঃ। অতো রামবত্বযাপি সত্যপালনায় বনমাগচ্ছতা সাধ্বেব কৃতমিতি ভাবঃ। বলস্যেতি "কর্ম্মণি দয়েশোঃ" ইতি কর্ম্মণি ষষ্ঠী। এবং সর্ব্বত্র ॥১১॥

সত্যপালনস্য দৃষ্টান্তান্তরমাহ—নৃপা ইতি। লোকান্ স্বর্গান্, অজয়ন্ অলভন্ত ॥১২॥

ভারতভাবদীপঃ

রাষ্ট্রাদপেত্য নির্গত্য, বনে বসতাং তীব্রং দুঃসহং সমৃদ্ধং পুষ্কলঞ্চ তেজো যস্য ॥৪—৫॥ অস্ময়ত বিস্মিতবান্ ॥৬॥ হ্রিয়া প্রাগল্ভ্যসঙ্কোচেন ॥৭-৯॥ সহস্রনেত্রঃ প্রতিমা রূপান্তরং যস্য—"দেবানামস্মি বাসবঃ" ইত্যুক্তত্বাৎ, অতএব যমস্য নিয়ন্তৃরপি নেতা নির্ব্বাহকঃ নমুচেশ্চ হন্তা ইতি সর্ব্বমিন্দ্রকর্ম্ম তস্যৈব কর্ম্মেত্যর্থঃ ॥১০॥ তদেবাহ—স চেতি। শক্রস্য সমপ্রভাবঃ কৃৎস্নপ্রভাবঃ। সমশব্দঃ সর্ব্বপর্য্যায়ঃ, সর্ব্বনামা প্রভাবঃ শক্তিঃ অনুভাবো

সে রামও পিতারই আদেশে ধনু ধারণপূর্ব্বক লক্ষ্মণের সহিত বনে বাস করিয়াছিলেন; সেই অবস্থায় আমিও তাঁহাকে ঋষ্যমূকপর্ব্বতে পূর্ব্বে দেখিয়া-ছিলাম ॥৯॥

নিষ্পাপ সেই রামচন্দ্র ইন্দ্রের তুল্য প্রভাবশালী, উদারচেতা, যমেরও চালয়িতা এবং নমুচিদানবহন্তা হইয়াও পিতার আদেশে আপন ধর্ম্ম হিসাবে বনে বাস করিয়াছিলেন ॥১০॥

ইন্দ্রের তুল্য প্রভাবশালী, মহানুভাব এবং যুদ্ধে অজেয় সেই রামচন্দ্রও ভোগ পরিত্যাগ করিয়া বনে বিচরণ করিয়াছিলেন, অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে করিয়া অধর্ম্ম করিবে না ॥১১॥

সেই নাভাগ ও ভগীরথপ্রভৃতি রাজারাও সমুদ্রপর্য্যন্ত সমগ্র পৃথিবী জয়

---

(৯) স চাপি রাজা…পি। (১০)…পিতুর্নিদেশাৎ…বা ব কা নি,…চচার—পি।

অলর্কমাহুর্নরবর্য্য ! সন্তং সত্যব্রতং কাশিকরূষরাজম্ ।
বিহায় রাজ্যানি বসূনি চৈব নেশে বলস্যেতি চরেদধর্ম্মম্ ॥১৩॥
ধাত্রা বিধির্যো বিহিতঃ পুরাণস্তং পূজয়ন্তো নরবর্য্য ! সন্তঃ ।
সপ্তর্ষয়ঃ পার্থ ! দিবি প্রভান্তি নেশে বলস্যেতি চরেদধর্ম্মম্ ॥১৪॥
মহাবলান্ পর্ব্বতকূটমাত্রান্ বিষাণিনঃ পশ্য গজান্ নরেন্দ্র ! ।
স্থিতান্ নিদেশে নরবর্য্য ! ধাতুর্নেশে বলস্যেতি চরেদধর্ম্মম্ ॥১৫॥
সর্ব্বাণি ভূতানি নরেন্দ্র ! পশ্য তথা যথাবদ্বিহিতং বিধাত্রা ।
স্বযোনিতঃ কর্ম্ম সদা চরন্তি নেশে বলস্যেতি চরেদধর্ম্মম্ ॥১৬॥

ভারতকৌমুদী

অলর্কমিতি। কাশিকরূষযোর্দেশযো রাজা তম্। বসূনি ধনানি চ বিহায় স্থিতম্ ॥১৩॥

ধাত্রেতি। পুরাণঃ "সোমেন যজেত" ইত্যাদিবেদরূপঃ। পূজয়ন্তো গৌরবেণাঙ্গী-কুর্ব্বন্তঃ ॥১৪॥

মহেতি। পর্ব্বতকূটমাত্রান্ পর্ব্বতশৃঙ্গপ্রমাণান্, বিষাণিনো দন্তিনঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ভাবসূচনং বিদ্যাবলমিত্যর্থঃ। শক্রস্য প্রভাবাদিকময়মেবাতোঽসৌ সমরেষজেয়ঃ। তস্মা-দিতি সর্ব্বত্রাধ্যাহারঃ। বলস্য বহুসামর্থ্যস্য ঈশে প্রভবামীতি হেতোরধর্ম্মং নাচরেৎ, শক্তৌ সত্যাং ধর্ম্মমেবাচরেন্ন তু অধর্ম্মমিত্যর্থঃ ॥১১—১৩॥ ধাত্রা ঈশেন, পুরাণৈর্বেদ-বাক্যৈর্বিহিতো বিধিরগ্নিহোত্রাদিঃ ॥১৪॥ পশবোঽপি বলবানস্মীতি দর্পেণাধর্ম্মং ন চরন্তী-ত্যাহ—মহাবলানিতি। "বিষাণং দন্তশৃঙ্গয়োঃ" ইতি কোষঃ ॥১৫॥ এবং সর্পাদিষ্বপি

করিয়া সত্য পালন দ্বারাই স্বর্গলাভ করিয়াছেন; অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে করিয়া অধর্ম্ম করিবে না ॥১২॥

নরশ্রেষ্ঠ! কাশী ও করূষদেশের রাজা অলর্ক রাজ্য ও ধন পরিত্যাগ করিয়া সত্যপরায়ণ হইয়াছিলেন বলিয়াই তাঁহাকে সকলে 'সাধু' বলে; সুতরাং কেহই নিজেকে শক্তিশালী মনে করিয়া অধর্ম্ম করিবে না ॥১৩॥

নরশ্রেষ্ঠ পৃথানন্দন! বিধাতা প্রাচীন যে বেদরূপ বিধি প্রণয়ন করিয়াছেন, সম্মানপূর্ব্বক সেই বিধি স্বীকার করিয়া জ্ঞানী সপ্তর্ষিরা আকাশে প্রকাশ পাইতেছেন; অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে করিয়া অধর্ম্ম করিবে না ॥১৪॥

নরশ্রেষ্ঠ রাজা! দেখ—মহাবল, পর্ব্বতশৃঙ্গপ্রমাণ ও দন্তশালী হস্তিগণ বিধাতার আদেশের অধীন রহিয়াছে; অতএব কেহই আপনাকে শক্তিশালী মনে করিয়া অধর্ম্ম করিবে না ॥১৫॥

---

(১৪) ..বিহিতঃ পুরাণৈঃ···বা ব কা নি।

সত্যেন ধর্ম্মেণ যথার্হবৃত্ত্যা হ্রিয়া তথা সর্ব্বভূতান্যতীত্য।
যশশ্চ তেজশ্চ তবাপি দীপ্তং বিভাবসোর্ভাস্করস্যেব পার্থ! ॥১৭॥
যথাপ্রতিজ্ঞঞ্চ মহানুভাব। কৃচ্ছ্রং বনে বাসমিমং নিরুষ্য।
ততঃ শ্রিয়ং তেজসা তেন দীপ্তামাদাস্যতে পার্থিব। কৌরবেভ্যঃ ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

তমেবমুক্ত্বা বচনং মহর্ষিস্তপস্বিমধ্যে সহিতং সুহৃদ্ভিঃ।
আমন্ত্র্য ধৌম্যং সহিতাংশ্চ পার্থাংস্ততঃ প্রতস্থে দিশমুত্তরাং সঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্বৈতবনপ্রবেশে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সর্ব্বাণীতি। ভূতানি প্রাণিনঃ। স্বযোনিতো নিজনিজজাত্যনুসারেণ ॥১৬॥
সত্যেনেতি। যথার্হবৃত্ত্যা যোগ্যব্যবহারেণ, হ্রিয়া লজ্জয়া। বিভাবসোরগ্নেঃ ॥১৭॥
যথেতি। নিরুষ্য নিশ্চয়েনোষিত্বা কৃত্বেত্যর্থঃ। আদাস্যতে ভবান্ বলাদ্গ্রহীষ্যতি ॥১৮॥
তমিতি। তং যুধিষ্ঠিরম্। সুহৃদ্ভির্ভীমাদিভিঃ সহিতং মিলিতম্ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

জ্ঞেয়মিত্যাহ—সর্ব্বাণীতি। স্বযোনিতো জন্মানুরূপম্ ॥১৬॥ বিভা প্রভা, সৈব বসু বিত্তং যস্য ॥১৭॥ আদাস্যসে গ্রহীষ্যসি ॥১৮—১৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

রাজা! আরও দেখ—বিধাতা যেমন বিধান করিয়াছেন, তেমন ভাবেই সমস্ত প্রাণী সর্ব্বদা আপন আপন জাতি অনুসারে কার্য্য করিয়া থাকে, সুতরাং কেহই আপনাকে শক্তিশালী মনে করিয়া অধর্ম্ম করিবে না ॥১৬॥

পৃথানন্দন! অগ্নি এবং সূর্য্যের ন্যায় তোমারও যশ এবং তেজ সত্য, ধর্ম্ম, যোগ্য ব্যবহার ও লজ্জা দ্বারা সমস্ত প্রাণীকে অতিক্রম করিয়া প্রকাশ পাইয়াছে ॥১৭॥

অতএব মহাপ্রভাবশালী রাজা! তুমি আপন প্রতিজ্ঞা অনুসারে এই বনবাসের কষ্ট অতিক্রম করিয়া, সেই তেজ দ্বারাই কৌরবগণের নিকট হইতে উজ্জ্বল রাজলক্ষ্মীকে গ্রহণ করিতে পারিবে" ॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন—মহর্ষি মার্কণ্ডেয় বন্ধুগণের সহিত তপস্বিমধ্যে অবস্থিত যুধিষ্ঠিরকে এইরূপ কথা বলিয়া এবং ধৌম্য ও সম্মিলিত পাণ্ডবগণের নিকট বিদায় লইয়া উত্তরদিকে প্রস্থান করিলেন ॥১৯॥

* '...পঞ্চবিংশোঽধ্যায়ঃ'—বা ব কা নি।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

বসৎস্বথ দ্বৈতবনে পাণ্ডবেষু মহাত্মসু।
অনুকীর্ণং মহারণ্যং ব্রাহ্মণৈঃ সমপদ্যত ॥১॥
ঈর্য্যমাণেন সততং ব্রহ্মঘোষেণ সর্ব্বশঃ।
ব্রহ্মলোকসমং পুণ্যমাসীদ্দ্বৈতবনং সরঃ ॥২॥
যজুষামৃচাং সাম্নাঞ্চ গদ্যানাঞ্চৈব সর্ব্বশঃ।
আসীদুচ্চার্য্যমাণানাং নিস্বনো হৃদয়ঙ্গমঃ ॥৩॥
জ্যাঘোষঃ পাণ্ডবানাঞ্চ ব্রহ্মঘোষশ্চ ধীমতাম্।
সংসৃষ্টং ব্রহ্মণা ক্ষত্রং ভূয় এব ব্যবোচত ॥৪॥
অথাব্রবীদ্বকো দাল্ভ্যো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
সন্ধ্যাং কৌন্তেয়মাসীনমৃষিভিঃ পরিবারিতম্ ॥৫॥

ভারতকৌমুদী

বসৎস্বিতি। অথ মার্কণ্ডেয়প্রস্থানানন্তরম্। অনুকীর্ণং ব্যাপ্তম্, সমপদ্যত জাতম্ ॥১॥
ঈর্য্যেতি। ঈর্য্যমাণেন ব্রাহ্মণৈরুচ্চার্য্যমাণেন, ব্রহ্মঘোষেণ বেদধ্বনিনা ॥২॥
যজুষামিতি। গদ্যানাং "সোমেন যজেত" ইত্যাদিবিধিবাক্যানাম্ ॥৩॥
জ্যেতি। ব্রহ্মঘোষো বেদধ্বনিঃ, ধীমতাং বেদবিদুষাম্। ব্রহ্মণা ব্রাহ্মণেন ॥৪॥
অথেতি। বকো নাম মুনিঃ। সন্ধ্যামুপাস্যেতি শেষঃ। পবিবারিতং পবিবেষ্টিতম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মার্কণ্ডেয়মুনি চলিয়া গেলে পর, মহাত্মা পাণ্ডবেরা দ্বৈতবনে বাস করিতে থাকিলে, ক্রমে সে দ্বৈতবনটী ব্রাহ্মণে পরিপূর্ণ হইয়া উঠিল ॥১॥

সর্ব্বদা সকল দিকে বেদধ্বনি হইতে থাকায় সেই দ্বৈতবনটী এবং তদন্তর্গত সরোবরটী ব্রহ্মলোকের তুল্য পুণ্যময় হইল ॥২॥

যজু, ঋক্ ও সামমন্ত্র এবং বিধিবাক্যসমূহ সকল দিকে উচ্চারিত হইতে থাকায় মনোহর ধ্বনি উঠিতে থাকিল ॥৩॥

পাণ্ডবগণের ধনুষ্টঙ্কার ও বেদজ্ঞ ব্রাহ্মণগণের বেদধ্বনি হইতে থাকায় ব্রাহ্মণের সহিত মিলিত ক্ষত্রিয় বড়ই শোভা পাইতে লাগিল ॥৪॥

তাহার পর একদিন কুন্তীনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠির সন্ধ্যাবন্দন সমাপ্ত করিয়া

---

(১) বসৎসু বৈ দ্বৈতবনে···বা ব কা নি। (৪) জ্যাঘোষশ্চৈব পার্থানাম্···বা ব কা নি।

পশ্য দ্বৈতবনে পার্থ! ব্রাহ্মণানাং তপস্বিনাম্।
হোমবেলাং কুরুশ্রেষ্ঠ! সুপ্রজ্বলিতপাবকাম্ ॥৬॥
চরন্তি ধর্ম্মং পুণ্যেঽস্মিংস্ত্বয়া গুপ্তা ধৃতব্রতাঃ।
ভৃগবোঽঙ্গিরসশ্চৈব বাশিষ্ঠাঃ কাশ্যপৈঃ সহ ॥৭॥
আগস্ত্যাশ্চ মহাভাগা আত্রেয়াশ্চোত্তমব্রতাঃ।
সর্ব্বস্য জগতঃ শ্রেষ্ঠা ব্রাহ্মণাঃ সঙ্গতাস্ত্বয়া ॥৮॥ (যুগ্মকম্)
ইদন্তু বচনং পার্থ! শৃণুষ্ব গদতো মম।
ভ্রাতৃভিঃ সহ কৌন্তেয়! যত্ত্বাং বক্ষ্যামি কৌরব! ॥৯॥
ব্রহ্ম ক্ষত্রেণ সংসৃষ্টং ক্ষত্রঞ্চ ব্রহ্মণা সহ।
উদীর্ণে দহতঃ শত্রূন্ বনানীবাগ্নিমারুতৌ ॥১০॥
নাব্রাহ্মণস্তাত! চিরং বুভূষেদিচ্ছন্নিমং লোকমমুঞ্চ জেতুম্।
বিনীতধর্ম্মার্থমপেতমোহং লব্ধ্বা দ্বিজং নুদতি নৃপঃ সপত্নান্ ॥১১॥

ভাবতকৌমুদী

পশ্যেতি। হোমবেলাং "সায়ং প্রাতর্জুহোতি" ইতি বিধিবিহিতং সন্ধ্যাকালম্ ॥৬॥
চরন্তীতি। গুপ্তা রক্ষিতাঃ। ভৃগুপ্রভৃতয়স্তত্তদ্বংশীয়াঃ। সঙ্গতাঃ সম্মিলিতাঃ ॥৭—৮॥
ইদমিতি। ভ্রাতৃভির্ভীমসেনাদিভিঃ সহ শৃণুষ্বেতি সম্বন্ধঃ ॥৯॥
ব্রহ্মেতি। ব্রহ্ম ব্রাহ্মণঃ। উদীর্ণে মেলনেনোন্নতীভূতে ব্রহ্মক্ষত্রে ॥১০॥

ঋষিগণে পরিবেষ্টিত হইয়া বসিয়া আছেন, এমন সময়ে দাল্ভ্যগোত্রীয় বকমুনি তাঁহাকে বলিলেন—॥৫॥

"কুরুশ্রেষ্ঠ পৃথানন্দন! দর্শন করুন—তপস্বী ব্রাহ্মণগণের হোমের সময় উপস্থিত হইয়াছে, তাহাতে দ্বৈতবনের সকল দিকেই হোমাগ্নি সুন্দরভাবে প্রজ্বলিত হইয়াছে ॥৬॥

রাজা! ভৃগু, অঙ্গিরা, বশিষ্ঠ, কশ্যপ, অগস্ত্য এবং অত্রির বংশসম্ভূত মহাত্মা, তপোনিষ্ঠ, উৎকৃষ্টব্রতচারী এবং সমস্ত জগতের মধ্যে শ্রেষ্ঠ ব্রাহ্মণেরা আপনার সহিত মিলিত এবং আপনাদ্বারা রক্ষিত হইয়া এই পবিত্র দ্বৈতবনে ধর্ম্ম আচরণ করিতেছেন ॥৭—৮॥

কুন্তীনন্দন! আমি আপনাকে যাহা বলিব, আপনি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া আমার সেই বাক্য শ্রবণ করুন ॥৯॥

ক্ষত্রিয়ের সহিত মিলিত ব্রাহ্মণ এবং ব্রাহ্মণের সহিত মিলিত ক্ষত্রিয়—এই উভয় উন্নত হইয়া সম্মিলিত অগ্নি ও বায়ু যেমন বন দগ্ধ করে, সেইরূপ শত্রু দগ্ধ করিতে পারেন ॥১০॥

চরন্নৈঃশ্রেয়সং ধর্ম্মং প্রজাপালনকারিতম্ ।
নাধ্যগচ্ছদ্বলির্লোকে তীর্থমন্যত্র বৈ দ্বিজাৎ ॥১২॥
অনূনমাসীদসুরস্য কামৈর্বৈরোচনেঃ শ্রীরপি চাক্ষয়াসীৎ ।
লব্ধ্বা মহীং ব্রাহ্মণসম্প্রয়োগাত্তেষ্বাচরন্ দুষ্টমথো ব্যনশ্যৎ ॥১৩॥
নাব্রাহ্মণং ভূমিরিয়ং সভূতির্বর্ণং দ্বিতীয়ং ভজতে চিরায় ।
সমুদ্রনেমির্নমতে তু তস্মৈ যং ব্রাহ্মণঃ শাস্তি নয়ৈর্বিনীতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

নেতি। হে তাত। বৎস! অব্রাহ্মণো ব্রাহ্মণরহিতো নৃপঃ, শক্তিবলেন ইমং লোকম্, ধর্ম্মবলেন চ অমুং পরলোকম্, জেতুমিচ্ছন্নপি, চিরং ন বুভূষেৎ জয়ী ভবিতুং ন ইচ্ছেৎ, মন্ত্রদাতুর্ধর্ম্মোপদেষ্টুশ্চ ব্রাহ্মণস্যাভাবেনৈবাসম্ভবাদিতি ভাবঃ। কিন্তু বিনীতৌ বিশেষেণাবগতৌ ধর্ম্মার্থৌ যেন তম্, অপেতমোহং ভ্রমপ্রমাদাদিরহিতম্, দ্বিজং ব্রাহ্মণং লব্ধ্বা, সপত্নান্ শত্রূন্ অধর্ম্মাংশ্চ নুদতি দূরীকরোতি ॥১১॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ—চরন্নিতি। বলিঃ, প্রজাপালনকারিতম্, নৈঃশ্রেয়সং মঙ্গলকরং ধর্ম্মং চরন্, লোকে, দ্বিজাদ্ব্রাহ্মণাৎ, অন্যত্রান্যৎ, তীর্থমুপায়ম্, নাধ্যগচ্ছৎ ন প্রাপ্নোৎ ॥১২॥

অনূনমিতি। ব্রাহ্মণস্য সম্প্রয়োগাৎ সংসর্গাৎ, মহীং লব্ধ্বা স্থিতস্য, অসুরস্য বৈরোচনের্বিরোচনপুত্রস্য বলেঃ, কামৈঃ, অনূনম্ অহীনমাসীৎ, জীবনমিতি শেষঃ, শ্রীরপি চ অক্ষয়ৈবাসীৎ। কিন্তু অথো পরম্, তেষু ব্রাহ্মণেষু, দুষ্টং দোষমাচরন্ ব্যনশ্যৎ ॥১৩॥

নেতি। সভূতিঃ সর্ব্বসম্পত্তিসম্পন্না, ইয়ং ভূমিঃ, অব্রাহ্মণং ব্রাহ্মণরহিতম্, দ্বিতীয়ং বর্ণং ক্ষত্রিয়ম্, চিরায় ন ভজতে নাশ্রয়তি। কিন্তু সমুদ্রনেমিঃ সাগরপর্য্যন্তা সা ভূমিঃ, তস্মৈ ক্ষত্রিয়ায় নমতে বশীভূতা ভবতীত্যর্থঃ, যং বিনীতং শিক্ষিতং ক্ষত্রিয়ম্, ব্রাহ্মণঃ, নয়ৈর্নীতিবিষয়ৈঃ, শাস্তি উপদিশতি ॥১৪॥

ভারতভাবদীপঃ

বসৎস্বিতি। অনুকীর্ণং ব্যাপ্তম্ ॥১—২॥ গন্তানাং ব্রাহ্মণবাক্যানাং পাদাক্ষরাদিনিয়মহীনানাম্ ॥৩—৪॥ সন্ধ্যামুপাস্তেতি শেষঃ ॥৫—১০॥ অব্রাহ্মণো ব্রাহ্মণহীনো নৃপঃ বুভূষেদৈশ্বর্য্যমিচ্ছেৎ তস্যেচ্ছতোঽপি জয়ো দুর্লভ ইত্যর্থঃ। বিনীতৌ সম্যক্শিক্ষিতৌ

বৎস! ব্রাহ্মণশূন্য রাজা ইহলোক ও পরলোক জয় করিতে ইচ্ছা করিয়াও চিরবিজয়ী হইতে ইচ্ছা করেন না, কিন্তু ধর্ম্ম ও অর্থাভিজ্ঞ এবং মোহশূন্য ব্রাহ্মণ লাভ করিয়া সমস্ত শত্রু দূর করিতে পারেন ॥১১॥

বলিরাজা প্রজাপালনজনিত মঙ্গলকর ধর্ম্ম আচরণ করিবার সময়ে ব্রাহ্মণ ভিন্ন অন্য কোন উপায় লাভ করেন নাই ॥১২॥

ব্রাহ্মণের সংসর্গে সমস্ত পৃথিবী লাভ করায় বলিরাজার জীবনটী সকল কামনায় পরিপূর্ণ হইয়াছিল এবং রাজলক্ষ্মীও অক্ষয় হইয়াছিল; কিন্তু তিনি শেষে সেই ব্রাহ্মণদের প্রতিই অন্যায় আচরণ করিয়া বিনষ্ট হইয়াছিলেন ॥১৩॥

কুঞ্জরস্যেব সংগ্রামে পবিগৃহ্যাঙ্কুশগ্রহম্।
ব্রাহ্মণৈর্বিপ্রহীনস্য ক্ষত্রস্য ক্ষীয়তে বলম্ ॥১৫॥
ব্রাহ্মণ্যনুপমা দৃষ্টিঃ ক্ষাত্রমপ্রতিমং বলম্।
তৌ যদা চবতঃ সার্দ্ধং তদা লোকঃ প্রসীদতি ॥১৬॥
যথা হি সুমহানগ্নিঃ কক্ষং দহতি সানিলঃ।
তথা দহতি রাজন্যো ব্রাহ্মণেন সমং বিপুম্ ॥১৭॥
ব্রাহ্মণেষ্বেব মেধাবী বুদ্ধিপর্য্যেষণং চরেৎ।
অলব্ধস্য চ লাভায় লব্ধস্য পরিবৃদ্ধয়ে ॥১৮॥

ভাবতকৌমুদী

কুঞ্জবস্যেতি। অঙ্কুশগ্রহং পবিচালকম্, পবিগৃহ্য বর্জ্জয়িত্বা স্থিতস্য, পবের্বর্জ্জনার্থত্বাৎ, কুঞ্জরস্য হস্তিন ইব, ব্রাহ্মণৈর্বিপ্রহীনস্য রহিতস্য ক্ষত্রস্য সংগ্রামে বলং ক্ষীযতে ॥১৫॥

ব্রাহ্মীতি। অনুপমা দৃষ্টিঃ সর্ব্বদিগ্‌দর্শনম্, ব্রাহ্মী ব্রাহ্মণনিষ্ঠা, অপ্রতিমং বলঞ্চ, ক্ষাত্রং ক্ষত্রিযনিষ্ঠম্। অতএব যদা তৌ ব্রাহ্মণক্ষত্রিযৌ, সার্দ্ধং মিলিতৌ সন্তৌ চবতঃ, তদা লোকঃ প্রসীদতি দুর্জ্জযত্বজ্ঞানাৎ বশীভাবেন প্রসন্ন ইব ভবতি ॥১৬॥

যথেতি। কক্ষং শুষ্কবনম্। "কক্ষো বীরুধি দোম্‌লে কচ্ছে শুষ্কবনে তৃণে" ইতি হেমচন্দ্রঃ ॥১৭॥

ব্রাহ্মণেষ্বিতি। মেধাবী বুদ্ধিমান্ রাজা। বুদ্ধিপর্য্যেষণং কর্ত্তব্যবিষয়বুদ্ধ্যন্বেষণম্ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

ধর্ম্মার্থৌ যেন ॥১১॥ তীর্থমুপাযম্ ॥১২॥ বৈবোচনের্বলেঃ ॥১৩—১৪॥ অঙ্কুশগ্রহমঙ্কুশেন নিগৃহ্লাতি তং পবিগৃহ্য বর্জ্জযিত্বা, পবির্বর্জ্জনে ॥১৫—১৭॥ বুদ্ধিপর্য্যেষণং বুদ্ধেঃ সাকল্যেন

সমৃদ্ধিসম্পন্ন এই পৃথিবী ব্রাহ্মণবিহীন ক্ষত্রিয়কে চিবকাল আশ্রয় করিয়া থাকে না; কিন্তু যে শিক্ষিত ক্ষত্রিয়কে ব্রাহ্মণ নীতিবিষযে উপদেশ দেন, সেই ক্ষত্রিয়েব নিকট এই পৃথিবী চিরকালই অবনত থাকে ॥১৪॥

পবিচালকবিহীন হস্তীব ন্যায় ব্রাহ্মণবিহীন ক্ষত্রিয়েব যুদ্ধে শক্তি ক্ষীণ হইয়া থাকে ॥১৫॥

অসাধাবণ পর্য্যবেক্ষণ ব্রাহ্মণে থাকে এবং অতুলনীয বল ক্ষত্রিয়ে থাকে; সুতবাং তাঁহাবা দুই যখন মিলিত হইয়া বিচবণ কবেন, তখন লোক বশীভূত হয ॥১৬॥

বিশাল অগ্নি যেমন বাযুব সহিত মিলিত হইয়া শুষ্কবন দগ্ধ কবে, তেমন ক্ষত্রিয় ব্রাহ্মণের সহিত মিলিত হইয়া শত্রু দগ্ধ করিয়া থাকেন ॥১৭॥

---

(১৬) ব্রাহ্মণান্ন পবা ব্যুষ্টিঃ ··পি, ব্রাহ্মণ্যানুপমা দৃষ্টিঃ···বা ব।

অলব্ধলাভায় চ লব্ধবৃদ্ধয়ে যথার্হতীর্থপ্রতিপাদনায় ।
যশস্বিনং বেদবিদং বিপশ্চিতং বহুশ্রুতং ব্রাহ্মণমেব বাসয় ॥১৯॥
ব্রাহ্মণেষূত্তমা বৃত্তিস্তব নিত্যং যুধিষ্ঠির ! ।
তেন তে সর্ব্বলোকেষু দীপ্যতে প্রথিতং যশঃ ॥২০॥
বৈশম্পায়ন উবাচ ।
ততস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বে বকং দাল্‌ভ্যমপূজয়ন্ ।
যুধিষ্ঠিরে স্তূয়মানে ভূয়ঃসুমনসোঽভবন্ ॥২১॥
দ্বৈপায়নো নারদশ্চ জামদগ্ন্যঃ পৃথুশ্রবাঃ ।
ইন্দ্রদ্যুম্নো ভালুকিশ্চ কৃতচেতাঃ সহস্রপাৎ ॥২২॥
কর্ণশ্রবাশ্চ মুঞ্জশ্চ লবণাশ্বশ্চ কাশ্যপঃ ।
হারীতঃ স্থূণকর্ণশ্চ অগ্নিবেশ্যোঽথ শৌনকঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অলব্ধেতি । যথার্হতীর্থেভ্যো যোগ্যপাত্রেভ্যঃ প্রতিপাদনায় ধনাদিদানায় ॥১৯॥
ব্রাহ্মণেম্বিতি । বৃত্তির্ব্যবহারো বর্ত্তনদানং বা । দীপ্যতে উজ্জ্বলং তিষ্ঠতি ॥২০॥
তত ইতি । স্তূয়মানে যশস্বিত্বেন প্রশস্যমানে । ভূয়ঃসুমনসোঽতীবপ্রসন্নাঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

সংগ্রহণম্ ॥১৮॥ যথার্হতীর্থে যথাযোগ্যপাত্রে, প্রতিপাদনায় দানায় ॥১৯॥ বৃত্তি র্বর্ত্তনম্ ॥২০ – ২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

বুদ্ধিমান্ রাজা অলব্ধ বস্তু লাভ করিবার জন্য এবং লব্ধ বস্তুর বৃদ্ধি করিবার জন্য ব্রাহ্মণদের নিকটেই বুদ্ধির অন্বেষণ করিবেন ॥১৮॥

অতএব রাজা ! আপনি অলব্ধ বস্তু লাভ করিবার জন্য, লব্ধ বস্তুর বৃদ্ধি করিবার জন্য এবং যোগ্যপাত্রে দান করিবার জন্য যশস্বী, বেদবিৎ, পণ্ডিত ও বহুদর্শী ব্রাহ্মণকেই বাস করান ॥১৯॥

রাজা যুধিষ্ঠির ! ব্রাহ্মণদের উপরে সর্ব্বদাই আপনার উত্তম ব্যবহার আছে কি না, সেই জন্যই আপনার যশ সমস্ত জগতে প্রসিদ্ধ হইয়া দীপ্তি পাইতেছে” ॥২ ॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিরের প্রশংসা করিলে পর সেই ব্রাহ্মণেরা সকলেই দাল্‌ভ্য বকমুনির সম্মান করিলেন এবং অত্যন্ত প্রসন্নচিত্ত হইলেন ॥২১॥

তাহার পর, দেবর্ষিরা যেমন দেবরাজের সম্মান করেন, সেইরূপ দেবব্যাস, নারদ, পরশুরাম, পৃথুশ্রবা, ইন্দ্রদ্যুম্ন, ভালুকি, কৃতচেতা, সহস্রপাৎ, কর্ণশ্রবা,

---

(২২)…ভাল্লুকিশ্চ…কা। (২৩)…তৃণকর্ণশ্চ…পি।

ঋতবাক্ চ সুবাক্ চৈব বৃহদশ্বো বিভাবসুঃ।
ঊর্দ্ধরেতা বৃষামিত্রঃ সুহোত্রো হোত্রবাহনঃ ॥২৪॥
এতে চান্যে চ বহবো ব্রাহ্মণাঃ সংশিতব্রতাঃ।
অজাতশত্রুমানর্চ্চুঃ পুরন্দরমিবর্ষয়ঃ ॥২৫॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্বৈতবনপ্রবেশে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—০৩০—

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

—০৩০—

বৈশম্পায়ন উবাচ।

ততো বনগতাঃ পার্থাঃ সায়াহ্নে সহ কৃষ্ণয়া।
উপবিষ্টাঃ কথাশ্চক্রুর্দুঃখশোকপরায়ণাঃ ॥১॥
প্রিয়া চ দর্শনীয়া চ পণ্ডিতা চ পতিব্রতা।
অথ কৃষ্ণা ধর্ম্মরাজমিদং বচনমব্রবীৎ ॥২॥

ভাবতকৌমুদী

দ্বৈপায়ন ইতি। জামদগ্ন্যো রামঃ। কর্ণশ্রবা ইতি সংজ্ঞাশব্দত্বাৎ পৌনরুক্ত্যং সহতে। ঊর্দ্ধরেতা নৈষ্ঠিকব্রহ্মচারিত্বাৎ। আনর্চ্চুঃ সম্মানয়ামাসুঃ ॥২২—২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—০৩০—

তত ইতি। পার্থাঃ পাণ্ডবাঃ, সপত্নীপুত্রেঽপি পুত্রত্বাতিদেশেন মাদ্রীপুত্রয়োরপি পৃথা-পুত্রত্বাৎ। এবমন্যত্রাপি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। কথাঃ কথোপকথনানি ॥১॥

প্রিয়েতি। প্রিয়া স্বভাবমাধুর্য্যাৎ প্রীতিকরী, দর্শনীয়া মনোহরাকৃতিঃ ॥২॥

মুঞ্জ, লবণাশ্ব, কাশ্যপ, হারীত, স্থূণকর্ণ, অগ্নিবেশ্য, শৌনক, ঋতবাক্, সুবাক্, বৃহদশ্ব, বিভাবসু, ঊর্দ্ধরেতা, বৃষামিত্র, সুহোত্র এবং হোত্রবাহন—এই সকল ব্রাহ্মণেরা ও অন্যান্য দৃঢব্রত বহুতর ব্রাহ্মণেরা যুধিষ্ঠিরের সম্মান করিলেন ॥২২—২৫॥

—০৩০—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর একদিন বনবাসী, দুঃখিত ও শোকার্ত্ত পাণ্ডবগণ দ্রৌপদীর সহিত বসিয়া পরস্পর কথোপকথন করিতে লাগিলেন ॥১॥

---

* '…ষড্‌বিংশোঽধ্যায়ঃ'—বা ব কা নি। (১)…কথাং চক্রুঃ…পি।

দ্রৌপদ্যুবাচ।

ন নূনং তস্য পাপস্য দুঃখমস্মাস্থ কিঞ্চন।
বিদ্যতে ধার্ত্তরাষ্ট্রস্য নৃশংসস্য দুরাত্মনঃ ॥৩॥
যস্ত্বাং রাজন্! ময়া সার্দ্ধমজিনৈঃ প্রতিবাসিতম্।
বনং প্রস্থাপ্য দুষ্টাত্মা নান্বতপ্যত দুর্ম্মতিঃ ॥৪॥
আয়সং হৃদয়ং নূনং তস্য দুষ্কৃতকর্ম্মণঃ।
যস্ত্বাং ধর্ম্মপরং জ্যেষ্ঠং রূক্ষাণ্যশ্রাবয়ত্তদা ॥৫॥
সুখোচিতমদুঃখার্হং দুরাত্মা সসুহৃদ্‌গণঃ।
ঈদৃশং দুঃখমানীয় মোদতে পাপপূরুষঃ ॥৬॥
চতুর্ণামেব পানানামশ্রং ন পতিতং তদা।
ত্বয়ি ভারত! নিষ্ক্রান্তে বনায়াজিনবাসসি ॥৭॥

ভাবতকৌমুদী

নেতি। নূনং ধ্রুবম্। অস্মাস্থ বিষয়েষু। ধার্ত্তরাষ্ট্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য ॥৩॥
দুঃখভাবসম্ভাবনায়াং হেতুমাহ—য ইতি। অজিনৈঃ প্রতিবাসিতং পরিধাপিতমৃগচর্ম্মাণম্ ॥৪॥
আয়সমিতি। অয়সা লৌহেন নির্ম্মিতমিতি আয়সম্। রূক্ষাণি বচনানি ॥৫॥
সুখেতি। সুখোচিতম্ অদুঃখার্হঞ্চ ত্বাম্। দুরাত্মা দুর্য্যোধনঃ। আনীয় প্রাপয্য ॥৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি। এতদধ্যায়স্য তাৎপর্য্যম্—সুশীলাপি স্ত্রী ধর্ম্মং ত্যাজয়তি কিমুতেতরেতি ॥১-২॥ অস্মাস্থ দুঃখিতেষ্বিতি শেষঃ ॥৩—৫॥ আনীয় প্রাপয্য ॥৬॥ অশ্রং

তখন প্রিয়া, সুন্দরী, পণ্ডিতা ও পতিব্রতা দ্রৌপদী যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন ॥২॥

দ্রৌপদী বলিলেন—"মহারাজ! সেই পাপিষ্ঠ, নিষ্ঠুরপ্রকৃতি ও দুরাত্মা দুর্য্যোধনের আমাদের বিষয়ে নিশ্চয়ই কোন দুঃখ নাই ॥৩॥

যে দুরাত্মা ও দুর্ম্মতি দুর্য্যোধন আপনাকে মৃগচর্ম্ম পরিধান করাইয়া আমার সহিত বনে পাঠাইয়া একটুও অনুতাপ করে নাই ॥৪॥

আপনি জ্যেষ্ঠ এবং ধর্ম্মপরায়ণ; তথাপি যে ব্যক্তি আপনাকে তখন কটু বাক্য শুনাইয়াছিল, নিশ্চয়ই সে দুরাত্মার হৃদয় লৌহনির্ম্মিত ॥৫॥

আপনি সুখভোগেই অভ্যস্ত, দুঃখভোগে অভ্যস্ত নহেন, তথাপি দুরাত্মা ও পাপিষ্ঠ দুর্য্যোধন বন্ধুগণের সহিত মিলিত হইয়া, আপনাকে এইরূপ দুঃখ ভোগ করাইতে থাকিয়া আমোদ করিতেছে! ॥৬॥

---

(৪)…নানুতপ্যতি দুর্ম্মতিঃ—পি।

দুর্য্যোধনস্য কর্ণস্য শকুনেশ্চ দুরাত্মনঃ।
দুর্ভ্রাতুস্তস্য চোগ্রস্য রাজন্! দুঃশাসনস্য চ ॥৮॥ (যুগ্মকম্)
ইতরেষান্তু সর্ব্বেষাং কুরূণাং কুরুসত্তম!।
দুঃখেনাভিপরীতানাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥৯॥
ইদঞ্চ শয়নং দৃষ্ট্বা যচ্চাসীত্তে পুরাতনম্।
শোচামি ত্বাং মহারাজ! দুঃখানর্হং সুখোচিতম্ ॥১০॥
দান্তং যচ্চ সভামধ্যে আসনং রত্নভূষিতম্।
দৃষ্ট্বা কুশবৃষীঞ্চেমাং শোকো মাং দারয়ত্যয়ম্ ॥১১॥
যদপশ্যং সভায়াং ত্বাং রাজভিঃ পরিবারিতম্।
তচ্চ রাজন্নপশ্যন্ত্যাঃ কা শান্তির্হৃদয়স্য মে ॥১২॥

ভারতকৌমুদী

চতুর্ণামিতি। অস্রং দুঃখজং নয়নজলম্। তস্য দুর্য্যোধনস্য চ দুর্ভ্রাতুঃ ॥৭—৮॥

ইতরেষামিতি। অভিপরীতানাং সর্ব্বতো ব্যাপ্তহৃদয়ানাম্ ॥৯॥

ইদমিতি। হে মহারাজ! তে তব, ইদঞ্চ কুশময়ম্, শয়নং শয্যাং দৃষ্ট্বা, যচ্চ পুরাতনং দুগ্ধফেননিভং শয়নমাসীৎ, তচ্চ স্মৃত্বেতি শেষঃ, দুঃখানর্হং সুখোচিতং ত্বাং শোচামি। ভারবিনা খল্বিতঃ স্থানাদেব কিরাতার্জ্জুনীয়কাব্যে প্রথমসর্গাদৌ ছায়া গৃহীতেতি দ্রষ্টব্যম্ ॥১০॥

দান্তমিতি। সভামধ্যে যচ্চ, দান্তং হস্তিদন্তনির্ম্মিতং রত্নভূষিতঞ্চ তবাসনমাসীৎ তৎ স্মৃত্বেতি শেষঃ, ইমাঞ্চ কুশবৃষীং কুশময়ং ব্রতিযোগ্যমাসনং দৃষ্ট্বা স্থিতাং মাম্, অয়মনুভূয়মানঃ শোকো দারয়তি। "ব্রতিনামাসনং বৃষী" ইত্যমরঃ ॥১১॥

যদিতি। পরিবারিতং পরিবেষ্টিতম্। অপশ্যন্ত্যা ইদানীমিতি শেষঃ ॥১২॥

আপনি মৃগচর্ম্ম পরিধান করিয়া বনবাসের জন্য নির্গত হইলে, তখন চারিটা পাপিষ্ঠের অশ্রুপাত হয় নাই—দুর্য্যোধন, তাহার দুষ্ট ভ্রাতা উগ্রস্বভাব দুঃশাসন এবং দুরাত্মা কর্ণ ও শকুনির ॥৭—৮॥

কিন্তু হে কুরুশ্রেষ্ঠ! দুঃখিতচিত্ত অন্য সকল কুরুবংশীয়ের নয়ন হইতেই তখন জল পড়িয়াছিল ॥৯॥

মহারাজ! আপনার এই শয্যা দেখিয়া এবং পূর্ব্বে আপনার যে শয্যা ছিল, তাহা স্মরণ করিয়া আপনার বিষয়েই আমার শোক হইতেছে। কারণ, আপনি ত দুঃখভোগের যোগ্য নহেন, বিশেষতঃ সুখভোগেই অভ্যস্ত ছিলেন ॥১০॥

সভার মধ্যে হস্তিদন্তনির্ম্মিত এবং নানারত্নবিভূষিত আপনার যে আসন ছিল, তাহা স্মরণ করিয়া এবং এই কুশময় আসন দেখিয়া আমি শোকে বিদীর্ণ হইতেছি ॥১১॥

যা ত্বাহং চন্দনাদিগ্ধমপশ্যং সূর্য্যবর্চ্চসম্ ।
সা ত্বাং পঙ্কমলাদিগ্ধং দৃষ্ট্বা মুহ্যামি ভারত ! ॥১৩॥
যা ত্বাহং কৌশিকৈর্বস্ত্রৈঃ শুভ্রৈরাচ্ছাদিতং পুরা ।
দৃষ্টবত্যস্মি রাজেন্দ্র ! সা ত্বাং পশ্যামি চীরিণম্ ॥১৪॥
যচ্চ তদ্রুক্মপাত্রীভির্ব্রাহ্মণেভ্যঃ সহস্রশঃ ।
হ্রিয়তে তে গৃহাদন্নং সংস্কৃতং সার্ব্বকামিকম্ ॥১৫॥
যতীনামগৃহাণাং তে তথৈব গৃহমেধিনাম্ ।
দীয়তে ভোজনং রাজন্ ! অতীব গুণবৎ প্রভো ! ॥১৬॥
সৎকৃতানি সহস্রাণি সর্ব্বকামৈঃ পুরা গৃহে ।
সর্ব্বকামৈঃ সুবিহিতৈর্যদপূজয়থা দ্বিজান্ ।
তচ্চ রাজন্ ! অপশ্যন্ত্যাঃ কা শান্তির্হৃদয়স্য মে ॥১৭॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যেতি। ত্বা ত্বাম্, চন্দনেন আদিগ্ধং সম্যক্ পরিলিপ্তম্। পরত্রাপ্যেবম্ ॥১৩॥
যেতি। ত্বা ত্বাম্, কৌশিকৈঃ কীটকোশসূত্রনির্ম্মিতৈঃ। চীরিণং কৌপীনবন্তম্ ॥১৪॥
যদিতি। রুক্মপাত্রীভিঃ স্বর্ণভাজনৈঃ। হ্রিয়তে পরিবেশকৈর্হৃতম্, সংস্কৃতং পক্বম্, সার্ব্বকামিকং সর্ব্বেষামেবাভীষ্টম্। যতীনাং জিতেন্দ্রিয়াণাং ব্রহ্মচারিণাম্, অগৃহাণাং ভিক্ষূণাম্, গৃহমেধিনাং গৃহস্থানাঞ্চ। অতীবগুণবৎ স্বাদুত্বপুষ্টিকরত্বাদিগুণযুক্তম্, ভুজ্যত ইতি ভোজনমন্নং যদ্দীয়তে স্ম। পুরা গৃহে, সর্ব্বকামৈঃ সর্ব্ববিধাভীষ্টবস্তুদানৈঃ, দরিদ্রাণাং সহস্রাণি

ভারতভাবদীপঃ

নেত্রজলম্ ॥৭—১০॥ দান্তং গজদন্তময়ম্, কুশবৃষীং কুশাসনম্ কন্দয়তি আবৃণোতি মোহয়তীত্যর্থঃ ॥১১—১২॥ ত্বাহং ত্বামহম্, আদিগ্ধং লিপ্তম্ ॥১৩॥ কৌশিকৈঃ কোশজৈঃ বস্ত্রৈঃ

আমি আপনাকে সভার মধ্যে যে রাজগণে পরিবেষ্টিত দেখিয়াছি, বর্ত্তমান সময়ে তাহা দেখিতেছি না ; সুতরাং আমার মনের কি শান্তি আছে ! ॥১২॥

ভরতনন্দন ! যে আমি আপনাকে চন্দনলিপ্ত এবং সূর্য্যতুল্য তেজস্বী দেখিয়াছি, সেই আমিই আপনাকে এখন ধূলিলিপ্ত দেখিয়া মোহিত হইতেছি ॥১৩॥

রাজশ্রেষ্ঠ ! যে আমি পূর্ব্বে আপনাকে শুভ্রবর্ণ পট্টবস্ত্র-পরিহিত অবস্থায় দেখিয়াছি ; সেই আমিই এখন আপনাকে কৌপীনধারী দেখিতেছি ॥১৪॥

মহারাজ ! পরিজনেরা আপনার গৃহ হইতে সহস্র সহস্র ব্রাহ্মণের জন্য স্বর্ণপাত্রে করিয়া সুপক্ব ও সকলেরই অভীষ্ট সেই যে অন্ন লইয়া যাইত ; আর ব্রহ্মচারী, ভিক্ষু ও গৃহস্থদিগকে যে অতি উত্তম খাদ্য দেওয়া হইত ;

যন্ত্বে ভ্রাতৄন্ মহারাজ। যুবানো মৃষ্টকুণ্ডলাঃ।
অভোজয়ন্ত মিষ্টান্নৈঃ সূদাঃ পরমসৎকৃতৈঃ ॥১৮॥
সর্ব্বাংস্তানদ্য পশ্যামি বনে বন্যেন জীবতঃ।
অদুঃখার্হান্ মনুষ্যেন্দ্র। নোপশাম্যতি মে মনঃ ॥১৯॥ (যুগ্মকম্)
ভীমসেনমিমঞ্চাপি দুঃখিতং বনবাসিনম্।
ধ্যায়তঃ কিং ন মন্যুস্তে প্রাপ্তে কালে বিবর্দ্ধতে ॥২০॥
ভীমসেনং হি কর্ম্মাণি স্বয়ং কুর্ব্বাণমচ্যুতম্।
সুখার্হং দুঃখিতং দৃষ্ট্বা কস্মান্মন্যুর্ন বর্দ্ধতে ॥২১॥

ভাবতকৌমুদী

যৎ সৎকৃতানি, সুবিহিতৈঃ সর্ব্বকামৈঃ সর্ব্ববিধাভিলষিতদ্রব্যদানৈঃ, যচ্চ দ্বিজান্ ব্রাহ্মণান্, অপূজয়থাঃ, হে রাজন্। ইদানীং তচ্চ সর্ব্বম্ অপশ্যন্ত্যা মে হৃদয়স্য কা শান্তিঃ, অপি তু কাপি নেত্যর্থঃ। সপ্তদশঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১৫—১৭॥

যদিতি। যৎ যান্। মৃষ্টানি মার্জ্জনেন পবিষ্কৃতানি কুণ্ডলানি যেষাং তে। সূদাঃ পাচকাঃ পরমসৎকৃতৈঃ অতীবসুষ্ঠুনির্ম্মিতৈঃ। বন্যেন ফলমূলাদিনা ॥১৮—১৯॥

ভীমেতি। ধ্যায়তশ্চিন্তয়তস্তে, মন্যুর্দুর্য্যোধনাদীন্ প্রতি ক্রোধঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

॥১৪—১৫॥ অগৃহাণাং ব্রহ্মচারিণাম্ ॥১৬॥ সহস্রাণি সহস্রসংজ্ঞানি সত্রপরিবেষণপাত্রাণি, "তেষাং যৎ সহস্রং সত্রপরিবেষণং তত্তে সূর্য্যতো দাস্যন্তী" ইতি বহ্বৃচব্রাহ্মণে দর্শনাৎ। সৎকৃতানি প্রত্যহমুপযোগাৎ সম্ভাবিতানি, সর্ব্বকামৈঃ কাম্যমানৈরন্নৈঃ, যৎ যৈঃ সহস্রৈঃ সর্ব্বৈঃ কামৈর্মনোরথৈর্দ্বিজান্ অপূজয়থাঃ, বনে তু একমেব সূর্য্যদত্তং পরিবেষণপাত্রমিত্যর্থঃ ॥১৭—১৯॥

এবং পূর্ব্বে আপনার বাড়ীতে সর্ব্বপ্রকার অভীষ্ট বস্তু দান করিয়া সহস্র সহস্র দরিদ্রকে যে সম্মানিত করা হইত এবং সুনির্ম্মিত ও সকলের বাঞ্ছনীয় বস্তু দান করিয়া ব্রাহ্মণদিগকে যে পূজা করা হইত, বর্ত্তমানে সেই সকল দেখিতেছি না বলিয়া আমার মনের কোন শান্তিই হইতেছে না ॥১৫—১৭॥

মহারাজ! মনুষ্যশ্রেষ্ঠ! পরিষ্কৃত কুণ্ডলধারী যুবক পাচকেরা বিশেষ যত্নে প্রস্তুত মিষ্টান্ন দ্বারা আপনার যে ভ্রাতৃগণকে ভোজন করাইত, আপনার সেই সকল ভ্রাতাকেই আজ বনে বন্য ফল-মূলদ্বারা জীবন ধারণ করিতে দেখিতেছি। ইঁহারা কিন্তু এইরূপ দুঃখভোগের যোগ্য নহেন; সুতরাং আমার মন শান্তি পাইতেছে না ॥১৮—১৯॥

বনবাসী দুঃখিত এই ভীমসেনের বিষয় চিন্তা করিয়া কি আপনার বর্ত্তমান সময়েও ক্রোধ বৃদ্ধি পায় না? ॥২০॥

(১৯)…বনে বন্যেন জীবিনঃ…বা ব কা নি।

সৎকৃতং বিবিধৈর্যানৈর্বস্ত্রৈরুচ্চাবচৈস্তথা।
তং তে বনগতং দৃষ্ট্বা কস্মান্মন্যুর্ন বর্দ্ধতে ॥২২॥
অয়ং কুরূন্ রণে সর্ব্বান্ হন্তুমুৎসহতে প্রভুঃ।
ত্বৎপ্রতিজ্ঞাং প্রতীক্ষংস্তু সহতেঽয়ং বৃকোদরঃ ॥২৩॥
যোঽর্জ্জুনেনার্জ্জুনস্তুল্যো দ্বিবাহুর্বহুবাহুনা।
শরাবসর্গে শীঘ্রত্বাৎ কালান্তকযমোপমঃ ॥২৪॥
যস্য শস্ত্রপ্রতাপেন প্রণতাঃ সর্ব্বপার্থিবাঃ।
যজ্ঞে তব মহারাজ! ব্রাহ্মণানুপতস্থিরে ॥২৫॥
তমিমং পুরুষব্যাঘ্রং পূজিতং দেবদানবৈঃ।
ধ্যায়ন্তমর্জ্জুনং দৃষ্ট্বা কস্মাদ্রাজন্! ন কুপ্যসি ॥২৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভীমেতি। কর্ম্মাণি ফলমূলাহরণাদীনি। অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্ ॥২১॥

সৎকৃতমিতি। সৎকৃতমাদৃতম্। উচ্চাবচৈর্নানাবিধৈঃ। তং ভীমসেনম্ ॥২২॥

অযমিতি। উৎসহতে শক্নোতি, প্রভুঃ শত্রুবিনাশে সমর্থঃ। সহতে বনবাসদুঃখম্ ॥২৩॥

য ইতি। যোঽর্জ্জুনঃ, দ্বিবাহুরপি সন্, শরাণামবসর্গে নিক্ষেপে, শীঘ্রত্বাদ্ধেতোঃ, বহুবাহুনা অর্জ্জুনেন কার্ত্তবীর্য্যেণ তুল্যঃ। অতএব চ কালে আয়ুঃশেষসময়ে অন্তকো নাশকো যো যমস্তদুপমঃ শত্রূণামিতি শেষঃ। যস্যার্জ্জুনস্য। যজ্ঞে রাজসূয়ে। উপতস্থিরে সিষেবিরে। ধ্যায়ন্তম্ আত্মনো দুর্ভাগ্যং চিন্তয়ন্তম্। ন কুপ্যসি দুর্য্যোধনাদীন্ প্রতীতি শেষঃ ॥২৪—২৬॥

ধর্ম্মপথ হইতে অবিচলিত এবং সুখভোগের যোগ্য ভীমসেন নিজেই ফলমূল আনয়নপ্রভৃতি কার্য্য করিতেছেন; ইহা দেখিয়া কেন আপনার ক্রোধ বৃদ্ধি পায় না? ॥২১॥

যিনি নানাবিধ যান ও নানাবিধ বস্ত্র দ্বারা আদৃত হইতেন, সেই ভীমকে বনবাসী দেখিয়া কেন আপনার ক্রোধ বৃদ্ধি পায় না? ॥২২॥

সমরবিজয়ী এই ভীমসেন একাকীই যুদ্ধে সকল কৌরবকে বিনাশ করিতে পারেন, তথাপি ইনি আপনার প্রতিজ্ঞার প্রতীক্ষা করিয়াই এই কষ্ট সহ্য করিতেছেন। ॥২৩॥

তা'র পর, যে অর্জ্জুন দ্বিবাহু হইয়াও সত্বর বাণক্ষেপ করিতে পারেন বলিয়া সহস্রবাহু কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য এবং শত্রুপক্ষের কালান্তক যমের তুল্য; আর সমস্ত রাজাই যাঁহার অস্ত্রের প্রতাপে অবনত হইয়া আপনার রাজসূয়যজ্ঞে ব্রাহ্মণগণের সেবা করিয়াছিলেন, দেব-দানবসম্মানিত পুরুষশ্রেষ্ঠ

দৃষ্ট্বা বনগতং পার্থমদুঃখার্হং সুখোচিতম্।
ন চ তে বর্দ্ধতে মন্যুস্তেন মুহ্যামি ভারত! ॥২৭॥
যো দেবাংশ্চ মনুষ্যাংশ্চ সর্পাংশ্চৈকরথোঽজয়ৎ।
তং তে বনগতং দৃষ্ট্বা কস্মান্মন্যুর্ন বর্দ্ধতে ॥২৮॥
যো যানৈরদ্ভুতাকারৈর্হয়ৈর্নাগৈশ্চ সৎকৃতঃ।
প্রসহ্য বিত্তান্যাদত্ত পার্থিবেভ্যঃ পরন্তপঃ ॥২৯॥
ক্ষিপত্যেকেন বেগেন পঞ্চ বাণশতানি যঃ।
তং তে বনগতং দৃষ্ট্বা কস্মান্মন্যুর্ন বর্দ্ধতে ॥৩০॥ (যুগ্মকম্)
শ্যামং বৃহন্তং তরুণং চর্ম্মিণামুত্তমং রণে।
নকুলং তে বনে দৃষ্ট্বা কস্মান্মন্যুর্ন বর্দ্ধতে ॥৩১॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। পার্থং প্রকরণাদর্জ্জুনম্। মন্যুঃ ক্রোধঃ, "মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধি" ইত্যমরঃ ॥২৭॥

য ইতি। যোঽর্জ্জুনঃ, দেবান্ খাণ্ডবদাহে, মনুষ্যান্ সর্পাংশ্চ রাজসূয়ে ॥২৮॥

য ইতি। নাগৈর্হস্তিভিস্তত্তদ্দানৈরিত্যর্থঃ, সৎকৃতঃ পরাজিতৈর্নৃপতিভিঃ সম্মানিতঃ। প্রসহ্য বলেন, বিত্তানি ধনানি, আদত্ত গৃহীতবান্। বেগেন রাবেণ ॥২৯—৩০॥

শ্যামমিতি। বৃহন্তং দীর্ঘাকৃতিম্। চর্ম্মিণাং চর্ম্মধারিণাং বীরাণাম্ ॥৩১॥

ভারতভাবদীপঃ

মন্যুঃ ক্রোধঃ ॥২০—২৩॥ অর্জ্জুনেন কার্ত্তবীর্য্যেণ। শরাবসর্গে বাণপাতে ॥২৪—২৮॥

সেই অর্জ্জুনকে নিজের দুর্ভাগ্য চিন্তা করিতে দেখিয়া কেন আপনি শত্রুদের প্রতি ক্রুদ্ধ হইতেছেন না? ॥২৪—২৬॥

ভরতনন্দন! অর্জ্জুন দুঃখভোগের যোগ্য নহেন, বিশেষতঃ সুখভোগেই অভ্যস্ত; তথাপি ইঁহাকে বনবাসী দেখিয়া আপনার যে ক্রোধ বৃদ্ধি পাইতেছে না, তাহাতেই আমি মুগ্ধ হইতেছি ॥২৭॥

যিনি একরথে দেবতা, মনুষ্য ও নাগদিগকে জয় করিয়াছিলেন, সেই অর্জ্জুনকে বনবাসী দেখিয়া কেন আপনার ক্রোধ বৃদ্ধি পাইতেছে না? ॥২৮॥

পরাজিত রাজারা হস্তী, অশ্ব ও আশ্চর্য্য রথ উপহার দিয়া যে অর্জ্জুনকে সম্মানিত করিয়াছিলেন এবং যে পরন্তপ অর্জ্জুন বলপূর্ব্বক রাজাদের নিকট হইতে ধন আনয়ন করিয়াছিলেন, আর যে অর্জ্জুন একেবারেই পাঁচশত বাণ নিক্ষেপ করিতে পারেন, সেই অর্জ্জুনকে বনবাসী দেখিয়া কেন আপনার ক্রোধ বৃদ্ধি পাইতেছে না? ॥২৯—৩০॥

শ্যামবর্ণ, দীর্ঘাকৃতি, যুবা এবং যুদ্ধে চর্ম্মধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ নকুলকে বনবাসী দেখিয়া কেন আপনার ক্রোধ বৃদ্ধি পাইতেছে না? ॥৩১॥

দর্শনীয়ঞ্চ শূরঞ্চ মাদ্রীপুত্রং যুধিষ্ঠির ! ।
সহদেবং বনে দৃষ্ট্বা কস্মাৎ ক্ষমসি পার্থিব ! ॥৩২॥
নকুলং সহদেবঞ্চ দৃষ্ট্বা তে দুঃখিতাবুভৌ ।
অদুঃখার্হৌ মনুষ্যেন্দ্র ! কস্মান্মন্যুর্ন বর্দ্ধতে ॥৩৩॥
দ্রুপদস্য কুলে জাতাং স্নুষাং পাণ্ডোর্মহাত্মনঃ ।
ধৃষ্টদ্যুম্নস্য ভগিনীং বীরপত্নীমনুব্রতাম্ ।
মাং বৈ বনগতাং দৃষ্ট্বা কস্মাৎ ক্ষমসি পার্থিব ! ॥৩৪॥
নূনঞ্চ তব বৈ নাস্তি মন্যুর্ভরতসত্তম ! ।
যত্তে ভ্রাতৃংশ্চ মাঞ্চৈব দৃষ্ট্বা ন ব্যথতে মনঃ ॥৩৫॥
ন নির্মন্যুঃ ক্ষত্রিয়োঽস্তি লোকে নির্ব্বচনং স্মৃতম্ ।
তদদ্য ত্বয়ি পশ্যামি ক্ষত্রিয়ে বিপরীতবৎ ॥৩৬॥
যো ন দর্শয়তে তেজঃ ক্ষত্রিয়ঃ কাল আগতে ।
সর্ব্বভূতানি তং পার্থ ! সদা পরিভবন্ত্যত ॥৩৭॥

ভারতকৌমুদী

দর্শনীয়মিতি। দর্শনীয়ং সুন্দরাকৃতিত্বাদিতি ভাবঃ। ক্ষমসি শত্রূন্, ক্ষমসে ॥৩২॥
আক্ষেপাধিক্যাত্তুক্তমপ্যর্থং পুনরাহ—নকুলমিতি। দুঃখিতৌ বনবাসাদেব ॥৩৩॥
দ্রুপদস্যেতি। স্নুষাং পুত্রবধূম্। অনুব্রতাং ভবদনুকূলাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥
নূনমিতি। নূনং নিশ্চিতম্। মন্যুর্দৈন্যং ক্রোধো বা ॥৩৫॥
নেতি। নির্মন্যুঃ ক্রোধশূন্যঃ। নির্ব্বাচনং নিরুক্তিঃ প্রসিদ্ধিরিতি যাবৎ ॥৩৬॥

রাজা যুধিষ্ঠির! সুন্দরমূর্ত্তি ও বীর মাদ্রীপুত্র সহদেবকে বনবাসী দেখিয়া কেন আপনি শত্রুদের প্রতি ক্ষমা করিতেছেন ? ॥৩২॥

নরশ্রেষ্ঠ! নকুল ও সহদেব ইঁহারা দুইজনই দুঃখভোগের যোগ্য নহেন, অথচ দুঃখভোগ করিতেছেন; ইহা দেখিয়াও আপনার ক্রোধ কেন বৃদ্ধি পাইতেছে না ? ॥৩৩॥

তা'র পর, আমি দ্রুপদের বংশে জন্মিয়াছি, মহাত্মা পাণ্ডুর পুত্রবধূ, ধৃষ্টদ্যুম্নের ভগিনী, বীরগণের পত্নী এবং তাঁহাদের অনুকূলা : এ অবস্থায় আমাকেও বনবাসিনী দেখিয়া কেন আপনি ক্ষমা করিতেছেন ? ॥৩৪॥

ভরতশ্রেষ্ঠ! নিশ্চয়ই আপনার ক্রোধই নাই। যেহেতু, ভ্রাতৃগণকে এবং আমাকে এই অবস্থায় দেখিয়াও আপনার মন ব্যথিত হইতেছে না! ॥৩৫॥

'ক্রোধশূন্য ক্ষত্রিয় নাই' এই যে জগতে প্রসিদ্ধি রহিয়াছে, তাহা আজ আপনাতে বিপরীতের ন্যায় দেখিতেছি! ॥৩৬॥

তত্ত্বয়া ন ক্ষমা কার্য্যা শত্রূন্ প্রতি কথঞ্চন।
তেজসৈব হি তে শক্যা নিহন্তুং নাত্রসংশয়ঃ ॥৩৮॥
তথৈব যঃ ক্ষমাকালে ক্ষত্রিয়ো নোপশাম্যতি।
অপ্রিয়ঃ সর্ব্বভূতানাং সোঽমুত্রেহ চ নশ্যতি ॥৩৯॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
প্রহ্লাদস্য চ সংবাদং বলের্বৈরোচনস্য চ ॥৪০॥
অসুরেন্দ্রং মহাপ্রাজ্ঞং ধর্ম্মাণামাগতাগমম্।
বলিঃ পপ্রচ্ছ দৈত্যেন্দ্রং প্রহ্লাদং পিতরং পিতুঃ ॥৪১॥

ভারতকৌমুদী

য ইতি। তেজঃ প্রভাবম্। সর্ব্বভূতানি সর্ব্বে লোকাঃ। পরিভবন্তি অবজানন্তি ॥৩৭॥

তদিতি। তেজসা প্রভাবেণৈব, তে শত্রবো দুর্য্যোধনাদয়ঃ ॥৩৮॥

তথেতি। নোপশাম্যতি ক্ষমাবান্ ন ভবতি। অমুত্র পরলোকে, ইহ চ লোকে নশ্যতি, ক্ষন্তব্যে ক্ষমায়া অকরণেন পাপোদয়াৎ সর্ব্বভূতানামপ্রিয়ত্বাচ্চেতি ভাবঃ ॥৩৯॥

অত্রেতি। অত্র তেজঃক্ষময়োঃ প্রয়োগবিষয়ে, অপিঃ সমুচ্চয়ে। যদ্যপি "ইতিহাসঃ পুরাবৃত্তম্" ইত্যমরঃ, তথাপি পুরাতনপদপ্রয়োগাদিতিহাসপদং বৃত্তমাত্রপরম্ ॥৪০॥

অসুরেন্দ্রমিতি। আগতঃ অবগত আগমঃ শাস্ত্রং যেন তম্। পিতুর্বিরোচনস্য ॥৪১॥

ভারতভাবদীপঃ

আদত্ত আত্তবান্ ॥২৯॥ বর্ম্মিণাং খড়্গচর্ম্মধরাণাম্ ॥৩০-৩১॥ নির্ব্বচনং ক্ষত্রিয়শব্দস্য ক্ষরতে হিনস্তীতি ক্ষত্রমিতি ॥৩৬॥ হিংস্রত্বং নিন্দ্যমিতি চেৎ তত্রাহ—যো নেতি। তেজঃ

পার্থ! যে ক্ষত্রিয় সময় উপস্থিত হইলে তেজ প্রদর্শন না করেন, তাঁহাকে সকল লোকই সর্ব্বদা অবজ্ঞা করে ॥৩৭॥

অতএব শত্রুদের প্রতি কোন প্রকারেই আপনার ক্ষমা করা উচিত নহে। কারণ, তেজ দ্বারাই আপনি শত্রুদিগকে সংহার করিতে পারিবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩৮॥

আবার যে ক্ষত্রিয় ক্ষমার সময়ে ক্ষমা না করেন, তিনি সকল লোকের অপ্রিয় হইয়া ইহলোকে এবং পরলোকে বিনষ্ট হন ॥৩৯॥

এ বিষয়ে মনস্বীরা প্রহ্লাদ ও বিরোচনপুত্র বলির সংবাদরূপ এই ইতিহাসের উল্লেখ করিয়া থাকেন ॥৪০॥

অসুরশ্রেষ্ঠ, মহাপ্রাজ্ঞ ও ধর্ম্মশাস্ত্রবিৎ পিতামহ প্রহ্লাদের নিকট একদা বলি জিজ্ঞাসা করিয়াছিলেন ॥৪১॥

---

(৩৯) শ্লোকাৎ পরম্ '…সপ্তবিংশোঽধ্যায়ঃ। দ্রৌপদ্যুবাচ' বা ব কা নি।

বলিরুবাচ।

ক্ষমা স্বিচ্ছ্রেয়সী তাত। উতাহো তেজ উচ্যতে।
এতন্মে সংশয়ং তাত। যথাবদ্‌ব্রূহি পৃচ্ছতে ॥৪২॥
শ্রেয়ো যদত্র ধর্ম্মজ্ঞ! ব্রূহি মে তদসংশয়ম্।
করিষ্যামি হি তৎ সর্ব্বং যথাবদনুশাসনম্ ॥৪৩॥
তস্মৈ প্রোবাচ তৎ সর্ব্বমেবং পৃষ্টঃ পিতামহঃ।
সর্ব্বনিশ্চয়বিৎ প্রাজ্ঞঃ সংশয়ং পবিপৃচ্ছতে ॥৪৪॥

প্রহ্লাদ উবাচ।

ন শ্রেয়ঃ সততং তেজো ন নিত্যং শ্রেয়সী ক্ষমা।
ইতি তাত! বিজানীহি দ্বয়মেতদসংশয়ম্ ॥৪৫॥
যো নিত্যং ক্ষমতে তাত। বহূন্ দোষান্ স বিন্দতি।
ভৃত্যাঃ পবিভবন্ত্যেনমুদাসীনাস্তথাঽবয়ঃ ॥৪৬॥

ভাবতকৌমুদী

ক্ষমেতি। "স্বিৎ প্রশ্নে চ বিকল্পে চ" ইত্যমবঃ। তেজঃ প্রভাবপ্রকাশঃ ॥৪২॥
শ্রেয ইতি। অত্র ক্ষমাতেজসোর্মধ্যে, যৎ, শ্রেযো ভদ্রতবম্। অনুশাসনমাদেশম্ ॥৪৩॥
তস্মা ইতি। পিতামহঃ প্রহ্লাদঃ। সংশযং সংশযবিষযম্, পবিপৃচ্ছতে বলযে ॥৪৪॥
নেতি। শ্রেযো মঙ্গলকবম্। হে তাত। বৎস।। এতৎ তেজঃক্ষমযোবসাতত্যম্ ॥৪৫॥
য ইতি। দোষাননর্থান্, বিন্দতি লভতে। পবিভবন্তি অবজানন্তি ॥৪৬॥

বলি কহিয়াছিলেন -"পিতামহ! আমি জিজ্ঞাসা করিতেছি—ক্ষমাকে ভাল বলা হয? না তেজকে? আমাব এই সংশয়েব যথাযথ উত্তব বলুন ॥৪২॥

ধর্ম্মজ্ঞ। ক্ষমা ও তেজেব মধ্যে যেটী ভাল, তাহা আপনি আমার নিকট নিঃসন্দেহে বলুন; আমি যথাযথভাবে আপনাব সেই সমস্ত আদেশই করিব" ॥৪৩॥

বলি এইরূপ জিজ্ঞাসা কবিলে, প্রাজ্ঞ এবং সমস্ত বিষয়েব তত্ত্বজ্ঞ প্রহ্লাদ বলিব নিকট সে সমস্তই বলিলেন ॥৪৪॥

প্রহ্লাদ বলিলেন—"বৎস! তুমি এই দুইটী বিষয় নিশ্চয় জানিয়া রাখ যে, সর্ব্বদা তেজ প্রকাশ কবাও ভাল না, আবাব সর্ব্বদা ক্ষমা কবাও ভাল না ॥৪৫॥

বৎস! যে ব্যক্তি সর্ব্বদা ক্ষমা কবে, সে ব্যক্তি নানাপ্রকাবে ক্ষতিগ্রস্ত হয এবং ভৃত্য, শত্রু ও নিবপেক্ষ লোক তাহাকে অবজ্ঞা কবে ॥৪৬॥

---

(৪২)…উতাহো তেজ ইত্যুত ⋯বা ব কা নি।

সর্ব্বভূতানি চাপ্যস্য ন নমন্তি কদাচন।
তস্মান্নিত্যং ক্ষমা তাত। পণ্ডিতৈরপবাদিতা ॥৪৭॥
অবজ্ঞায় হিতং ভৃত্যা ভজন্তে বহুদোষতাম্।
আদাতুঞ্চাস্য বিত্তানি প্রার্থয়ন্তেঽল্পচেতসঃ ॥৪৮॥
যানং বস্ত্রাণ্যলঙ্কারান্ শয়নান্যাসনানি চ।
ভোজনান্যথ পানানি সর্ব্বোপকরণানি চ ॥৪৯॥
আদদীরন্নধিকৃতা যথাকামমচেতসঃ।
প্রদিষ্টানি চ দেয়ানি ন দদ্যুর্ভর্তৃশাসনাৎ ॥৫০॥ (যুগ্মকম্)
ন চৈনং ভর্তৃপূজাভিঃ পূজয়ন্তি কথঞ্চন।
অবজ্ঞানং হি লোকেঽস্মিন্ মরণাদপি গর্হিতম্ ॥৫১॥
ক্ষমিণং তাদৃশং তাত। ব্রুবন্তি কটুকান্যপি।
প্রেষ্যাঃ পুত্রাশ্চ ভৃত্যাশ্চ তথোদাসীনবৃত্তয়ঃ ॥৫২॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। অস্য ক্ষমাকারিণঃ সমীপে, ন নমন্তি নাবনতা ভবন্তি ॥৪৭॥

অবেতি। অবজ্ঞায় অবজ্ঞয়া বিহায়, হিতং প্রভোরিষ্টং বিষয়ম্ ॥৪৮॥

যানমিতি। শয়নানি শয্যাঃ। আদদীরন্ গৃহ্নীয়ুঃ, অধিকৃতাঃ কর্ম্মকরাঃ, প্রদিষ্টানি নির্দ্দিষ্টানি, ভর্তৃশাসনাৎ প্রভোরাদেশাৎ, দেয়ানি প্রজাভ্যো গৃহীতানি ধনাদীনি ॥৪৯—৫০॥

নেতি। ভর্তৃপূজাভিঃ প্রভুযোগ্যসম্মানৈঃ ন পূজয়ন্তি অধিকৃতা ইত্যনুবৃত্তিঃ ॥৫১॥

ভাবতভাবদীপঃ

ক্রোধঃ ॥৩৭—৪০॥ আগতাগমং প্রাপ্তরহস্যম্ ॥৪১—৪২॥ শ্রেয়ঃ প্রশস্ততরম্, অত্র ক্ষমা-তেজসোর্মধ্যে ॥৪৩—৪৬॥ অস্য এনম্ ॥৪৭—৪৯॥ অধিকৃতাঃ অন্নপানাদিসংরক্ষণে নিযুক্তাঃ,

---

এবং কখনও তাহাব নিকটে কোন লোক অবনত হয় না; অতএব বৎস! জ্ঞানী লোকেবা সর্ব্বদা ক্ষমা কবার নিন্দাই করিয়াছেন ॥৪৭॥

ক্ষুদ্রহৃদয় ভৃত্যেবা অবজ্ঞাপূর্ব্বক ঐ ক্ষমাকাবীর হিত না কবিয়া অহিতই কবে এবং উহাব সম্পত্তি লইবাব চেষ্টা কবে ॥৪৮॥

এবং হৃদয়বিহীন ভৃত্যেবা ঐ ক্ষমাকারীব যান, বস্ত্র, অলঙ্কার, শয্যা, আসন, খাদ্য, পেয় এবং সমস্ত উপকবণই ইচ্ছানুসাবে গ্রহণ করে এবং প্রভুব আদেশ অনুসারে নির্দ্দিষ্ট দেয় বস্তুও দেয় না ॥৪৯—৫০॥

এবং সেই ভৃত্যেবা প্রভুযোগ্য সম্মান দ্বাবাও কোন প্রকাবেই প্রভুকে সম্মানিত কবে না; সুতবাং এই জগতে অবজ্ঞাটা মবণ অপেক্ষাও গর্হিত ॥৫১॥

---

(৪৭) ..পণ্ডিতৈরপবর্জ্জিতা, কা, পণ্ডিতৈরপি বর্জ্জিতা, নি।

অপ্যস্য দারানিচ্ছন্তি পরিভূয় ক্ষমাবতঃ।
দারাশ্চাস্য প্রবর্ত্তন্তে যথাকামমচেতসঃ ॥৫৩॥
তথা চ নিত্যমুদিতা যদি নাল্পমপীশ্বরাৎ।
দণ্ডমর্হন্তি দুষ্যন্তি দুষ্টাশ্চাপ্যপকুর্ব্বতে ॥৫৪॥
এতে চান্যে চ বহবো নিত্যং দোষাঃ ক্ষমাবতাম্।
অথ বৈরোচনে। দোষানিমান্ বিদ্ধ্যক্ষমাবতাম্ ॥৫৫॥
অস্থানে যদি বা স্থানে সততং রজসা বৃতঃ।
ক্রুদ্ধো দণ্ডান্ প্রণয়তি বিবিধান্ স্বেন তেজসা ॥৫৬॥
মিত্রৈঃ সহ বিরোধঞ্চ প্রাপ্নুতে তেজসা বৃতঃ।
প্রাপ্নোতি দ্বেষ্যতাঞ্চৈব লোকাৎ স্বজনতস্তথা ॥৫৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

ক্ষমিণমিতি। কটুকানি বচনানি। প্রেষ্যাঃ প্রেষণীয়া দূতাদয়ঃ ॥৫২॥

অপীতি। কিঞ্চ প্রেষ্যাদয়ঃ পরিভূয় অবজ্ঞায় অস্য ক্ষমাবতো দারানপি ভোক্তুমিচ্ছন্তি। অস্য অচেতসো হৃদয়হীনা দারাশ্চ যথাকামং পরপুরুষেষু প্রবর্ত্তন্তে ॥৫৩॥

তথেতি। তথা চ ঈশ্বরাৎ স্বামিনঃ, যদি অল্পমপি দণ্ডম্, নার্হন্তি ন প্রাপ্নুবন্তি, তদা নিত্যমুদিতাস্তে দারাঃ, বঙ্গালয়াদাবপি গতা দুষ্যন্তি, তথা দুষ্টাশ্চাপি অপকুর্ব্বতে ॥৫৪॥

এত ইতি। বিদ্ধি জানীহি, অক্ষমাবতাং সর্ব্বদা তেজঃপ্রকাশয়তাম্ ॥৫৫॥

ভাবতভাবদীপঃ

প্রদিষ্টানি ইদমস্মৈ দেয়মিত্যাজ্ঞাপিতানি ॥৫০॥ এনং ক্ষমিণম্, ভর্ত্তৃপূজাভিঃ স্বাম্যুচিতমানেন ॥৫১—৫৩॥ নিত্যমুদিতাঃ নিত্যং হোলাকাদ্যুৎসবপরাঃ ॥৫৪—৫৫॥ তেজসা ক্রোধেন

তা'র পর, বৎস! কর্ম্মচারী, পুত্র, ভৃত্য এবং নিবপেক্ষ লোকেরা সেইরূপ সর্ব্বদা ক্ষমাশীল লোককে কটুবাক্যও বলিয়া থাকে ॥৫২॥

এমন কি, তাহাবা অবজ্ঞা কবিয়া সেই ক্ষমাশীল লোকের ভার্য্যাকেও লাভ কবিবার ইচ্ছা করে এবং তাহার হৃদয়হীন ভার্য্যাও ইচ্ছানুসাবে চলিতে থাকে ॥৫৩॥

আব, স্বামীব নিকট হইতে যদি অল্পমাত্রও দণ্ড না পায়, তবে সেই ভার্য্যা একেবাবে সর্ব্বদা আমোদে মগ্ন হইয়া দূষিত হয় এবং দূষিত হইয়া শেষে অপকাব পর্য্যন্ত করিতে থাকে ॥৫৪॥

বলি! সর্ব্বদা ক্ষমাশীল লোকদিগেব এই সকল দোষ এবং আবও বহুতর দোষ ঘটিয়া থাকে। আবার সর্ব্বদা অক্ষমাশীল লোকদিগেরও এই সকল দোষ শ্রবণ কব ॥৫৫॥

(৫৩) অথাস্য দারান্ · বা কা। (৫৭)…লোকেস্থাত্মন এব চ—পি।

সোঽবমানাদর্থহানিমুপালম্ভমনাদরম্।
সন্তাপদ্বেষমোহাংশ্চ শত্রূংশ্চ লভতে নরঃ ॥৫৮॥
ক্রোধাদ্দণ্ডান্ মনুষ্যেষু বিবিধান্ পুরুষো নয়ন্।
ভ্রশ্যতে শীঘ্রমৈশ্বর্য্যাৎ প্রাণেভ্যঃ স্বজনাদপি ॥৫৯॥
যোপকর্ত্তৄংশ্চ হন্তৄংশ্চ তেজসৈবোপগচ্ছতি।
তস্মাদুদ্বিজতে লোকঃ সর্পাদ্বেশ্মগতাদিব ॥৬০॥
যস্মাদুদ্বিজতে লোকঃ কথং তস্য ভবো ভবেৎ।
অন্তরং তস্য দৃষ্ট্বৈব লোকো বিকুরুতে ধ্রুবম্ ॥৬১॥
তস্মান্নাত্যুৎসৃজেত্তেজো ন চ নিত্যং মৃদুর্ভবেৎ।
কালে কালে তু সম্প্রাপ্তে মৃদুস্তীক্ষ্ণোঽপি বা ভবেৎ ॥৬২॥

ভাবতকৌমুদী

অস্থান ইতি। অস্থানে দণ্ডাযোগ্যে, স্থানে দণ্ডযোগ্যে। রজসা রজোগুণেন, "কাম এব ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ" ইত্যুক্তেরিতি ভাবঃ। তেজসা নৈত্যিকেন ॥৫৬—৫৭॥

স ইতি। স সর্ব্বত্র দণ্ডকারী নরঃ, অবমানাৎ পরাবমানকরণাৎ, উপালম্ভং নিন্দাম্ ॥৫৮॥

ক্রোধাদিতি। নয়ন্ প্রণয়ন্ কুর্ব্বন্নিতি যাবৎ। ঐশ্বর্য্যাৎ সম্পদঃ ॥৫৯॥

য ইতি। য উপকর্ত্তৄনিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। হন্তৄন্ অপকর্ত্তৄনিত্যর্থঃ, তেজসৈব উপগচ্ছতি সমানং ব্যবহরতি, তস্মাজ্জনাৎ। বেশ্মগতাদ্‌গৃহস্থিতাৎ ॥৬০॥

যস্মাদিতি। ভবো মঙ্গলম্। অন্তরং ছিদ্রম্। বিকুরুতে মিত্রমপি শত্রুর্ভবতি ॥৬১॥

রজোগুণসমন্বিত লোক ক্রুদ্ধ হইয়া অপন তেজে স্থানে বা অস্থানে সর্ব্বত্রই যদি নানাবিধ দণ্ড বিধান করে, তবে সে লোক বন্ধুদের সহিতও বিরোধ ঘটায় এবং সাধারণ লোক ও আত্মীয় লোকেরও বিদ্বেষভাজন হয় ॥৫৬—৫৭॥

স্থান ও অস্থান সর্ব্বত্রই দণ্ডকারী লোক পরের অপমান করায় অর্থহানি, নিন্দা, অনাদর, সন্তাপ, বিদ্বেষ ও মোহ প্রাপ্ত হয় এবং বহু লোকই তাহার শত্রু হয় ॥৫৮॥

মানুষ ক্রোধবশতঃ মানুষের প্রতি নানাপ্রকার দণ্ড করিতে থাকিয়া সত্বরই সম্পদ, বন্ধুজন এবং প্রাণ হইতে বিচ্যুত হয় ॥৫৯॥

যে ব্যক্তি, উপকারী ও অপকারী উভয়ের প্রতিই সমানভাবে দণ্ডপ্রয়োগ করে, গৃহস্থিত সর্পের ন্যায় সেই ব্যক্তি হইতে সকল লোকই উদ্বিগ্ন হয় ॥৬০॥

যে ব্যক্তি হইতে সকল লোক উদ্বিগ্ন হয়, কি করিয়া তাহার মঙ্গল হইতে পারে? কেন না, তাহার ছিদ্র দেখিয়াই লোক নিশ্চয়ই বিকৃত হইয়া পড়ে ॥৬১॥

---

(৫৯)…পুরুষোঽনয়াৎ…বা ব কা নি। (৬০) যোপকর্ত্তৄংশ্চ হর্ত্তৄংশ্চ…বা নি।

কালে মৃদুর্যো ভবতি কালে ভবতি দারুণঃ।
স বৈ সুখমবাপ্নোতি লোকেঽমুষ্মিন্নিহৈব চ ॥৬৩॥
ক্ষমাকালাংস্তু বক্ষ্যামি শৃণু মে বিস্তরেণ তান্।
যে তে নিত্যমসংত্যাজ্যা যথা প্রাহুর্মনীষিণঃ ॥৬৪॥
পূর্ব্বোপকারী যস্তে স্যাদপরাধে গরীয়সি।
উপকারেণ তত্তস্য ক্ষন্তব্যমপরাধিনঃ ॥৬৫॥
অবুদ্ধিমাশ্রিতানান্তু ক্ষন্তব্যমপরাধিনাম্।
ন হি সর্ব্বত্র পাণ্ডিত্যং সুলভং পুরুষেণ বৈ ॥৬৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ, অতি নিত্যং তেজো নোৎসৃজেৎ, নিত্যং মৃদুঃ কোমলশ্চ ন ভবেৎ। কালে সম্প্রাপ্তে মৃদুঃ, কালে সম্প্রাপ্তে তু তীক্ষ্ণোঽপি বা ভবেৎ ॥৬২॥

কাল ইতি। দারুণস্তীক্ষ্ণঃ। অমুষ্মিন্ পরস্মিন্, তথা ব্যবহারেণ ধর্ম্মোদয়াৎ ॥৬৩॥

ক্ষমেতি। যে ক্ষমাকালাঃ, তে তব, অসংত্যাজ্যা ক্ষমাকরণে অনতিবাহ্যাঃ ॥৬৪॥

পূর্ব্বেতি। যো জনঃ, তে তব, পূর্ব্বস্মিন্ কালে পূর্ব্বেষাং পুরুষাণাং বা উপকারী স্যাৎ, ইদানীং তস্য অপরাধিনঃ সতঃ, তস্মিংশ্চাপরাধে গরীয়স্যপি সতি, উপকারেণ পূর্ব্বোপকার-স্মরণেন, তৎ অপরাধিত্বং ক্ষন্তব্যম্, পূর্ব্বোপকারেণেদানীন্তনাপকারস্য পরিশোধাঙ্গীকারা-দিতি ভাবঃ ॥৬৫॥

অবুদ্ধিমিতি। অবুদ্ধিমাশ্রিতানামপরাধিনাম্ অজ্ঞানেন কৃতাপরাধানাং সম্বন্ধে তু ক্ষন্তব্যম্। হি যস্মাৎ, পুরুষেণ সর্ব্বত্র বিষয়ে, পাণ্ডিত্যমভিজ্ঞত্বম্, ন সুলভম্ ॥৬৬॥

ভারতভাবদীপঃ

॥৫৬—৫৭॥ উপালম্ভং ধিক্কারম্ ॥৫৮—৫৯॥ উপকর্তৄনিতি ছেদঃ। সন্ধিরার্ষঃ। উপকর্তৄন্ কোষাদিবৃদ্ধিকরান্, হন্তৄন্ চৌরান্ ॥৬০॥ ভব ঐশ্বর্য্যম্, অন্তরং ছিদ্রম্, বিকুরুতে প্রথয়তি ॥৬১—৬৩॥ অসংত্যাজ্যাঃ ক্রোধেনানতিক্রমণীয়াঃ ॥৬৪॥ পূর্ব্বেষাং পূর্ব্বকালে বা উপকারী

অতএব সর্ব্বদা তেজও প্রকাশ করিবে না এবং সর্ব্বদা মৃদুও হইবে না; কিন্তু যথাকালে মৃদু হইবে এবং যথাকালে তীক্ষ্ণ হইবে ॥৬২॥

যে লোক কালে মৃদু হয় এবং কালে তীক্ষ্ণ হয়, সে লোক ইহকালে ও পরকালে সুখলাভ করে ॥৬৩॥

বলি! যে ক্ষমাকালগুলি তোমার অপরিহার্য্য এবং যাহার কথা জ্ঞানীরা বলিয়াছেন, সেই ক্ষমাকালগুলি বিস্তরক্রমে তোমার নিকট বলিব; তুমি শ্রবণ কর ॥৬৪॥

যে লোক পূর্ব্বে তোমাব উপকার করিয়াছিল, সে যদি এখন অপরাধী হয় এবং সে অপবাধ গুরুতরও হয়, তথাপি সেই পূর্ব্ব উপকার স্মরণ কবিযা তাহার সম্বন্ধে ক্ষমা করা উচিত ॥৬৫॥

অথ চেদ্‌বুদ্ধিজং কৃত্বা ব্রূয়ুস্তে তদবুদ্ধিজম্‌।
পাপান্‌ স্বল্পেঽপি তান্‌ হন্যাদপরাধে তথাঽনৃজূন্‌ ॥৬৭॥
সর্ব্বস্যৈকোঽপবাধস্তে ক্ষন্তব্যঃ প্রাণিনো ভবেৎ।
দ্বিতীয়ে সতি বধ্যস্তু স্বল্পেঽপ্যপকৃতে ভবেৎ ॥৬৮॥
অজানতা ভবেৎ কশ্চিদপবাধঃ কৃতো যদি।
ক্ষন্তব্যমেব তস্যাহুঃ সুপবীক্ষ্য পরীক্ষয়া ॥৬৯॥
মৃদুনা দারুণং হন্তি মৃদুনা হন্ত্যদারুণম্‌।
নাসাধ্যং মৃদুনা কিঞ্চিত্তস্মাত্তীক্ষ্ণতরো মৃদুঃ ॥৭০॥

ভারতকৌমুদী

অথেতি। অথ তে অপরাধিনঃ, চেদ্‌বুদ্ধিজমপরাধং কৃত্বা, তদবুদ্ধিজং ব্রূয়ুঃ, তদা স্বল্পে অপরাধেঽপি, মিথ্যাবাদেনাপি পাপান্‌, অনৃজূন্‌ কুটিলান্‌ তান্‌, হন্যাদ্দণ্ডয়েৎ ॥৬৭॥

সর্ব্বস্যেতি। সর্ব্বস্যৈব প্রাণিনঃ, একঃ প্রাথমিকোঽপরাধঃ, তে তব, ক্ষন্তব্যো ভবেৎ, ক্ষমাযোগ্যশ্চেদিতি ভাবঃ। দ্বিতীয়ে অপকৃতে স্বল্পেঽপি সতি, বধ্যো দণ্ডনীয়ো ভবেৎ ॥৬৮॥

"অবুদ্ধিমাশ্রিতানাঞ্চ" ইত্যুক্তবিষয়ে পরীক্ষণরূপং বিশেষমাহ—অজানতেতি। অজানতা জনেন, যদি কশ্চিদপরাধঃ কৃতো ভবেৎ, তদা পরীক্ষয়া পরীক্ষাসাধকেন প্রমাণেন, সুপরীক্ষ্য অজানত্বং জানত্বং বা সম্যক্‌ পর্য্যালোচ্য, তস্য ক্ষন্তব্যমেবেত্যাহুর্জ্ঞানিনঃ ॥৬৯॥

মৃদুনেতি। মৃদুনা কোমলব্যবহারেণ, দারুণং তীক্ষ্ণমপি জনম্‌, হন্তি বশীকরোতি; তথা মৃদুনা ব্যবহারেণ, অদারুণং কোমলমপি জনম্‌, হন্তি আয়ত্তীকরোতি। অতএব মৃদুনা ব্যবহারেণ অসাধ্যং কিঞ্চিদপি নাস্তি। তস্মান্মৃদুর্জনঃ, তীক্ষ্ণতর এব, তৎকার্য্যকরণাৎ ॥৭০॥

যাহাবা না বুঝিয়া অপরাধ কবে, তাহাদের সম্বন্ধেও ক্ষমা কবা উচিত। কেন না, মানুষেব সমস্ত বিষয় জানা সম্ভবপব নহে ॥৬৬॥

তবে, যাহাবা জানিয়া শুনিয়া অপবাধ করিয়া বলে যে, না জানিয়া কবিয়াছি; সেই পাপিষ্ঠ কুটিলপ্রকৃতি লোকদিগকে অল্প অপরাধেও দণ্ড করিবে ॥৬৭॥

আব, তুমি সকল লোকেবই প্রথম অপবাধ ক্ষমা কবিবে; কিন্তু দ্বিতীয় অপবাধ অল্প হইলে দণ্ড কবিবে ॥৬৮॥

যদি কোন লোক না জানিযা কোন অপবাধ কবে, তবে তুমি প্রমাণ দ্বারা বিশেষ পবীক্ষা কবিয়া ক্ষমাই কবিবে ॥৬৯॥

কোমল ব্যবহাবে তীক্ষ্ণ লোককেও বশ কবা যায় এবং কোমল লোককেও বশ কবা যায; সুতরাং কোমল ব্যবহাবেব অসাধ্য কিছুই নাই; অতএব কোমলব্যবহাবকারী লোকই অতিতীক্ষ্ণ ॥৭০॥

---

(৭০)···তস্মাত্তীব্রতরং মৃদু—বা ব কা নি।

দেশকালৌ তু সংপ্রেক্ষ্য বলাবলমথাত্মনঃ।
অন্বীক্ষ্য কারণঞ্চৈব কার্য্যং তেজঃ ক্ষমাপি বা ॥৭১॥
নাদেশকালে কিঞ্চিৎ স্যাদ্দেশকালৌ প্রতীক্ষতাম্।
তথা লোকভয়াচ্চৈব ক্ষন্তব্যমপরাধিনঃ ॥৭২॥
এত এবংবিধাঃ কালাঃ ক্ষমায়াঃ পরিকীর্ত্তিতাঃ।
অতোহন্যথানুবর্ত্তৎসু তেজসঃ কাল উচ্যতে ॥৭৩॥
তদহং তেজসঃ কালং তব মন্যে নরাধিপ!।
ধার্ত্তরাষ্ট্রেষু লুব্ধেষু সততঞ্চাপকারিষু ॥৭৪॥
নহি কশ্চিৎ ক্ষমাকালো বিদ্যতেহদ্য কুরূন্ প্রতি।
তেজসশ্চাগতে কালে তেজ উৎস্রষ্টুমর্হসি ॥৭৫॥

ভারতকৌমুদী

দেশেতি। অন্বীক্ষ্য পর্য্যালোচ্য, কারণমপরাধস্য হেতুম্ ॥৭১॥

নেতি। দেশকালয়োরবশ্যাপেক্ষণীয়ত্বার্থং পূর্ব্বার্দ্ধং পুনরুক্তম্। লোকভয়াৎ লোক-নিন্দাভয়াৎ, অপরাধিনো গুর্ব্বাদেঃ সম্বন্ধে যথাসম্ভবং ক্ষন্তব্যম্ ॥৭২॥

এত ইতি। অত এভ্যঃ, অন্যথা অন্যঃ, অনুবর্ত্তৎসু অপরাধে প্রবর্ত্তমানেষু জনেষু। ইত্যন্তং প্রহ্লাদবাক্যম্ ॥৭৩॥

তদিতি। কালম্ ইমং সময়ম্। সততঞ্চাপকারিষু, ভীমসেনাদৌ বিষাদিদানাৎ জতুগৃহদাহাদিতশ্চেতি ভাবঃ। এতেন পূর্ব্বোপকারিত্বাভাবো দর্শিতঃ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

উপকর্ত্তা ॥৬৫॥ অবুদ্ধিং মৌঢ্যম্ ॥৬৬—৬৭॥ অপকৃতে অপকারে ॥৬৮—৬৯॥ মৃদুনা সাম্না ॥৭০॥ সামাপি দেশকালাপেক্ষয়ৈব কর্ত্তব্যমিত্যাহ—দেশেতি ॥৭১—৭৪॥ উৎস্রষ্টুং প্রয়োক্তুম্ ॥৭৫—৭৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশোহধ্যায়ঃ ॥২৪॥

দেশ, কাল এবং নিজের সবলতা ও দুর্ব্বলতার পর্য্যালোচনা করিয়া এবং অপরাধের কারণ অনুসন্ধান করিয়া তেজ বা ক্ষমা করিবে ॥৭১॥

দেশ ও কাল না হইলে কিছুই হয় না; অতএব তুমি দেশ ও কালের প্রতীক্ষা করিবে। আর এক কথা, লোকনিন্দার ভয়েও অপরাধীর প্রতি ক্ষমা করিবে ॥৭২॥

বলি! জ্ঞানীরা এই প্রকার এইগুলিকেই ক্ষমার কাল বলিয়াছেন, আর এতদ্ভিন্ন কাল অপরাধীর প্রতি তেজপ্রকাশের কাল কহিয়াছেন” ॥৭৩॥

অতএব মহারাজ! লুব্ধস্বভাব এবং সর্ব্বদা অপকারী ধৃতরাষ্ট্রপুত্রগণের প্রতি আপনার তেজপ্রকাশেরই এইটা কাল, ইহা আমি মনে করি ॥৭৪॥

---

(৭১) দ্বিতীয়ার্দ্ধং নাস্তি—নি। (৭৩) এবং বহুবিধাঃ কালাঃ পি।

মৃদুর্ভবত্যবজ্ঞাতস্তীক্ষ্ণাদুদ্বিজতে জনঃ।
কালে প্রাপ্তে দ্বয়ঞ্চৈতদ্‌যো বেদ স মহীপতিঃ॥৭৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্রৌপদীবাক্যে চতুর্বিংশোঽধ্যায়ঃ॥০॥ *

—:*:—

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

ক্রোধো হন্তা মনুষ্যাণাং ক্রোধো ভাবয়িতা পুনঃ।
ইতি বিদ্ধি মহাপ্রাজ্ঞে। ক্রোধমূলৌ ভবাভবৌ॥১॥

ভারতকৌমুদী

নহীতি। তেজঃ ক্রোধপ্রভাবম্, উৎস্রষ্টুং দুর্য্যোধনাদিষু প্রকাশয়িতুম্॥৭৫॥

মৃদুরিতি। কালে স্বস্বযোগ্যসময়ে। বেদ জানাতি। মহীপতির্বাস্তবিকো রাজা॥৭৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে চতুর্বিংশোঽধ্যায়ঃ॥০॥

—:*:—

ক্রোধ ইতি। হে মহাপ্রাজ্ঞে। ক্রোধঃ, অস্থানে প্রযুক্ত ইতি ভাবঃ, মনুষ্যাণাং ক্রোধকর্ত্তৃণাং জনানাম্, হন্তা পরদ্বারা নাশয়িতা, পুনঃ ক্রোধঃ, স্থানে প্রযুক্তঃ সহিতো বা ইত্যাশয়ঃ, ভাবয়িতা মঙ্গলসম্পাদয়িতা। ইতি হেতোঃ, ভবাভবৌ শুভাশুভে, ক্রোধমূলৌ বিদ্ধি জানীহি। "ভবঃ ক্ষেমশসংসারে সত্তায়াং প্রাপ্তিজন্মনোঃ" ইতি মেদিনী॥১॥

আজ কৌরবগণের প্রতি কোন ক্ষমার কালই নাই, তেজপ্রকাশ করিবার কালই উপস্থিত হইয়াছে; সুতরাং তেজই প্রকাশ করুন॥৭৫॥

মৃদুলোক সকলেরই অবজ্ঞার পাত্র হয়, আবার তীক্ষ্ণলোক হইতে সকলেই উদ্বিগ্ন হয়; সুতরাং উপযুক্ত সময় উপস্থিত হইলে যে রাজা তেজ ও ক্ষমা—এই দুইটাকেই প্রয়োগ করিতে জানেন, তিনিই বাস্তবিক রাজা"॥৭৬॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—"মহাপ্রাজ্ঞে! তুমি জানিয়া রাখ যে, ক্রোধ মানুষের হন্তা হয়, আবার ক্রোধ মঙ্গলও সম্পাদন করে; অতএব মঙ্গল ও অমঙ্গল এক ক্রোধ হইতেই হইয়া থাকে॥১॥

---

* '...অষ্টাবিংশোঽধ্যায়ঃ'—বা ব কা নি।

যো হি সংসহতে ক্রোধং ভবস্তস্য সুশোভনে।
যঃ পুনঃ পুরুষঃ ক্রোধং নিত্যং ন সহতে শুভে ! ॥২॥
তস্যাভবায় ভবতি ক্রোধঃ পরমদারুণঃ।
ক্রোধমূলো বিনাশো হি প্রজানামিহ দৃশ্যতে ॥৩॥ (যুগ্মকম্)
তৎ কথং মাদৃশঃ ক্রোধং বিসৃজেল্লোকনাশনম্।
ক্রুদ্ধঃ পাপং নরঃ কুর্য্যাৎ ক্রুদ্ধো হন্যাদ্‌গুরূনপি ॥৪॥
ক্রুদ্ধঃ পরুষয়া বাচা শ্রেয়সোঽপ্যবমন্যতে।
বাচ্যাবাচ্যে হি কুপিতো ন প্রজানাতি কর্হিচিৎ ॥৫॥
নাকার্য্যমস্তি ক্রুদ্ধস্য নাবাচ্যং বিদ্যতে তথা।
তত ইতি। কাম্যকং বনম্। পদানুগৈরনুচরৈঃ সহেতি সপদানুগাঃ ॥৪৩॥
তত্রেতি। বেদং বেদধ্বনিম্। নিত্যং প্রত্যহম্। নির্বপন্তস্তন্মাংসং দদতঃ ॥৪৪—৪৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

যুধিষ্ঠির বেদব্যাসের বাক্যে আনন্দিত হইয়া সেই দ্বৈতবন হইতে সরস্বতী-নদীর তীরবর্ত্তী কাম্যকবনে গমন করিলেন ॥৪১॥

মহারাজ! দেবর্ষিরা যেমন দেবরাজের অনুগমন করেন, সেইরূপ বেদ-প্রভৃতি শাস্ত্রে সুনিপুণ ও তপস্বী ব্রাহ্মণেরা যুধিষ্ঠিরের অনুগমন করিলেন ॥৪২॥

তাহার পর, ভরতবংশশ্রেষ্ঠ ও মহাত্মা পাণ্ডবেরা মন্ত্রী ও অনুচরবর্গের সহিত পুনরায় কাম্যকবনে যাইয়া বাস করিতে লাগিলেন ॥৪৩॥

রাজা! উদারচেতা ও ধনুর্ব্বেদপরায়ণ সেই মহাবীর পাণ্ডবগণ মনোহর বেদধ্বনি শ্রবণ করিতেন, মৃগমাংসার্থী হইয়া প্রত্যহ নির্ম্মল বাণ দ্বারা মৃগয়া করিতেন এবং সেই মৃগমাংস যথাবিধানে পিতৃলোক, দেবতা ও ব্রাহ্মণগণকে দান করিতেন; এইভাবে কিছু কাল কাম্যকবনে বাস করিলেন ॥৪৪—৪৫॥

---

(৪২)···শিক্ষাক্ষরবিদস্তথা···পি। (৪৩)···সামাত্যাঃ সপরিচ্ছদাঃ—বা ব কা।

* '···ষট্‌ত্রিংশত্তমোঽধ্যায়ঃ—বা ব কা নি।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

কস্যচিত্ত্বথ কালস্য ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
সংস্মৃত্য মুনিসন্দেশমিদং বচনমব্রবীৎ ॥১॥
বিবিক্তে বিদিতপ্রজ্ঞমর্জ্জুনং পুরুষর্ষভম্।
সান্ত্বপূর্ব্বং স্মিতং কৃত্বা পাণিনা পরিসংস্পৃশন্ ॥২॥ (যুগ্মকম্)
স মুহূর্ত্তমিব ধ্যাত্বা বনবাসমরিন্দমঃ।
ধনঞ্জয়ং ধর্ম্মরাজো রহসীদমুবাচ হ ॥৩॥
ভীষ্মে দ্রোণে কৃপে কর্ণে দ্রোণপুত্রে চ ভারত!।
ধনুর্ব্বেদশ্চতুষ্পাদ এতেম্বদ্য প্রতিষ্ঠিতঃ ॥৪॥
ব্রাহ্মং দৈবং মানুষঞ্চ বায়ব্যং সচিকিৎসিতম্।
সর্ব্বাস্ত্রাণাং প্রয়োগঞ্চ প্রতিজানন্তি কৃৎস্নশঃ ॥৫॥

ভারতকৌমুদী

কস্যচিদিতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। মুনিসন্দেশং ব্যাসোপদেশম্। বিবিক্তে নির্জ্জনে, বিদিতা লব্ধা প্রজ্ঞা দুর্য্যোধনপক্ষাপেক্ষয়া স্বপক্ষাপকর্ষজ্ঞানং যেন তম্ ॥১—২॥

উক্তমপ্যর্থং কিঞ্চিদ্বিশেষসূচনায় পুনরাহ—স ইতি। বনবাসমর্জ্জুনস্য বনান্তরে বাসক্লেশম্, ধ্যাত্বা বিচিন্ত্য। রহসি নির্জ্জনে ॥৩॥

ভীষ্ম ইতি। গ্রহণ-সন্ধান-নিক্ষেপোপসংহারাত্মকাশ্চত্বারঃ পাদা যস্য সঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

কস্যচিদিতি। কস্যচিৎ কস্মিংশ্চিৎ ॥১—৩॥ বনবাসং দ্রৌপদীবিয়োগম্—"গৃহিণী গৃহমুচ্যতে" ইতি স্মৃতেঃ ॥৩॥ চতুষ্পাদঃ আদানসন্ধানবিসর্গসংহারাশ্চত্বারঃ পাদা যস্য ॥৪॥ দৈবমিন্দ্রবরুণাদ্য-

---

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কিছুকাল অতীত হইলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির বেদব্যাসের উপদেশ স্মরণ করিয়া বিদিতবিষয় পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনকে নির্জ্জনে লইয়া যাইয়া, হস্তদ্বারা তাঁহার অঙ্গ স্পর্শ করিয়া, সান্ত্বনাপূর্ব্বক সহাস্যবদনে এই কথা বলিলেন ॥১—২॥

অরিন্দম যুধিষ্ঠির কিঞ্চিৎকাল অর্জ্জুনের একাকী বনান্তরবাসের বিষয় চিন্তা করিয়া, নির্জ্জনে তাঁহাকে এই কথা বলিলেন—॥৩॥

"ভরতনন্দন! ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ ও অশ্বত্থামা—এই কয়জনের উপরে চতুষ্পাদ ধনুর্ব্বেদই রহিয়াছে ॥৪॥

---

(২)…পুরুষর্ষভ।…বা ব কা নি। (৩) শ্লোকাৎ পরম্ 'যুধিষ্ঠির উবাচ'—বা ব কা দি।

তে সর্ব্বে ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ পরিসান্ত্বিতাঃ।
সংবিভক্তাশ্চ তুষ্টাশ্চ গুরুবত্তেষু বর্ত্ততে ॥৬॥
সর্ব্বযোধেষু চৈবাস্য সদা প্রীতিরনুত্তমা।
আচার্য্যা মানিতাস্তুষ্টাঃ শান্তিং ব্যবহরন্ত্যুত ॥৭॥
শক্তিং ন হাপয়িষ্যন্তি তে কালে প্রতিপূজিতাঃ।
অদ্য চেয়ং মহী কৃৎস্না দুর্য্যোধনবশানুগা ॥৮॥
সগ্রামনগরা পার্থ! সসাগরবনাকরা।
ভবানেব প্রিয়োঽস্মাকং ত্বয়ি ভারঃ সমাহিতঃ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ব্রাহ্মমিতি। চিকিৎসিতেন পরপ্রযুক্তাস্ত্রাণাং প্রতীকারেণ সহেতি তং প্রয়োগম্ ॥৫॥

ত ইতি। সংবিভক্তাঃ সম্যগ্ বিভজ্য সেবিতাঃ। গুরুবৎ গুরুম্বিব ॥৬॥

সর্ব্বেতি। সর্ব্বযোধেষু অন্যেষু সর্ব্বযোদ্ধৃষু, অস্য দুর্য্যোধনস্য ॥৭॥

শক্তিমিতি। ন হাপয়িষ্যন্তি ন ত্যক্ষ্যন্তি, অপি তু প্রযোজয়িষ্যন্ত্যেব, তে ভীষ্মাদয়ঃ। ভারঃ সমাহিতঃ অস্মাভির্বর্পিতঃ, সর্ব্বথা বহনযোগ্যত্বাদিতি ভাবঃ ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

স্ত্রম্, ব্রাহ্মং ব্রহ্মাস্ত্রম্, মানুষং ধনুর্ব্বাণাদি, যন্ত্রো গ্রহণধারণপ্রয়োগরূপঃ, চিকিৎসা পরপ্রযুক্তানামেষাং প্রতীকারং, এবং তে সর্ব্বাস্ত্রাণাং প্রয়োগমভিতঃ সাকল্যেন জানন্তি ॥৫॥ গুরুবৎ গুরুম্বিব ॥৬॥ শান্তিং দোষপরিহারং কর্ত্তুম্, ব্যবহরন্তি যতন্তে ॥৭॥ শক্তিং সামর্থ্যম্, ন হাপয়ি-

আর, ইঁহারা ব্রাহ্ম, দৈব, মানুষ ও বায়ব্য অস্ত্র সর্ব্বপ্রকারে জানেন এবং অন্য সমস্ত অস্ত্রেরও প্রয়োগ ও প্রতীকার অবগত আছেন ॥৫॥

দুর্য্যোধন তাঁহাদের সকলেরই অনুনয় করিতেছে, পৃথক্ পৃথক্ ভাবে সেবা করিতেছে, সন্তোষ জন্মাইতেছে এবং গুরুর নিকট যেমন থাকিতে হয়, তেমনই তাঁহাদের নিকট থাকিতেছে ॥৬॥

অন্যান্য যোদ্ধাদের উপরেও দুর্য্যোধনের সর্ব্বদা অসাধারণ প্রীতি রহিয়াছে এবং আচার্য্যেরাও সম্মানিত ও সন্তুষ্ট হইয়া উহার সহিত শান্ত ব্যবহারই করিতেছেন ॥৭॥

সুতরাং সম্মানিত সেই ভীষ্মপ্রভৃতি সময় উপস্থিত হইলে আপন আপন শক্তি ত্যাগ করিবেন না (আমাদের বিপক্ষে প্রয়োগই করিবেন)। তা'র পর, অর্জ্জুন! বর্ত্তমান সময়ে গ্রাম, নগর, সমুদ্র, বন ও আকরের সহিত এই সমগ্র পৃথিবীটাই দুর্য্যোধনের বশবর্ত্তিনী হইয়াছে। এদিকে তুমিই আমার প্রিয়; তাই তোমার উপরেই আমাদের ভার অর্পণ করিয়াছি ॥৮—৯॥

(৯)···ত্বয়ি ভারঃ সমাহিতঃ—কা। অত্র কৃত্যম্···বা ব কা নি।

তত্র কৃত্যং প্রবক্ষ্যামি প্রাপ্তকালমরিন্দম !।
কৃষ্ণদ্বৈপায়নাত্তাত ! গৃহীতোপনিষন্ময়া ॥১০॥
তয়া প্রযুক্তয়া সম্যগ্‌ জগৎ সর্ব্বং প্রকাশতে।
তেন ত্বং ব্রহ্মণা তাত ! সংযুক্তঃ সুসমাহিতঃ ॥১১॥
দৈবতানাং যথাকালং প্রসাদং প্রতিপাদয়।
তপসা যোজয়াত্মানমুগ্রেণ ভরতর্ষভ ! ॥১২॥ (যুগ্মকম্)
ধনুষ্মান্‌ কবচী খড়্গী মুনিঃ সাধুব্রতে স্থিতঃ।
ন কস্যচিদ্দদন্মার্গং গচ্ছ তাতোত্তরাং দিশম্‌ ॥১৩॥
ইন্দ্রে হ্যস্ত্রাণি দিব্যানি সমস্তানি ধনঞ্জয় !।
বৃত্রাদ্ভীতৈর্বলং দেবৈস্তদা শক্রে সমর্পিতম্‌ ॥১৪॥
তান্যেকস্থানি সর্ব্বাণি ততস্ত্বং প্রতিপৎস্যসে।
শক্রমেব প্রপদ্যস্ব স তেঽস্ত্রাণি প্রদাস্যতি ॥১৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। কৃত্যং কর্ত্তব্যম্‌। উপনিষৎ ঐন্দ্রো বৈদিকো মন্ত্রঃ ॥১০॥

তয়েতি। প্রকাশতে চিত্তে স্ফুরতি। ব্রহ্মণা বৈদিকমন্ত্রেণ, সংযুক্তঃ সমন্বিতঃ, সুসমাহিতঃ সম্যগেকাগ্রচিত্তঃ। প্রসাদমাত্মন্যনুগ্রহম্‌ ॥১১—১২॥

ধনুষ্মানিতি। কস্যচিদপি শত্রুতয়া সন্দিহ্যমানস্য প্রাণিনঃ, মার্গমাক্রমণপথম্‌ ॥১৩॥

ইন্দ্র ইতি। দিব্যানি স্বর্গীয়াণি। বৃত্রাদসুরাৎ, বলং স্বস্বশক্তিঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

যন্তি ত্যাজয়িষ্যন্তি অপি তু উদ্দীপয়িষ্যন্তি ॥৮—৯॥ উপনিষৎ রহস্যবিদ্যা ॥১০—১১॥ প্রতিপাদয় প্রাপ্নুহি ॥১২॥ মার্গং ন দদৎ অদদৎ ॥১৩॥ বলং সর্ব্বাস্ত্ররূপম্‌ ॥১৪॥ ততঃ শক্রাৎ

অরিন্দম বৎস! সে বিষয়ের সময়ও উপস্থিত হইয়াছে; তাই কর্ত্তব্য বিষয় তোমাকে বলিতেছি। আমি বেদব্যাসের নিকট হইতে একটী বৈদিক মন্ত্র লাভ করিয়াছি ॥১০॥

বৎস। ভরতশ্রেষ্ঠ! সেই মন্ত্রটী যথানিয়মে প্রয়োগ করিলে, সমগ্র জগৎটাই চিত্তে প্রকাশিত হয়; অতএব তুমি সেই মন্ত্রটী গ্রহণ করিয়া, একাগ্রচিত্ত হইয়া, ভয়ঙ্কর তপস্যা কর এবং যথাকালে দেবতাদের প্রসন্নতা সম্পাদন কর ॥১১—১২॥

বৎস! তুমি ধনু, কবচ ও খড়্গ ধারণপূর্ব্বক কাহাকেও আক্রমণের পথ না দিয়া, মুনি হইয়া, সাধুর নিয়মে থাকিয়া, উত্তর দিকে গমন কর ॥১৩॥

অর্জ্জুন! স্বর্গীয় সমস্ত অস্ত্রই ইন্দ্রের জানা আছে এবং দেবতারা বৃত্রাসুরের ভয়ে আপন আপন শক্তি ইন্দ্রের উপরে সমর্পণ করিয়াছিলেন ॥১৪॥

দীক্ষিতোঽদ্যৈব গচ্ছ ত্বং দ্রষ্টুং দেবং পুরন্দরম্ ।

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্ত্বা ধর্ম্মরাজস্তমধ্যাপয়ত প্রভুঃ ॥১৬॥

দীক্ষিতং বিধিনানেন যতবাক্‌কায়মানসম্ ।

অনুজজ্ঞে তদা বীরং ভ্রাতা ভ্রাতরমগ্রজঃ ॥১৭॥

নিদেশাদ্ধর্ম্মরাজস্য দ্রষ্টুকামঃ পুরন্দরম্ ।

ধনুর্গাণ্ডীবমাদায় তথাক্ষয্যে মহেষুধী ॥১৮॥

কবচী সতনুত্রাণো বদ্ধগোধাঙ্গুলিত্রবান্ ।

হুতাগ্নির্ব্রাহ্মণান্ নিষ্কৈঃ স্বস্তি বাচ্য মহাভুজঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তানীতি। ততঃ শক্রাৎ, প্রতিপৎস্যসে লপ্স্যসে। প্রপদ্যস্ব প্রাপ্নুহি ॥১৫॥

দীক্ষিত ইতি। তমর্জ্জুনম্, অধ্যাপয়ত অপাঠয়ত, প্রভুর্ধর্ম্মপ্রভাববান্ ॥১৬॥

দীক্ষিতমিতি। যতানি সংযতানি বাক্‌কায়মানসানি যেন তম্। অনুজজ্ঞে গন্তুম্ ॥১৭॥

নিদেশাদিতি। নিদেশাদাদেশাৎ। কবচী রক্ষাকবচধারী, তনুত্রাণেন লৌহময়গাত্রা-

ভারতভাবদীপঃ

॥১৫॥ দীক্ষিতঃ স্বীকৃতব্রতঃ, অধ্যাপয়ত বিদ্যয়া যোজিতবান্ ॥১৬॥ অনুজজ্ঞে গমনায়ানু-

অতএব সেই সমস্ত অস্ত্রই একস্থানে রহিয়াছে; সুতরাং তুমি ইন্দ্রের নিকট হইতে সেগুলি লাভ করিতে পারিবে, অতএব ইন্দ্রেরই শরণাপন্ন হও, তিনি তোমাকে অস্ত্র দান করিবেন ॥১৫॥

অতএব তুমি দীক্ষিত হইয়া ইন্দ্রকে দর্শন করিবার জন্য অদ্যই গমন কর"। বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া ধর্ম্মপ্রভাবশালী যুধিষ্ঠির অর্জ্জুনকে সেই মন্ত্রটী শিক্ষা দিলেন ॥১৬॥

অর্জ্জুনও বাক্য, শরীর ও মনকে সংযত করিয়া যথাবিধানে দীক্ষিত হইলেন; তখন জ্যেষ্ঠভ্রাতা যুধিষ্ঠির কনিষ্ঠভ্রাতা অর্জ্জুনকে যাইবার অনুমতি করিলেন ॥১৭॥

তখন মহাবাহু অর্জ্জুন ধর্ম্মরাজের আদেশে ইন্দ্রের দর্শনার্থী হইয়া, গাণ্ডীব ধনু এবং দুইটী অক্ষয় তূণ লইয়া, কবচ, তনুত্র, গোধা ও অঙ্গুলিত্র ধারণপূর্ব্বক অগ্নিতে হোম করিয়া এবং একশত আটটী সুবর্ণ দক্ষিণা দিয়া ব্রাহ্মণগণ দ্বারা

(১৭)…ধৃতবাক্‌কায়মানসম্…বা ব কা। (১৮)…দ্রষ্টুং দেবং পুরন্দরম্…পি নি।
(১৯) কবচী সতলত্রাণঃ…বা ব কা নি।

প্রাতিষ্ঠত মহাবাহুঃ প্রগৃহীতশরাসনঃ।
বধায় ধার্ত্তরাষ্ট্রাণাং নিশ্বস্যোর্দ্ধমুদীক্ষ্য চ ॥২০॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা তত্র কৌন্তেয়ং প্রগৃহীতশরাসনম্।
অব্রুবন্ ব্রাহ্মণাঃ সিদ্ধা ভূতান্যন্তর্হিতানি চ।
ক্ষিপ্রমাপ্নুহি কৌন্তেয়! মনসা যদ্‌যদিচ্ছসি ॥২১॥
অব্রুবন্ ব্রাহ্মণাঃ পার্থমিতি কৃত্বা জয়াশিষঃ।
সংসাধয়স্ব কৌন্তেয়! ধ্রুবোঽস্তু বিজয়স্তব ॥২২॥
তং তথা প্রস্থিতং বীরং শালস্কন্ধোরুমর্জ্জুনম্।
মনাংস্যাদায় সর্ব্বেষাং কৃষ্ণা বচনমব্রবীৎ ॥২৩॥
যত্তে কুন্তী মহাবাহো! জাতস্যৈচ্ছদ্ধনঞ্জয়!।
তত্তেঽস্তু সর্ব্বং কৌন্তেয়! যথা চ স্বয়মিচ্ছসি ॥২৪॥

ভারতকৌমুদী

ববণেন সহেতি সতনুত্রাণঃ, বদ্ধা ধৃতা গোধা মণিবন্ধাবরণচর্ম্মপট্টিকা যেন স চাসৌ অঙ্গুলিত্র-বাংশ্চেতি সঃ। নিষ্কৈঃ অষ্টোত্তরশতসুবর্ণৈস্তদ্দানৈরিত্যর্থঃ ॥১৮—২০॥

তমিতি। অন্তর্হিতানি অদৃশ্যানি, ভূতানি দেবদূতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

অব্রুবন্নিতি। পূর্ব্বং সিদ্ধা ব্রাহ্মণাঃ, অত্র তু তদিতরে ইত্যপৌনরুক্ত্যম্ ॥২২॥

তমিতি। সর্ব্বেষাং মনাংস্যাদায় প্রস্থিতমিতি সম্বন্ধঃ, অতীবস্নেহপাত্রত্বাদিতি ভাবঃ। শালস্য বৃক্ষস্য স্কন্ধঃ শাখাবস্তুদেশস্তদ্বৎ উরুং দীর্ঘম্ ॥২৩॥

যদিতি। জাতস্য প্রসূতমাত্রস্য। স্বয়ঞ্চ যথা ইচ্ছসি তচ্চাস্তু ইত্যর্থঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

জ্ঞাতবান্ ॥১৭—২১॥ ইতি বক্ষ্যমাণমব্রুবন্ ॥২২—২৩॥ যৎ মঙ্গলং তে তব ॥২৪—২৫॥

স্বস্তি পাঠ করাইয়া, নিশ্বাস ত্যাগপূর্ব্বক ঊর্দ্ধদিকে দৃষ্টিপাত করিয়া, ধার্ত্তরাষ্ট্রগণের বধের জন্য প্রস্থান করিলেন ॥১৮—২০॥

তখন অর্জ্জুনকে ধনুর্ধারণপূর্ব্বক প্রস্থান করিতে দেখিয়া অণিমাদিসিদ্ধ ব্রাহ্মণগণ এবং অদৃশ্য প্রাণিগণ এই কথা বলিলেন যে, "কুন্তীনন্দন। আপনি মনে যাহা যাহা ইচ্ছা করিতেছেন, তাহা তাহাই সত্বর লাভ করুন" ॥২১॥

আর অন্যান্য ব্রাহ্মণেরা জয়াশীর্ব্বাদ করিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন যে, "কুন্তীনন্দন! আপনি কার্য্য সাধন করুন এবং আপনার নিশ্চিত জয় হউক" ॥২২॥

শালবৃক্ষের স্কন্ধের ন্যায় দীর্ঘাকৃতি ও মহাবীর অর্জ্জুন সকলের মন লইয়া প্রস্থান করিলে, দ্রৌপদী তাঁহাকে বলিলেন—॥২৩॥

(২৩) শ্লোকাৎ পরম্ 'কৃষ্ণোবাচ'…বা ব কা পি।

মাস্মাকং ক্ষত্রিয়কুলে জন্ম কশ্চিদবাপ্নুয়াৎ।
ব্রাহ্মণেভ্যো নমো নিত্যং যেষাং ভৈক্ষ্যেণ জীবিকা ॥২৫॥
ইদং মে পরমং দুঃখং যঃ স পাপঃ সুযোধনঃ।
দৃষ্ট্বা মাং গৌরিতি প্রাহ প্রহসন্ রাজসংসদি ॥২৬॥
তস্মাদ্দুঃখাদিদং দুঃখং গরীব ইতি মে মতিঃ।
যত্তৎ পরিষদো মধ্যে বহ্বযুক্তমভাষত ॥২৭॥
নূনং তে ভ্রাতরঃ সর্ব্বে ত্বৎকথাভিঃ প্রজাগরে।
রংস্যন্তে বীর! কর্ম্মাণি কথয়ন্তঃ পুনঃ পুনঃ ॥২৮॥
নৈব নঃ পার্থ! ভোগেষু ন ধনে নোত জীবিতে।
তুষ্টির্বুদ্ধির্ভবিত্রী বা ত্বয়ি দীর্ঘপ্রবাসিনি ॥২৯॥

ভারতকৌমুদী

মেতি। যুদ্ধাদিদারুণব্যাপারসম্ভবান্নিকৃষ্টং ক্ষত্রিয়কুলে জন্মেত্যাশয়ঃ ॥২৫॥
ইদমিতি। গৌর্গোস্বরূপা ত্বং বহুব্যক্তিভোগ্যত্বাদিতি ভাবঃ ॥২৬॥
তস্মাদিতি। বহ্বযুক্তম্—ময়ি দাসীপ্রভৃতি যুষ্মাসু চ গোপ্রভৃতি পদম্ ॥২৭॥
নূনমিতি। রংস্যন্তে আত্মবিনোদং করিষ্যন্তি। কর্ম্মাণি তব চরিত্রাণি ॥২৮॥
নেতি। নোঽস্মাকং মম ত্বিত্যর্থঃ। তুষ্টিঃ সন্তোষঃ, বুদ্ধিরিচ্ছা ॥২৯॥

ভারতভাবদীপঃ

গৌরিতি বহুপুরুষভোগ্যেত্যুপহাসঃ ॥২৬॥ অভাষত শক্রর্থং তস্মাৎ দুঃখাদিদং ত্বদ্বিয়োগজ-

"মহাবাহু কুন্তীনন্দন ধনঞ্জয়! আপনি জন্মিবামাত্র আপনার সম্বন্ধে কুন্তী-দেবী যাহা ইচ্ছা করিয়াছিলেন এবং আপনি নিজে যাহা ইচ্ছা করিতেছেন, সে সমস্তই আপনার হউক ॥২৪॥

আমাদের ক্ষত্রিয়বংশে যেন আর কেহ জন্মগ্রহণ করে না এবং যাঁহাদের ভিক্ষাদ্বারা জীবিকানির্ব্বাহ হয়, সেই ব্রাহ্মণদিগকে আমি সর্ব্বদা নমস্কার করি ॥২৫॥

এইটা আমার গুরুতর দুঃখ যে, সেই পাপাত্মা দুর্য্যোধন রাজসভার মধ্যে আমাকে দেখিয়া উপহাস করিতে করিতে আমাকে গোস্বরূপা বলিয়াছিল ॥২৬॥

আবার সেই দুঃখ হইতেও এইটাকে গুরুতর দুঃখ বলিয়া আমার ধারণা হয় যে, সেই সভার মধ্যে বহুতর অসঙ্গত কথা বলিয়াছিল ॥২৭॥

বীর! আপনার ভ্রাতারা সকলেই জাগরিত অবস্থায় বার বার আপনার কার্য্যকলাপের উল্লেখ করিতে থাকিয়া আপনার কথাদ্বারাই নিশ্চয় আরাম করিবেন ॥২৮॥

ত্বয়ি নঃ পার্থ! সর্ব্বেষাং সুখদুঃখে সমাহিতে।
জীবিতং মরণঞ্চৈব রাজ্যমৈশ্বর্য্যমেব চ ॥৩০॥
আপৃষ্টো মেঽসি কৌন্তেয়! স্বস্তি প্রাপ্নুহি কৌরব!।
বলবদ্ভির্বিরুদ্ধং ন কার্য্যমেতত্ত্বয়াঽনঘ! ॥৩১॥
প্রয়াহ্যবিঘ্নেনৈবাশু বিজয়ায় মহাবল!।
নমো ধাত্রে বিধাত্রে চ স্বস্তি গচ্ছ হ্যনাময়ম্ ॥৩২॥
হ্রীঃ শ্রীঃ কীর্ত্তির্ধৃতিঃ পুষ্টিরুমা লক্ষ্মীঃ সরস্বতী।
ইমা বৈ তব পান্থস্য পালয়ন্তু ধনঞ্জয়! ॥৩৩॥
জ্যেষ্ঠাপচায়ী জ্যেষ্ঠস্য ভ্রাতুর্বচনকারকঃ।
প্রপদ্যেঽহং বসূন্ রুদ্রানাদিত্যান্ সমরুদ্‌গণান্ ॥৩৪॥

ভারতকৌমুদী

ত্বয়ীতি। সমাহিতে সম্যক্ স্থিতে। ঐশ্বর্য্যং ধনাদিসম্পৎ ॥৩০॥
আপৃষ্ট ইতি। মে ময়া। স্বস্তি মঙ্গলম্। বিরুদ্ধং বিরোধঃ ॥৩১॥
প্রয়াহীতি। স্বস্তি মঙ্গলম্, অনাময়ং নীরোগঞ্চ যথা স্যাত্তথা গচ্ছ ॥৩২॥
হ্রীরিতি। পালয়ন্তু রক্ষন্তু, জীবনং স্বাস্থ্যঞ্চেতি শেষঃ ॥৩৩॥
জ্যেষ্ঠেতি। জ্যেষ্ঠম্ অপচিনোতি পূজয়তীতি সঃ, "পূজা নমস্যাপচিতিঃ" ইত্যাদ্যমরঃ।

ভারতভাবদীপঃ

মিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥২৭—৩২॥ তব ত্বাম্ ॥৩৩॥ জ্যেষ্ঠাপচায়ী জ্যেষ্ঠপূজনশীলঃ।

কিন্তু পার্থ! আপনি দীর্ঘপ্রবাসী হইলে, ভোগ, ধন কিংবা জীবন—ইহার কোনটাতেই আমার সন্তোষও থাকিবে না বা ইচ্ছাও হইবে না ॥২৯॥

কারণ, আপনার উপরেই আমাদের সকলের সুখ, দুঃখ, জীবন, মরণ, রাজ্য ও ঐশ্বর্য্য নির্ভর করিতেছে ॥৩০॥

কুন্তীনন্দন! আমি আপনাকে সম্ভাষণ করিতেছি; আপনি মঙ্গল লাভ করুন;- কিন্তু হে নিষ্পাপ কুরুনন্দন! ইহাই প্রার্থনা করিতেছি যে, আপনি যেন বলবান্‌দের সহিত বিরোধ করেন না ॥৩১॥

মহাবল! আপনি জয়লাভের জন্য নির্ব্বিঘ্নে সত্বর গমন করুন। ধাতা ও বিধাতাকে আমি নমস্কার করি; আপনি যেন কুশলে ও সুস্থ শরীরে গমন করিতে পারেন ॥৩২॥

ধনঞ্জয়! হ্রী, শ্রী, কীর্ত্তি, ধৃতি, পুষ্টি, উমা, লক্ষ্মী ও সরস্বতী—ইহারা পথিক অবস্থায় আপনার জীবন ও স্বাস্থ্য রক্ষা করুন ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ! আপনি গুরুজনের সেবক এবং জ্যেষ্ঠভ্রাতার আদেশকারী;

বিশ্বেদেবাংস্তথা সাধ্যান্ শান্ত্যর্থং ভরতর্ষভ ! ।
স্বস্তি তেঽস্ত্বন্তরীক্ষেভ্যঃ পার্থিবেভ্যশ্চ ভারত ! ॥৩৫॥
দিব্যেভ্যশ্চৈব ভূতেভ্যো যে চান্যে পরিপন্থিনঃ ।
এবমুক্ত্বাশিষঃ কৃষ্ণা বিররাম যশস্বিনী ॥৩৬॥ (বিশেষকম্)
ততঃ প্রদক্ষিণং কৃত্বা ভ্রাতৄন্ ধৌম্যঞ্চ পাণ্ডবঃ ।
প্রাতিষ্ঠত মহাবাহুঃ প্রগৃহ্য রুচিরং ধনুঃ ॥৩৭॥
তস্য মার্গাদপাক্রামন্ সর্ব্বভূতানি গচ্ছতঃ ।
যুক্তস্যৈন্দ্রেণ যোগেন পরাক্রান্তস্য শুষ্মিণঃ ॥৩৮॥
সোঽগচ্ছৎ পর্ব্বতাংস্তাত ! তপোধননিষেবিতান্ ।
দিব্যং হৈমবতং পুণ্যং দেবজুষ্টং পরন্তপঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

বচনকারকশ্চ ত্বম্। অতএবাহং তব শান্ত্যর্থং বস্বাদীন্ প্রপদ্যে। পার্থিবেভ্যঃ পৃথিবীসম্বন্ধিভ্যঃ, দিব্যেভ্যঃ স্বর্গচারিভ্যঃ। পরিপন্থিনঃ শত্রবঃ ॥৩৪—৩৬॥

তত ইতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। অবিদিতপথেনৈকাকিনোঽর্জ্জুনস্য দ্রুতগমনমসম্ভবমিতি মত্বা কবিনা ভারবিণা তদীয়কিরাতার্জ্জুনীয়কাব্যে কশ্চিৎ কুবেরানুচরোঽর্জ্জুনস্য নেতা কল্পিত ইতি প্রতীয়তে ॥৩৭॥

তস্যেতি। শুষ্মিণস্তেজস্বিনঃ, "শুষ্মং তেজসি সূর্য্যে চ" ইতি হেমচন্দ্রঃ ॥৩৮॥

স ইতি। তাতেতি জনমেজয়সম্বোধনম্। হৈমবতং স্থানম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

জ্যেষ্ঠোপচায়ীতি পাঠে জ্যেষ্ঠবৃদ্ধিকরণশীলঃ ॥৩৪—৩৭॥ শুষ্মিণো বলিনঃ। "শুষ্মমিতি

সুতরাং আমি আপনার শান্তির জন্য বসু, রুদ্র, আদিত্য, মরুৎ, বিশ্বেদেব ও সাধ্যগণের শরণাপন্ন হইলাম। পৃথিবী, আকাশ ও স্বর্গীয় প্রাণিগণ হইতে এবং অন্য যে সকল প্রাণী পরিপন্থী আছে, তাহাদের নিকট হইতে, আপনার মঙ্গল হউক"। যশস্বিনী দ্রৌপদী এইরূপ আশীর্ব্বাদ করিয়া বিরত হইলেন ॥৩৪—৩৬॥

তাহার পর, মহাবাহু অর্জ্জুন ধৌম্যপুরোহিতকে ও ভ্রাতৃগণকে প্রদক্ষিণ করিয়া মনোহর ধনু ধারণপূর্ব্বক প্রস্থান করিলেন ॥৩৭॥

পরাক্রমশালী ও তেজস্বী অর্জ্জুন ঐন্দ্রযোগ অবলম্বন করিয়া যাইতেছিলেন; তাই সমস্ত প্রাণীই তাঁহার পথ হইতে অপসৃত হইয়াছিল ॥৩৮॥

বৎস জনমেজয়! শত্রুসন্তাপকারী অর্জ্জুন তপস্বিসেবিত অনেক পর্ব্বত

---

(৩৬) প্রথমার্দ্ধাৎ পরম্ 'বৈশম্পায়ন উবাচ'...বা ব কা।

অগচ্ছৎ পর্ব্বতং পুণ্যমেকাহ্নৈব মহামনাঃ।
মনোজবগতির্ভূত্বা যোগযুক্তো যথাঽনিলঃ ॥৪০॥
হিমবন্তমতিক্রম্য গন্ধমাদনমেব চ।
অত্যক্রামৎ সুদুর্গাণি দিবারাত্রমতন্দ্রিতঃ ॥৪১॥
ইন্দ্রকীলং সমাসাদ্য ততোঽতিষ্ঠদ্ধনঞ্জয়ঃ।
অন্তরীক্ষে হি শুশ্রাব তিষ্ঠেতি স বচস্তদা ॥৪২॥
তচ্ছ্রুত্বা সর্ব্বতো দৃষ্টিং চারয়ামাস পাণ্ডবঃ।
অথাপশ্যৎ সব্যসাচী বৃক্ষমূলে তপস্বিনম্ ॥৪৩॥
ব্রাহ্ম্যা শ্রিয়া দীপ্যমানং পিঙ্গলং জটিলং কৃশম্।
সোঽব্রবীদর্জ্জুনং তত্র স্থিতং দৃষ্ট্বা মহাতপাঃ ॥৪৪॥ (যুগ্মকম্)
কস্ত্বং তাতেহ সম্প্রাপ্তো ধনুষ্মান্ কবচী শরী।
নিবদ্ধাসিতলত্রাণঃ ক্ষত্রধর্ম্মমনুব্রতঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

অগচ্ছদিতি। একাহ্নৈব একাহেনৈব। মনস ইব জবেন বেগেন গতির্যস্য সঃ ॥৪০॥

হিমেতি। সুদুর্গাণি অতিদুর্গমাণি স্থানানি। অতন্দ্রিতঃ অনলসঃ ॥৪১॥

ইন্দ্রেতি। ইন্দ্রকীলং নাম পর্ব্বতম্। হি যস্মাৎ। স ধনঞ্জয়ঃ ॥৪২॥

তদিতি। সব্যাভ্যাং বামদক্ষিণাভ্যাং হস্তাভ্যাং সচতি ক্ষেপায় বাণং সমবৈতীতি সব্যসাচী। "সব্যস্তু দক্ষিণে। বামে চ প্রতিকূলে চ" ইতি হেমচন্দ্রঃ, "সচ সমবায়ে" ইতি ভৌবাদিকসচধাতোর্গ্রহাদিত্বাণ্ণিন্। ব্রাহ্ম্যা ব্রাহ্মণোপযোগিন্যা ॥৪৩—৪৪॥

অতিক্রম করিয়া দেবসেবিত, অলৌকিক ও পবিত্র হিমালয়ে যাইয়া উপস্থিত হইলেন ॥৩৯॥

মহামনা অর্জ্জুন যোগাবলম্বন করিয়া, মনের ন্যায় বেগগামী হইয়া, বায়ুর ন্যায় একদিনেই পবিত্র হিমালয় অতিক্রম করিলেন ॥৪০॥

তিনি হিমালয় ও গন্ধমাদনপর্ব্বত অতিক্রম করিয়া, আলস্যবিহীন হইয়া, দিবারাত্র চলিতে থাকিয়া, বহুতর অতিদুর্গম স্থান অতিক্রম করিলেন ॥৪১॥

তাহার পর অর্জ্জুন ইন্দ্রকীলপর্ব্বতে যাইয়া থামিলেন। কারণ, তখন তিনি আকাশে শুনিতে পাইয়াছিলেন যে, "থাম" ॥৪২॥

সেই কথা শুনিয়া অর্জ্জুন সকল দিকে দৃষ্টিপাত করিলেন, তাহার পর দেখিলেন—একজন তপস্বী একটী বৃক্ষমূলে বসিবা আছেন, তিনি ব্রাহ্মণযোগ্য কান্তিদ্বারা দীপ্তি পাইতেছেন এবং তাঁহার বর্ণ পিঙ্গল, মস্তকে জটা ও আকৃতিটী কৃশ। সেই তপস্বী সেখানে অর্জ্জুনকে দেখিযা বলিলেন—॥৪৩—৪৪॥

নেহ শস্ত্রেণ কর্ত্তব্যং শান্তানামেষ আলয়ঃ।
বিনীতক্রোধহর্ষাণাং ব্রাহ্মণানাং তপস্বিনাম্ ॥৪৬॥
নেহাস্তি ধনুষা কার্য্যং ন সংগ্রামোঽত্র কর্হিচিৎ।
নিক্ষিপৈতদ্ধনুস্তাত! প্রাপ্তোঽসি পরমাং গতিম্।
অনন্তামোজসা বীর! যথা নান্যঃ পুমান্ ক্বচিৎ ॥৪৭॥
তথা হসন্নিবাভীক্ষ্ণং ব্রাহ্মণোঽর্জ্জুনমব্রবীৎ।
ন চৈনং চালয়ামাস ধৈর্য্যাৎ সুধৃতনিশ্চয়ম্ ॥৪৮॥
তমুবাচ ততঃ প্রীতঃ স দ্বিজঃ প্রহসন্নিব।
বরং বৃণীষ্ব ভদ্রং তে শক্রোঽহমরিসূদন! ॥৪৯॥
এবমুক্তঃ সহস্রাক্ষং প্রত্যুবাচ ধনঞ্জয়ঃ।
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা শূরঃ কুরুকুলোদ্বহঃ ॥৫০॥

ভারতকৌমুদী

ক ইতি। নিবদ্ধে ধৃতে অসিতলত্রাণে খড়্গাহস্তাবাপৌ যেন সঃ ॥৪৫॥
নেতি। কর্ত্তব্যং কিঞ্চিদস্তীতি শেষঃ বিনীতৌ অপনীতৌ ক্রোধহর্ষৌ যৈস্তেষাম্ ॥৪৬॥
নেতি। নিক্ষিপ পরিত্যজ। ওজসা তপঃপ্রভাবেণ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥
তথেতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। সুধৃতনিশ্চয়ম্ অস্ত্রলাভে কৃতনিশ্চয়ম্ ॥৪৮॥
তমিতি। প্রীতঃ, ধৈর্য্যাদচালনাদেবেতি ভাবঃ। ভদ্রং মঙ্গলমস্তু ॥৪৯॥
এবমিতি। সহস্রাক্ষম্ ইন্দ্রম্। কুরুকুলস্য উদ্বহো ধুরন্ধরঃ ॥৫০॥

"বৎস! তুমি কে এখানে উপস্থিত হইয়াছ? তোমার এক হাতে ধনু, অপর হাতে বাণ, গাত্রে কবচ, কটিদেশে তরবারি এবং হস্তে তলত্রাণ রহিয়াছে; সুতরাং তুমি ক্ষত্রিয়ধর্ম্মাবলম্বীই হইবে ॥৪৫॥

বৎস! এখানে অস্ত্রের কোন কার্য্য নাই; এটী—শমগুণান্বিত এবং ক্রোধ-হর্ষবিহীন তপস্বী ব্রাহ্মণগণেরই স্থান ॥৪৬॥

এখানে ধনুরও কোন কার্য্য নাই, কেন না, এখানে কোন সময়েই যুদ্ধ হয় না; অতএব বৎস! তুমি এই ধনুখানা পরিত্যাগ কর। বীর! অন্য মানুষ যাহা পায় না, তুমি তপস্যার প্রভাবে সেই অনন্ত পরম গতি পাইয়াছ" ॥৪৭॥

সেই ব্রাহ্মণ হাসিতে হাসিতেই যেন সেই কথা বার বার অর্জ্জুনকে বলিলেন; কিন্তু কৃতনিশ্চয় অর্জ্জুনকে ধৈর্য্যচ্যুত করিতে পারিলেন না ॥৪৮॥

তখন সেই ব্রাহ্মণ সন্তুষ্ট হইয়া হাসিতে হাসিতেই যেন অর্জ্জুনকে কহিলেন —"শত্রুসূদন! তুমি বর গ্রহণ কর, তোমার মঙ্গল হউক, আমি ইন্দ্র" ॥৪৯॥

(৪৭)···ওজসা তেজসা বীব।···বা ব কা।

ঈপ্সিতো হ্যেষ বৈ কামো বরশ্চৈমং প্রযচ্ছ মে।
ত্বত্তোঽদ্য ভগবন্নস্ত্রং কৃৎস্নমিচ্ছামি বেদিতুম্ ॥৫১॥
প্রত্যুবাচ মহেন্দ্রস্তং প্রীতাত্মা প্রহসন্নিব।
ইহ প্রাপ্তস্য কিং কার্য্যমস্ত্রৈস্তব ধনঞ্জয়! ॥৫২॥
কামান্ বৃণীষ্ব লোকাংস্ত্বং প্রাপ্তোঽসি পরমাং গতিম্।
এবমুক্তঃ প্রত্যুবাচ সহস্রাক্ষং ধনঞ্জয়ঃ ॥৫৩॥
ন লোকান্ ন পুনঃ কামান্ ন দেবত্বং কুতঃ সুখম্।
ন চ সর্ব্বামরৈশ্বর্য্যং কাময়ে ত্রিদশাধিপ! ॥৫৪॥
ভ্রাতৄংস্তান্ বিপিনে ত্যক্ত্বা বৈরমপ্রতিযাত্য চ।
অকীর্ত্তিং সর্ব্বলোকেষু গচ্ছেয়ং শাশ্বতীঃ সমাঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

ঈপ্সিত ইতি। কাম্যত ইতি কামঃ অভীষ্টবিষয়ঃ। বেদিতুং জ্ঞাতুম্ ॥৫১॥
প্রতীতি। প্রাপ্তস্য আগতস্য। কার্য্যং প্রয়োজনম্ ॥৫২॥
কামানিতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টাস্তান্, লোকান্ স্বর্গান্ ॥৫৩॥
নেতি। কামান্ অভীষ্টবিষয়ান্তরাণি। সর্ব্বামরৈশ্বর্য্যং সর্ব্বদেবাধিপত্যম্ ॥৫৪॥
ভ্রাতৄনিতি। অপ্রতিযাত্য অপরিশোধ্য। শাশ্বতীঃ সমা বহূন্ বৎসরান্ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

বলনাম" ইতি যাস্কঃ ॥৩৮—৪৫॥ বিনীতৌ জিতৌ ক্রোধহর্ষৌ যৈঃ ॥৪৬—৫২॥ কামান্ কাম্যন্ত ইতি বুৎপত্ত্যা ইষ্টান্ লোকান্ ভোগান্ ॥৫৩॥ ন লোভান্ন পুনঃ কামাদিতি ন শব্দো বা শব্দার্থৌ, লোভাদ্বা কামাদ্বেত্যর্থঃ ॥৫৪॥ অপ্রতিযাত্য অনিস্তীর্য্য, এতেন জ্যেষ্ঠভ্রাত্রাদিসেবনমৈন্দ্রপদপ্রাপ্তাবপি নোপেক্ষণীয়মিত্যুক্তম্ ॥৫৫—৫৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৩॥

ইন্দ্র এইরূপ বলিলে, মহাবীর কুরুকুলধুরন্ধর অর্জ্জুন অবনত হইয়া কৃতাঞ্জলিপুটে ইন্দ্রকে বলিলেন—॥৫০॥

"ভগবন্! এই বিষয়ই আমার অভীষ্ট এবং এই বরই আমাকে দান করুন যে, আমি যেন আজ আপনার নিকট হইতে সমস্ত অস্ত্র জানিতে পারি" ॥৫১॥

তখন ইন্দ্র সন্তুষ্ট হইয়া হাসিতে হাসিতেই যেন অর্জ্জুনকে কহিলেন—"অর্জ্জুন! তুমি এখানে আসিয়াছ, সুতরাং তোমার অস্ত্রের প্রয়োজন কি? ॥৫২॥

তুমি পরম গতি লাভ করিয়াছ, অভীষ্ট স্বর্গ প্রার্থনা কর।" ইন্দ্র এইরূপ বলিলে, অর্জ্জুন তাঁহাকে বলিলেন—॥৫৩॥

"দেবরাজ! আমি—স্বর্গ, অন্য অভীষ্ট বিষয়, দেবত্ব কিংবা সুখ প্রার্থনা করি না; এমন কি সমস্ত দেবগণের আধিপত্যও কামনা করি না ॥৫৪॥

এবমুক্তঃ প্রত্যুবাচ বৃত্রহা পাণ্ডুনন্দনম্।
সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া বাচা সর্ব্বলোকনমস্কৃতঃ ॥৫৬॥
যদা দ্রক্ষ্যসি ভূতেশং ত্র্যক্ষং শূলধরং শিবম্।
তদা দাতাস্মি তে তাত! দিব্যান্যস্ত্রাণি সর্ব্বশঃ ॥৫৭॥
দর্শনে ক্রিয়তাং যত্নো দেবস্য পরমেষ্ঠিনঃ।
দর্শনাত্তস্য কৌন্তেয়! সংসিদ্ধঃ সর্ব্বমেষ্যসি ॥৫৮॥
ইত্যুক্ত্বা ফাল্গুনং শক্রো জগামাদর্শনং পুনঃ।
অর্জ্জুনোঽপ্যথ তত্রৈব তস্থৌ যোগসমন্বিতঃ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে অর্জ্জুনেন্দ্রদর্শনে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

এবমিতি। বৃত্রহা ইন্দ্রঃ। সান্ত্বয়ন্ আশ্বাসয়ন্, শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥৫৬॥

যদেতি। ত্র্যক্ষং ত্রিলোচনম্। শিবপ্রসাদেনৈবাস্মাকং প্রসাদ ইতি ভাবঃ ॥৫৭॥

দর্শন ইতি। পরমে সর্ব্বোত্তমে পদে তিষ্ঠতীতি তস্য। এষ্যসি প্রাপ্স্যসি ॥৫৮॥

ইতীতি। যোগেন শিববিষয়কধ্যানাদিনা প্রধানযোগাঙ্গেন সমন্বিতঃ ॥৫৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সেই ভ্রাতৃগণকে বনে পরিত্যাগ করিয়া এবং শত্রুতার প্রতিশোধ না দিয়া (অন্য কিছু করিলে) আমি দীর্ঘকাল যাবৎ সমস্ত জগতে নিন্দাভাজন হইব" ॥৫৫॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ত্রিভুবনবন্দিত দেবরাজ অর্জ্জুনকে কোমল বাক্যে আশ্বস্ত করিয়া বলিলেন—॥৫৬॥

"বৎস! তুমি যখন ভূতনাথ, ত্রিলোচন ও শূলপাণি মহাদেবের দর্শন লাভ করিবে, তখন আমি তোমাকে সমস্ত দিব্য অস্ত্র দান করিব ॥৫৭॥

অতএব কুন্তীনন্দন! তুমি পরমদেবতা মহাদেবের দর্শন লাভ করিবার জন্য যত্ন কর; তাঁহার দর্শনে সিদ্ধ হইয়া তুমি সমস্তই পাইবে" ॥৫৮॥

অর্জ্জুনকে এই কথা বলিয়া দেবরাজ পুনরায় অদৃশ্য হইলেন। তাহার পর অর্জ্জুনও যোগাবলম্বন করিয়া সেইখানেই রহিলেন ॥৫৯॥

—:*:—

(৫৮)···সংসিদ্ধঃ স্বর্গমেষ্যসি—পি নি। * '···সপ্তত্রিংশোঽধ্যায়ঃ'···বা ব কা নি।

(৪। কৈরাতপর্ব্ব।)

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ※ঃ—

জনমেজয় উবাচ।

ভগবন্! শ্রোতুমিচ্ছামি পার্থস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
বিস্তরেণ কথামেতাং যথাস্ত্রাণ্যুপলব্ধবান্ ॥১॥
যথা চ পুরুষব্যাঘ্রো দীর্ঘবাহুর্ধনঞ্জয়ঃ।
বনং প্রবিষ্টস্তেজস্বী নির্ম্মনুষ্যমভীতবৎ ॥২॥
কিঞ্চ তেন কৃতং তত্র বসতা ব্রহ্মবিত্তম!।
কথঞ্চ ভগবান্ স্থাণুর্দেবরাজশ্চ তোষিতঃ ॥৩॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং ত্বৎপ্রসাদাদ্দ্বিজোত্তম!।
ত্বং হি সর্ব্বজ্ঞ! দিব্যঞ্চ মানুষঞ্চৈব বেত্থ হ ॥৪॥
অত্যদ্ভুততমং ব্রহ্মন্! লোমহর্ষণমর্জ্জুনঃ।
ভবেন সহ সংগ্রামং চকারাপ্রতিমং কিল ॥৫॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। পার্থস্য অর্জ্জুনস্য, অক্লিষ্টকর্ম্মণঃ অনায়াসেন কার্য্যকারিণঃ ॥১॥
যথেতি। নির্ম্মনুষ্যং মনুষ্যহীনমপি বনম্, অভীতবৎ নির্ভয় ইব ॥২॥
কিমিতি। হে ব্রহ্মবিত্তম! বেদজ্ঞশ্রেষ্ঠ!। স্থাণুঃ শিবঃ ॥৩॥
এতদিতি। দিব্যং স্বর্গীয়ম্, মানুষং মানুষলোকীয়ঞ্চ বৃত্তান্তম্ ॥৪॥
অতীতি। ভবেন শিবেন। দৈন্যম্ অর্জ্জুনস্য জীবনাশঙ্কয়া বিষাদঃ হর্ষো দেবদেবেনাপি

জনমেজয় বলিলেন—"ভগবন্! অক্লিষ্টকর্ম্মা অর্জ্জুন যে ভাবে সমস্ত দেবাস্ত্র লাভ করিয়াছিলেন, সেই বৃত্তান্ত আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি ॥১॥

এবং পুরুষশ্রেষ্ঠ, দীর্ঘবাহু ও মহাপরাক্রমশালী অর্জ্জুন মনুষ্যহীন বনের ভিতরেও যে ভাবে নির্ভয়ের ন্যায় প্রবেশ করিয়াছিলেন (তাহাও বলুন) ॥২॥

বেদজ্ঞশ্রেষ্ঠ! তিনি সেখানে বাস করিতে থাকিয়া কি কার্য্য করিয়াছিলেন এবং কি ভাবেই বা ভগবান্ মহাদেবকে ও ইন্দ্রকে সন্তুষ্ট করিয়াছিলেন? ॥৩॥

হে সর্ব্বজ্ঞ ব্রাহ্মণশ্রেষ্ঠ। আপনার অনুগ্রহে আমি ইহা শুনিতে ইচ্ছা করি। কারণ, আপনি স্বর্গের ও মর্ত্ত্যের সমস্ত বৃত্তান্তই জানেন ॥৪॥

ব্রাহ্মণ! যোদ্ধৃশ্রেষ্ঠ এবং যুদ্ধে অপরাজিত অর্জ্জুন পূর্ব্বে মহাদেবের সহিত অতিশয় অদ্ভুত, লোমহর্ষণ ও অতুলনীয় যুদ্ধ করিয়াছিলেন; যাহা শুনিয়া নর-

পুরা প্রহরতাং শ্রেষ্ঠঃ সংগ্রামেষ্বপরাজিতঃ ।
যচ্ছ্রুত্বা নরসিংহানাং দৈন্যহর্ষাতিবিস্ময়াৎ ॥৬॥
শূরাণামপি পার্থানাং হৃদয়ানি চকম্পিরে ।
যদ্‌যচ্চ কৃতবানন্যৎ পার্থস্তদখিলং বদ ॥৭॥ (বিশেষকম্)
ন হ্যস্য নিন্দিতং জিষ্ণোঃ সুসূক্ষ্মমপি লক্ষয়ে ।
চরিতং তস্য শূরস্য তন্মে সর্ব্বং প্রকীর্ত্তয় ॥৮॥

বৈশম্পায়ন উবাচ ।

কথয়িষ্যামি তে তাত ! কথামেতাং মহাত্মনঃ ।
দিব্যাং কৌরবশার্দ্দূল ! মহতীমদ্ভুতোপমাম্ ॥৯॥
গাত্রসংস্পর্শসংবদ্ধং ত্র্যম্বকেন সহানঘ ! ।
পার্থস্য দেবদেবেন শৃণু সম্যক্ সমাগমম্ ॥১০॥
যুধিষ্ঠিরনিয়োগাৎ স জগামামিতবিক্রমঃ ।
শক্রং সুরেশ্বরং দ্রষ্টুং দেবদেবঞ্চ শঙ্করম্ ॥১১॥

ভারতকৌমুদী

সার্দ্ধং যুদ্ধমিত্যানন্দঃ, তত্রাপি ন ভয়ং ন বা বিরাম ইত্যতিবিস্ময়শ্চ তস্মাৎ। পার্থানামন্যেষাং পাণ্ডবানাম্। পার্থোঽর্জ্জুনঃ ॥৫—৭॥

নেতি। হি নিশ্চিতম্। জিষ্ণোরর্জ্জুনস্য, সুসূক্ষ্মমপি কার্য্যম্ ॥৮॥

কথয়িষ্যামীতি। দিব্যামলৌকিকীম্। অদ্ভুতোপমাম্ আশ্চর্য্যরূপাম্ ॥৯॥

গাত্রেতি। গাত্রস্পর্শেনৈব সংবদ্ধং সংঘটিতম্। সমাগমং সম্মেলনম্ ॥১০॥

ভারতভাবদীপঃ

ভগবন্নিতি ॥১—৫॥ দৈন্যহর্ষাতিবিস্ময়াৎ দৈন্যং নাশভয়াৎ, হর্ষো মহাদেবপ্রতি-

শ্রেষ্ঠ ও মহাবীর অন্য পাণ্ডবগণেরও হৃদয়—বিষাদ, আনন্দ ও মহাবিস্ময়ে উদ্বেলিত হইয়াছিল এবং অর্জ্জুন অন্য যে যে কার্য্য করিয়াছিলেন—সে সমস্তও আপনি বলুন ॥৫—৭॥

এই অর্জ্জুনের কোন ক্ষুদ্রতম কার্য্যও নিন্দিত ছিল বলিয়া লক্ষ্য হয় না; সুতরাং সেই মহাবীরের সেই সমস্ত চরিত্রই আমার নিকট বলুন" ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—বৎস কৌরবশ্রেষ্ঠ ! আপনার নিকটে মহাত্মা অর্জ্জুনের এই অলৌকিক, বিশাল ও অদ্ভুত বৃত্তান্ত বলিব ॥৯॥

হে নিষ্পাপ রাজা ! দেবদেব মহাদেবের সহিত অর্জ্জুনের একেবারে গাত্রসংস্পর্শরূপ সম্মেলনই ঘটিয়াছিল; তাহা শ্রবণ করুন ॥১০॥

(৯) কথয়িষ্যামি তে রাজন্ !···পি। (১০) গাত্রসংস্পর্শসংবদ্ধাম···বা ব কা নি।

দিব্যং তদ্ধনুরাদায় খড়্গঞ্চ কনকৎসরুম্ ।
মহাবলো মহাবাহুরর্জ্জুনঃ কার্য্যসিদ্ধয়ে ॥১২॥
দিশং হ্যুদীচীং কৌরব্যো হিমবচ্ছিখরং প্রতি।
ঐন্দ্রিঃ স্থিরমনা রাজন্। সর্ব্বলোকমহারথঃ ॥১৩॥ (বিশেষকম্)
ত্বরয়া পরয়া যুক্তস্তপসে ধৃতনিশ্চয়ঃ।
বনং কণ্টকিতং ঘোরমেক এবাভ্যপদ্যত ॥১৪॥
নানাপুষ্পফলোপেতং নানাপক্ষিনিষেবিতম্।
নানামৃগগণাকীর্ণং সিদ্ধচারণসেবিতম্ ॥১৫॥ (যুগ্মকম্)
ততঃ প্রয়াতে কৌন্তেয়ে বনং মানুষবর্জ্জিতম্।
শঙ্খানাং পটহানাঞ্চ শব্দঃ সমভবদ্দিবি ॥১৬॥
পুষ্পবর্ষঞ্চ সুমহন্নিপপাত মহীতলে।
মেঘজালঞ্চ বিততং ছাদয়ামাস সর্ব্বতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

যুধীতি। শক্রমিন্দ্রম্। দিব্যমলৌকিকং গাণ্ডীবম্। কনকস্য ত্‌সরুম্ষ্টিদেশো যস্য তম্। হিমবতঃ পর্ব্বতস্য শিখরং শৃঙ্গম্। ইন্দ্রস্যাপত্যং পুত্র ঐন্দ্রিঃ ॥১১—১৩॥

ত্বরয়েতি। পরয়া অত্যন্তয়া। কণ্টকিতং সঞ্জাতকণ্টকম্। অভ্যপদ্যত প্রাপ্নোৎ। নানামৃগগণৈঃ পশুসমূহৈরাকীর্ণং ব্যাপ্তম্। "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥১৪—১৫॥

তত ইতি। দিবি আকাশে। অর্জ্জুনাগমনেনামোদিতানাং দেবদূতানামিত্যাশয়ঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ভটত্বাৎ, বিস্ময়স্তৎপ্রসাদেনালৌকিকসামর্থ্যলাভাৎ ॥৬—১১॥ কনকৎসরং স্বর্ণমুষ্টিম্ ॥১২॥

রাজা! অমিতপরাক্রম, মহাবল, মহাবাহু এবং সমস্ত জগতের মধ্যে প্রধান মহারথ ইন্দ্রনন্দন সেই কৌরব অর্জ্জুন যুধিষ্ঠিরের আদেশে দেবরাজ ইন্দ্রের এবং দেবদেব মহাদেবের দর্শন লাভ করিবার জন্য, অলৌকিক গাণ্ডীবধনু ও স্বর্ণ-মুষ্টিযুক্ত তরবারি ধারণ করিযা, স্থিরচিত্ত হইয়া, কার্য্যসিদ্ধির উদ্দেশে হিমালয়ের শৃঙ্গ লক্ষ্য করিয়া উত্তরদিকে গমন করিলেন ॥১১—১৩॥

তিনি তপস্যার জন্য কৃতনিশ্চয ও অত্যন্ত ত্বরান্বিত হইয়া একাকীই কণ্টকাকীর্ণ ভয়ঙ্কর বনের ভিতরে যাইয়া উপস্থিত হইলেন। সেই বনটী নানাবিধ পুষ্পে ও ফলে পরিপূর্ণ এবং বহুবিধ পশুসমূহে ব্যাপ্ত ছিল, আর তাহার ভিতরে নানাপ্রকার পক্ষী এবং সিদ্ধগণ ও চারণগণ বিচরণ করিত ॥১৪—১৫॥

তাহার পর অর্জ্জুন সেই মনুষ্যবিহীন বনে প্রবেশ করিলে, আকাশে শঙ্খধ্বনি ও পটহধ্বনি হইতে থাকিল ॥১৬॥

সোঽতীত্য বনদুর্গাণি সন্নিকর্ষে মহাগিরেঃ।
শুশুভে হিমবৎপৃষ্ঠে বসমানোঽর্জ্জুনস্তদা ॥১৮॥
তত্রাপশ্যদ্দ্রুমান্ ফুল্লান্ বিহগৈর্বল্গুনাদিতান্।
নদীশ্চ বিপুলাবর্ত্তা বৈদূর্য্যবিমলপ্রভাঃ ॥১৯॥
হংসকারণ্ডবোদ্গীতাঃ সারসাভিরুতাস্তথা।
পুংস্কোকিলরুতাশ্চৈব ক্রৌঞ্চবর্হিণনাদিতাঃ ॥২০॥
মনোহরবনোপেতাস্তস্মিন্নতিরথোঽর্জ্জুনঃ।
পুণ্যশীলামলজলাঃ পশ্যন্ প্রীতমনাঽভবৎ ॥২১॥ (বিশেষকম্)
রমণীয়ে বনোদ্দেশে রমমাণোঽর্জ্জুনস্তদা।
তপস্যুগ্রে বর্ত্তমান উগ্রতেজা মহামনাঃ ॥২২॥

ভারতকৌমুদী

পুষ্পেতি। পুষ্পবর্ষমপি দেবদূতহস্তমুক্তমিতি ভাবঃ। বিততং বিস্তৃতম্ ॥১৭॥

স ইতি। মহাগিরের্হিমালযস্য সন্নিকর্ষে বনদুর্গাণীতি সম্বন্ধঃ ॥১৮॥

তত্রেতি। ফুল্লান্ ফুল্লকুসুমান্ বল্গুনাদিতান্ সুন্দরশব্দিতান্। বিপুলাবর্ত্তা বিশালজলভ্রমিযুক্তাঃ। তস্মিন্ স্থানে। পুণ্যশীলং পবিত্রস্বভাবমমলঞ্চ জলং যাসাং তাঃ। প্রীতমনাঽভবদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১৯—২১॥

ভারতভাবদীপঃ

ঐন্দ্রিরর্জ্জুনঃ ॥১৩॥ কণ্টকিতং কণ্টকাক্রান্তম্ ॥১৪—১৮॥ বল্গু মধুরম্ ॥১৯—২২॥ দর্ভচীবং

আর, ভূতলে বিশাল পুষ্পবৃষ্টি পতিত হইল এবং বিস্তৃত মেঘ সকল সমস্ত দিক্ আবৃত করিল ॥১৭॥

তখন অর্জ্জুন হিমালয়ের সন্নিহিত দুর্গম বন সকল অতিক্রম করিয়া, তাহার উপরে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

তিনি সেখানে দেখিলেন—নানাবিধ বৃক্ষ আছে, তাহাতে বহুতর ফুল ফুটিয়া রহিয়াছে এবং নানাপ্রকার পক্ষী মনোহর রব করিয়া বেড়াইতেছে; আর, অনেক নদী প্রবাহিত হইতেছে, সেগুলির আবর্ত্ত (ঘোলা) সকল বিশাল এবং জল বৈদূর্য্যমণির ন্যায় নির্ম্মল; তাহার নিকট হংস, কারণ্ডব, সারস, কোকিল, কোঁচবক ও ময়ূরগণ রব করিতেছে এবং তাহার তীরে মনোহর বন রহিয়াছে। অতিরথ অর্জ্জুন সেই স্থানে নদীগুলির পবিত্র ও নির্ম্মল জল দেখিয়া আনন্দিত হইলেন ॥১৯—২১॥

অত্যন্ত তেজস্বী ও দৃঢ়চেতা অর্জ্জুন তখন সেই মনোহর বনের ভিতরে থাকিয়া দারুণ তপস্যায় প্রবৃত্ত হইলেন; তিনি কুশময় কৌপীন পরিধান করিয়া

দর্ভচীরং নিবস্যাথ দণ্ডাজিনবিভূষিতঃ।
শীর্ণঞ্চ পতিতং ভূমৌ পর্ণং সমুপযুক্তবান্ ॥২৩॥ (যুগ্মকম্)
পূর্ণে পূর্ণে ত্রিরাত্রে তু মাসমেকং ফলাশনঃ।
দ্বিগুণেন হি কালেন দ্বিতীয়ং মাসমত্যয়াৎ ॥২৪॥
তৃতীয়মপি মাসং স পক্ষেণাহারমাচরৎ।
চতুর্থে ত্বথ সম্প্রাপ্তে মাসে ভরতসত্তমঃ ॥২৫॥
বায়ুভক্ষো মহাবাহুরভবৎ পাণ্ডুনন্দনঃ।
ঊর্দ্ধবাহুর্নিরালম্বঃ পাদাঙ্গুষ্ঠাগ্রবিষ্ঠিতঃ ॥২৬॥ (যুগ্মকম্)
সদোপস্পর্শনাচ্চাস্য বভূবুরমিতৌজসঃ।
বিদ্যুদম্ভোধরনিভা জটাস্তস্য মহাত্মনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

রমণীয় ইতি। উগ্রে ভয়ঙ্করে। দর্ভচীরং কুশময়ং কৌপীনম্, নিবস্য পরিধায়। সমুপযুক্তবান্ ভুক্তবান্, ক্লেশাতিশয়ার্থমিত্যাশয়ঃ ॥২২—২৩॥

পূর্ণ ইতি। একং মাসমত্যযাৎ। দ্বিগুণেন ষড়্‌রাত্রেণ। অত্যযাদতিক্রান্তবান্ ॥২৪॥

তৃতীয়মিতি। মাসং প্রাপ্য। আহারং ফলস্যৈব। বায়ুভক্ষ উপবাসীত্যর্থঃ। নিরালম্বো বৃক্ষাদ্যবলম্বনরহিতঃ, পাদাঙ্গুষ্ঠাগ্রাভ্যামেব বিষ্ঠিতো ভূমাববস্থিতঃ ॥২৫—২৬॥

সদেতি। উপস্পর্শনাৎ স্নানাৎ। কাশ্চিদ্বিদ্যুত্তুল্যাঃ পিঙ্গলাঃ, অপরা মেঘবৎ কৃষ্ণাঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

তৃণময়ং বাসঃ, নিবস্য পরিধায, সমুপযুক্তবান্ ভুক্তবান্ ॥২৩॥ দ্বিগুণেন ষড়্‌রাত্রেণাত্যয়াদতি-

---

দণ্ড ও মৃগচর্ম্ম ধারণপূর্ব্বক প্রথমে ভূতলপতিত শুষ্কপত্র মাত্র ভোজন করিতেন ॥২২—২৩॥

পরে, তিন তিন দিনের পর এক একটী ফল ভক্ষণ করিয়া একমাস অতিক্রম করিলেন; তাহার পর আবার ছয় ছয় দিনের পর এক একটী ফল ভোজন করিয়া দ্বিতীয়মাস অতিবাহিত করিলেন ॥২৪॥

তৃতীয়মাসে পনর পনর দিনের পর এক একটী ফল ভোজন করিলেন; তাহার পর চতুর্থমাস উপস্থিত হইলে, তখন ভরতশ্রেষ্ঠ মহাবাহু অর্জ্জুন কেবল বায়ু ভক্ষণ করিয়া, নিরবলম্বনে থাকিয়া, চরণাঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা ভূতলে দাঁড়াইয়া ঊর্দ্ধবাহু হইয়া তপস্যা করিতে লাগিলেন ॥২৫—২৬॥

সর্ব্বদা স্নান করায় অমিততেজা ও মহাত্মা অর্জ্জুনের জটাসমূহের মধ্যে

---

(২৬)…পাদাঙ্গুষ্ঠাগ্রধিষ্ঠিতঃ…বা ব কা নি।

ততো মহর্ষয়ঃ সর্ব্বে জগ্মুর্দেবং পিনাকিনম্ ।
বিবেদয়িষবঃ পার্থং তপস্যুগ্রে সমাস্থিতম্ ॥২৮॥
তং প্রণম্য মহাদেবং শশংসুঃ পার্থকর্ম্ম তৎ ।
এষ পার্থো মহাতেজা হিমবৎপৃষ্ঠমাস্থিতঃ ॥২৯॥
উগ্রে তপসি দুষ্পারে স্থিতো ধূমায়য়ন্ দিশঃ ।
তস্য দেবেশ ! ন বয়ং বিদ্মঃ সর্ব্বে চিকীর্ষিতম্ ॥৩০॥
সন্তাপয়তি নঃ সর্ব্বানসৌ সাধু নিবার্য্যতাম্ ।
তেষাং তদ্বচনং শ্রুত্বা মুনীনাং ভাবিতাত্মনাম্ ॥৩১॥
উমাপতির্ভূতপতির্বাক্যমেতদুবাচ হ ।
ন বো বিষাদঃ কর্ত্তব্যঃ ফাল্গুনং প্রতি সর্ব্বশঃ ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পিনাকিনং শিবম্। বিবেদয়িষবো বেদয়িতুং জ্ঞাপয়িতুমিচ্ছবঃ ॥২৮॥

তমিতি। তৎ তপোরূপম্, পার্থস্য অর্জ্জুনস্য কর্ম্ম, শশংসুঃ উক্তবন্তঃ ॥২৯॥

উগ্র ইতি। দুষ্পারে দুষ্কর ইত্যর্থঃ, ধূমায়য়ন্ ধূমায়মানাঃ কুর্ব্বন্ ॥৩০॥

সন্তাপয়তীতি। সাধু সম্যক্। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিভাবনয়া নির্ম্মলীকৃতচিত্তানাম্। বো যুষ্মাকম্, "বা কর্ত্তরি কৃত্যে" ইতি কর্ত্তরি ষষ্ঠী ॥৩১—৩২॥

ভারতভাবদীপঃ

বাহিতবান্ ॥২৪—২৫॥ নিরালম্বো নিরাশ্রয়ঃ ॥২৬—২৯॥ ধূমায়য়ন্ ধূমবতীরিব কুর্ব্বন্

কতকগুলি বিদ্যুতের ন্যায় পিঙ্গলবর্ণ হইয়া গেল এবং কতকগুলি মেঘের ন্যায় কৃষ্ণবর্ণই থাকিল ॥২৭॥

তাহার পর, মহর্ষিরা সকলে অর্জ্জুনকে ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত বলিয়া জানাইবার জন্য মহাদেবের নিকট গমন করিলেন ॥২৮॥

এবং তাঁহারা মহাদেবকে নমস্কার করিয়া তাঁহার নিকট অর্জ্জুনের সেই তপস্যার বিষয় বলিতে লাগিলেন—"মহাতেজা অর্জ্জুন হিমালয়ের উপরে অবস্থান করিতেছেন ॥২৯॥

দেবদেব! অর্জ্জুন আপন তেজে সমস্ত দিক্ যেন ধূম্রবর্ণ করিয়া দুষ্কর ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত হইয়াছেন; আমরা সকলে তাঁহার উদ্দেশ্য বুঝিতেছি না ॥৩০॥

কিন্তু উনি আমাদের সকলকেই সন্তপ্ত করিতেছেন; অতএব আপনি উঁহাকে সম্যক্ রূপে বারণ করুন"। নির্ম্মলচিত্ত ঋষিগণের সেই কথা শুনিয়া ভূতনাথ মহাদেব এই কথা বলিলেন—"ঋষিগণ! আপনারা অর্জ্জুনের প্রতি কোন আশঙ্কা করিবেন না ॥৩১—৩২॥

শীঘ্রং গচ্ছত সংহৃষ্টা যথাগতমতন্দ্রিতাঃ।
অহমস্য বিজানামি সঙ্কল্পং মনসি স্থিতম্ ॥৩৩॥
নাস্য স্বর্গস্পৃহা কাচিন্নৈশ্বর্য্যস্য ন চায়ুষঃ।
যত্ত্বস্য কাঙ্ক্ষিতং সর্ব্বং তৎ করিষ্যেঽহমদ্য বৈ ॥৩৪॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা শর্ব্ববচনমৃষয়ঃ সত্যবাদিনঃ।
প্রহৃষ্টমনসো জগ্মুর্যথাস্বং পুনরাশ্রমান্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কৈরাতে ঋষিশঙ্করসংবাদে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

শীঘ্রমিতি। সংহৃষ্টা অর্জ্জুনতো ভয়াভাবাদানন্দিতাঃ। সঙ্কল্পমুদ্দেশ্যম্ ॥৩৩॥

নেতি। ঐশ্বর্য্যস্য সম্পদঃ, আয়ুষশ্চ ন স্পৃহেত্যর্থঃ ॥৩৪॥

তদিতি। শর্ব্ববচনং শিববাক্যম্। স্বং স্বমনতিক্রম্যেতি যথাস্বম্ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি কৈরাতে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥৩০—৩২॥ সঙ্কল্পং মনোরথম্ ॥৩৩—৩৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

—:*:—

আপনারা আনন্দিত হইয়া নিরুদ্বেগে যথাস্থানে সত্বর গমন করুন; আমি উঁহার মনের উদ্দেশ্য জানি ॥৩৩॥

উঁহার স্বর্গের প্রতি কোন ইচ্ছা নাই, সম্পদ বা আয়ুরও কোন কামনা নাই; কিন্তু উঁহার যাহা অভীষ্ট, সেই সমস্ত অদ্যই আমি সম্পাদন করিব" ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—সত্যবাদী ঋষিরা মহাদেবের সেই কথা শুনিয়া আনন্দিতচিত্তে পুনরায় আপন আপন আশ্রমে চলিয়া গেলেন ॥৩৫॥

—:*:—

(৩৪)···নৈশ্বর্য্যস্ত তথায়ুষঃ···বা ব কা। (৩৫) তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যম্···পি, শর্ব্ববচনম্···রা···যথাস্বান্ পুনরালয়ান্ ··বা ব কা, যথাস্বান্ পুনরাশ্রমান্—পি।

* '···অষ্টত্রিংশোঽধ্যায়ঃ'···বা ব কা নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃঃ—

বৈশম্পায়ন উবাচ।

গতেষু তেষু সর্ব্বেষু তপস্বিষু মহাত্মসু।
পিনাকপাণির্ভগবান্ সর্ব্বপাপহরো হরঃ ॥১॥
কৈরাতং বেশমাস্থায় কাঞ্চনদ্রুমসন্নিভম্।
বিভ্রাজমানো বপুষা গিরির্মেরুরিবাপরঃ ॥২॥
শ্রীমদ্ধনুরুপাদায় শরাংশ্চাশীবিষোপমান্।
নিষ্পপাত মহাবেগো দহনো দেহবানিব ॥৩॥
দেব্যা সহোময়া শ্রীমান্ সমানব্রতবেশয়া।
নানাবেশধরৈর্হৃষ্টৈর্ভূতৈরনুগতস্তথা ॥৪॥
কিরাতবেশসংছন্নঃ স্ত্রীভিশ্চাপি সহস্রশঃ।
অশোভত তদা রাজন্! স দেশোঽতীব ভারত! ॥৫॥ (কুলকম্)
ক্ষণেন তদ্বনং সর্ব্বং নিঃশব্দমভবত্তদা।
নাদঃ প্রস্রবণানাঞ্চ পক্ষিণাঞ্চাপ্যুপারমৎ ॥৬॥

ভারতকৌমুদী

গতেষ্বিতি। হরঃ শিবঃ। কৈরাতং ব্যাধানুরূপং বেশম্, আস্থায় ধৃত্বা, অর্জ্জুনস্য পরীক্ষার্থমিত্যাশয়ঃ। শ্রীমৎ সুন্দরম্। নিষ্পপাত স্বভবনান্নির্জগাম। দহনো বহ্নিঃ। ভূতৈঃ প্রমথৈঃ। কিরাতবেশেন সংছন্ন আবৃতস্বরূপঃ। দেশঃ স্থানম্ ॥১—৫॥

ক্ষণেনেতি। প্রস্রবণানাং নির্ঝরাণাম্। উপারমৎ শিবপ্রভাবাদ্বিরতবান্ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—সেই মহাত্মা তপস্বীরা সকলেই চলিয়া গেলে, সর্ব্বপাপনাশক ও মনোহরমূর্ত্তি ভগবান্ মহাদেব স্বর্ণবৃক্ষের ন্যায় উজ্জ্বল ব্যাধের বেশ ধারণ করিয়া, শরীর দ্বারা অপর সুমেরুপর্ব্বতের ন্যায় শোভা পাইতে থাকিয়া, সুন্দর পিনাকনামক ধনু ও সর্পতুল্য বাণ লইয়া, মূর্ত্তিমান্ অগ্নির ন্যায় মহাবেগে আপন ভবন হইতে নির্গত হইলেন; তখন সমান নিয়ম ও সমান বেশধারিণী উমাদেবী, অন্যান্য বহুতর স্ত্রী এবং নানাবিধ বেশধারী ও হৃষ্টচিত্ত ভূতগণ মহাদেবের অনুগমন করিতে লাগিলেন। ভরতনন্দন রাজা! তখন সেই স্থানটী অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১—৫॥

এবং সেই সময়ে সেই সমস্ত বনটাই ক্ষণকালের মধ্যে নিঃশব্দ হইয়া গেল এবং নির্ঝরের শব্দ ও পক্ষীর রব বিরত হইল ॥৬॥

---

(২)…বিভ্রাজমানো বিপুলঃ…বা ব কা। (৩) শ্রীমান্ ধনুরুপাদায়…পি।

স সন্নিকর্ষমাগম্য পার্থস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
মূকং নাম দনোঃ পুত্রং দদর্শাদ্ভুতদর্শনম্ ॥৭॥
বারাহং রূপমাস্থায় তর্কয়ন্তমিবার্জ্জুনম্।
হন্তুং পরমদুষ্টাত্মা তমুবাচাথ ফাল্গুনঃ ॥৮॥
গাণ্ডীবং ধনুরাদায় শরাংশ্চাশীবিষোপমান্।
সজ্যং ধনুর্ব্বরং কৃত্বা জ্যাঘোষেণ নিনাদয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)
যন্মাং প্রার্থয়সে হন্তুমনাগসমিহাগতম্।
তস্মাত্ত্বাং পূর্ব্বমেবাহং নেতাঽস্মি যমসাদনম্ ॥১০॥
দৃষ্ট্বা তং প্রহরিষ্যন্তং ফাল্গুনং দৃঢ়ধন্বিনম্।
কিরাতরূপী সহসা বারয়ামাস শঙ্করঃ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। স হরঃ। পার্থস্য অর্জ্জুনস্য। দনোঃ পুত্রং দানবম্ ॥৭॥

বারাহমিতি। পরমদুষ্টাত্মা মূকদানবঃ, বারাহং রূপম্, আস্থায় ধৃত্বা, তর্কয়ন্তং স্বজিঘাংসামালোচয়ন্তমিব স্থিতমর্জ্জুনম্, হন্তুমাগতবানিতি শেষঃ। অথ ফাল্গুনোঽর্জ্জুনঃ, তমুবাচ। ধনুর্ব্বরং তদ্গাণ্ডীবম্, সজ্যং সগুণং কৃত্বা ॥৮—৯॥

কিমুবাচেত্যাহ—যদিতি। অনাগসং নিরপরাধম্। নেতা নেষ্যামি ॥১০॥

ভারতভাবদীপঃ

গতেষ্বিতি ॥১—৩॥ ভূতৈঃ প্রমথাখ্যৈঃ স্বপার্ষদৈঃ ॥৪—৭॥ অর্জ্জুনং হন্তুং তর্কয়ন্তমিচ্ছন্তং

মহাদেব, অনায়াসে কার্য্যকারী অর্জ্জুনের নিকটে যাইয়া 'মূক'-নামক অদ্ভুতাকৃতি একটা দানবকে দেখিতে পাইলেন ॥৭॥

এদিকে অর্জ্জুনও সেই মূকদানবের জিঘাংসার বিষয়ই যেন মনে মনে আলোচনা করিতে লাগিলেন, তখন সেই অতি দুষ্টাত্মা মূকদানব শূকরের রূপ ধারণ করিয়া অর্জ্জুনকে বধ করিতে আসিতে লাগিল। তখন অর্জ্জুন গাণ্ডীবধনু ও সর্পতুল্য বাণ লইযা, সেই শ্রেষ্ঠ ধনুতে গুণারোপণ করিয়া এবং জ্যাশব্দে সমস্ত দিক্ শব্দিত করিয়া মূকদানবকে বলিলেন—॥৮—৯॥

"আমি এখানে আগন্তুক এবং আমার কোন অপরাধ নাই; তথাপি তুই যখন আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছিস্, তখন আমিই তোকে আগে যমালযে পাঠাইব" ॥১০॥

এই কথা বলিয়া দৃঢ়ধন্বা অর্জ্জুন প্রহার করিতে প্রবৃত্ত হইলেন; ইহা দেখিয়া

(৮)…হন্তুং পরং দীপ্যমানম্…কা। (১১)…কিরাতরূপী ভগবান্…পি।

ময়ৈষ প্রার্থিতঃ পূর্ব্বং নীলমেঘসমপ্রভঃ।
অনাদৃত্যৈব তদ্বাক্যং প্রজহারৈব ফাল্গুনঃ ॥১২॥ (যুগ্মকম্)
কিরাতশ্চ সমং তস্মিন্নেকলক্ষ্যে মহাদ্যুতিঃ।
প্রমুমোচাশনিপ্রখ্যং শরমগ্নিশিখোপমম্ ॥১৩॥
তৌ মুক্তৌ সায়কৌ তাভ্যাং সমং তত্র নিপেততুঃ।
মূকস্য গাত্রে বিস্তীর্ণে শৈলসংহননে তদা ॥১৪॥
যথাশনের্বিনির্ঘোষো বজ্রস্যেব চ পর্ব্বতে।
তথা তয়োঃ সন্নিপাতঃ শরয়োরভবত্তদা ॥১৫॥
স বিদ্ধো বহুভির্বাণৈর্দীপ্তাস্যৈঃ পন্নগৈরিব।
মমার রাক্ষসং রূপং ভূয়ঃ কৃত্বা বিভীষণম্ ॥১৬॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। ফাল্গুনমর্জ্জুনম্। প্রার্থিতো হন্তুং যাচিত ইষ্ট ইত্যর্থঃ ॥১১—১২॥

কিরাত ইতি। কিরাতো ব্যাধরূপী শিবঃ, সমং সমানকালম্, তস্মিন্ মূকে ॥১৩॥

তাবিতি। তাভ্যাং কিরাতার্জ্জুনাভ্যাম্। শৈলসংহননে পর্ব্বততুল্যদৃঢ়গাত্রে ॥১৪॥

যথেতি। যথা অশনের্বিদ্যুতো বিনির্ঘোষঃ, "অশনিঃ পবিবিদ্যুতোঃ" ইতি বিশ্বঃ, পর্ব্বতে বজ্রস্য বিনির্ঘোষঃ শব্দ ইব চ, তথা তদা তয়োঃ শরয়োঃ সন্নিপাতো দানবদেহে সন্নিপতনশব্দঃ অভবৎ। এতেন দানবদেহস্য পর্ব্বততুল্যদৃঢ়ত্বং সূচিতম্ ॥১৫॥

স ইতি। দীপ্তাস্যৈরুজ্জ্বলমুখৈঃ। রাক্ষসং রাক্ষসবৎ, বিভীষণমতিদারুণম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ক্রোধেন দীপ্যমানমিব ॥৮—৯॥ নেতা নেষ্যামি ॥১০—১১॥ ইন্দ্রকীলো মাহেন্দ্রমণিময়ঃ পর্ব্বতঃ ॥১২॥ সমমেককালম্ ॥১৩॥ শৈলসংহননে শৈলবদ্ দৃঢ়ে ॥১৪॥ অশনির্মেঘজং বজ্রম্,

কিরাতরূপী মহাদেব এই বলিয়া তাঁহাকে বারণ করিলেন যে, "এই নীলমেঘতুল্য শূকরটাকে আমিই আগে বধ করিবার ইচ্ছা করিয়াছি।" কিন্তু অর্জ্জুন তাঁহার সেই বাক্য অগ্রাহ্য করিয়া প্রহারই করিলেন ॥১১—১২॥

মহাতেজা কিরাতও সেই একমাত্র লক্ষ্য মূকদানবের প্রতি এক সময়েই বজ্রের তুল্য বেগবান্ এবং অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল একটা বাণ নিক্ষেপ করিলেন ॥১৩॥

তখন কিরাতের ও অর্জ্জুনের নিক্ষিপ্ত সেই বাণ দুইটা যাইয়া, পর্ব্বতের ন্যায় দৃঢ় ও বিস্তৃত সেই মূকদানবের গাত্রে একসময়েই পতিত হইল ॥১৪॥

তখন বৈদ্যুতিক শব্দের ন্যায় এবং পর্ব্বতের উপরে বজ্রপাতশব্দের ন্যায়, দানবদেহে সেই বাণ দুইটার পতনশব্দ হইল ॥১৫॥

(১২)…ইন্দ্রকীলসমপ্রভঃ…কা।

স দদর্শ ততো জিষ্ণুঃ পুরুষং কাঞ্চনপ্রভম্।
কিরাতবেশসংছন্নং স্ত্রীসহায়মমিত্রহা ॥১৭॥
তমব্রবীৎ প্রীতমনাঃ কৌন্তেয়ঃ প্রহসন্নিব।
কো ভবানটতে শূন্যে বনে স্ত্রীগণসংবৃতঃ ॥১৮॥
ন ত্বমস্মিন্ বনে ঘোরে বিভেষি কনকপ্রভ !।
কিমর্থঞ্চ ত্বয়া বিদ্ধো বরাহো মৎপরিগ্রহঃ ॥১৯॥
ময়াভিপন্নঃ পূর্ব্বং হি রাক্ষসোঽয়মিহাগতঃ।
কামাৎ পরিভবাদ্বাপি ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥২০॥
ন হ্যেষ মৃগয়াধর্ম্মো যস্ত্বয়াদ্য কৃতো ময়ি।
তেন ত্বাং ভ্রংশয়িষ্যামি জীবিতাৎ পর্ব্বতাশ্রয় ! ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। জিষ্ণুরর্জ্জুনঃ। কাঞ্চনপ্রভং স্বর্ণকান্তিম্। অমিত্রহা শত্রুহন্তা ॥১৭॥

তমিতি। প্রীতমনাঃ, বীরস্য প্রতিবীরলাভে প্রীতেঃ স্বাভাবিকত্বাদিতি ভাবঃ ॥১৮॥

নেতি। ন বিভেষীতি কাকুঃ। মৎপরিগ্রহো মৎস্বীকৃতঃ ॥১৯॥

ময়েতি। ইহাগতঃ অয়ং রাক্ষসো রাক্ষসবদ্বিকটাকারো দানবঃ পূর্ব্বং হি ময়া অভিপন্নঃ প্রাপ্তঃ। কামাদিচ্ছাতঃ, পরিভবাদ্বাপি মৎপরিভবমভিপ্রেত্য বা, দ্বিতীয়া ল্যব্লোপে পঞ্চমী, ইমং বিধ্যন্নিতি শেষঃ, ত্বং জীবন্, মে মম হস্তান্ন বিমোক্ষ্যসে ॥২০॥

নেতি। পর্ব্বতাশ্রয়েতি সম্বোধনেনাসভ্যতাসূচনায় মৃগয়াধর্ম্মানভিজ্ঞত্বং সূচিতম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

বজ্রমিন্দ্রপ্রহরণম্, সন্নিপাতো যোগঃ ॥১৫॥ স দানবঃ রাক্ষসমিব ॥১৬—১৯॥ অভিপন্নঃ

তখন সেই দানব সর্পতুল্য উজ্জ্বলমুখ বহুতর বাণ দ্বারা আবার বিদ্ধ হইয়া রাক্ষসের ন্যায় অতিভীষণ আকৃতি ধারণ করিয়া মরিয়া গেল ॥১৬॥

তাহার পর, শত্রুহন্তা অর্জ্জুন—স্বর্ণকান্তি, ব্যাধবেশধারী এবং স্ত্রীসমূহসমন্বিত সেই পুরুষকে দেখিতে পাইলেন ॥১৭॥

তখন অর্জ্জুন আনন্দিত হইয়া হাসিতে হাসিতেই যেন সেই পুরুষটাকে বলিলেন —"কে তুমি নির্জ্জন বনে স্ত্রীবেষ্টিত হইযা বিচরণ করিতেছ ? ॥১৮॥

হে স্বর্ণকান্তি পুরুষ ! এই ভয়ঙ্কর বনে তোমার কি ভয় হইতেছে না ? কি জন্যই বা তুমি আমার শূকরটাকে বিদ্ধ করিলে ? ॥১৯॥

রাক্ষসের ন্যায় বিকটাকার এই দানব এখানে আসিলে, আমিই আগে উহাকে পাইযাছি ; সুতরাং ইচ্ছা করিয়াই হউক বা আমাকে পরিভূত করিবার উদ্দেশেই হউক, তুমি উহাকে বিদ্ধ করিয়া আমার হাত হইতে জীবিত অবস্থায় মুক্তিলাভ করিতে পারিবে না ॥২০॥

ইত্যুক্তঃ পাণ্ডবেয়েন কিরাতঃ প্রহসন্নিব।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা পাণ্ডবং সব্যসাচিনম্ ॥২২॥
ন মৎকৃতে ত্বয়া বীর! ভীঃ কার্য্যা বনমন্তিকাৎ।
ইয়ং ভূমিঃ সদাস্মাকমুচিতা বসতাং বনে ॥২৩॥
ত্বয়া তু দুষ্করঃ কস্মাদিহ বাসঃ প্ররোচিতঃ।
বয়ন্তু বহুসত্ত্বেঽস্মিন্ নিবসামস্তপোধন! ॥২৪॥
ভবাংস্তু কৃষ্ণবর্ত্মাভঃ সুকুমারঃ সুখোচিতঃ।
কথং শূন্যমিমং দেশমেকাকী বিচরিষ্যতি ॥২৫॥

অর্জ্জুন উবাচ।

গাণ্ডীবমাশ্রয়ং কৃত্বা নারাচাংশ্চাগ্নিসন্নিভান্।
নিবসামি মহারণ্যে দ্বিতীয় ইব পাবকঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ইতীতি। পাণ্ডবেযেন অর্জ্জুনেন। শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥২২॥

নেতি। হে বীর! ত্বয়া, বনমন্তিকাৎ বনং তদন্তিকঞ্চ প্রাপ্য, মৎকৃতে মন্নিমিত্তা, ভীর্ভয়ং ন কার্য্যা। বনে বসতামস্মাকম্, ইয়ং ভূমিঃ, সদৈবোচিতা অভ্যস্তা ॥২৩॥

ত্বয়েতি। প্ররোচিতঃ অভিপ্রেতঃ। বহূনি সত্ত্বানি জন্তবো যত্র তস্মিন্ ॥২৪॥

ভবানিতি। কৃষ্ণবর্ত্মাভঃ অগ্নিতুল্যতেজাঃ সুখোচিতঃ সুখভোগ এবাভ্যস্তঃ ॥২৫॥

গাণ্ডীবমিতি। নারাচান্ বাণবিশেষান্। অত একাকিত্বেঽপি ন ভয়মিতি ভাবঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

পরিগৃহীতঃ কামাদ্যদৃচ্ছাতঃ, পরিভবাৎ মমাভিভবায় ॥২০—২২॥ মৎকৃতে মন্নিমিত্তম্, বনমন্তিকাদ্বনস্য সমীপে ॥২৩॥ প্ররোচিতঃ স্বীকৃতঃ ॥২৪—২৫॥ পাবকিঃ স্বামী কার্ত্তিকেয়ঃ

কারণ, তুমি আজ আমার বিষয়ে যে ব্যবহার করিয়াছ, এটা মৃগয়ার নিয়ম নহে; অতএব পার্ব্বত্য! আমি তোমাকে প্রাণচ্যুত করিব" ॥২১॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ব্যাধ হাসিতে হাসিতেই যেন কোমল বাক্যে অর্জ্জুনকে বলিল—॥২২॥

"বীর! তুমি বনের নিকটে আমা হইতে কোন ভয় করিও না। আমরা এই বনেই বাস করি বলিয়া এই স্থান সর্ব্বদাই আমাদের পরিচিত ॥২৩॥

কিন্তু তপোধন! তুমি কি কারণে এই বনে দুষ্কর বাস করিবার ইচ্ছা করিয়াছ? তবে আমরা বহু জন্তুপূর্ণ এই বনেই বাস করিয়া থাকি ॥২৪॥

কিন্তু তুমি অগ্নির তুল্য তেজস্বী, সুকুমারদেহ এবং সুখভোগে অভ্যস্ত; সুতরাং তুমি একাকী কি করিয়া এই শূন্যবনে বিচরণ করিবে?" ॥২৫॥

এষ চাপি ময়া জন্তুর্ম্মৃগরূপং সমাশ্রিতঃ।
রাক্ষসো নিহতো ঘোরো হন্তুং মামিহ চাগতঃ ॥২৭॥

কিরাত উবাচ।

ময়ৈবৈষ ধনুর্ম্মুক্তৈস্তাড়িতঃ পূর্ব্বমেব হি।
বাণৈরভিহতঃ শেতে নীতশ্চ যমসাদনম্ ॥২৮॥
মমৈষ লক্ষ্যভূতো হি পূর্ব্বমেব পরিগ্রহঃ।
মমৈব চ প্রহারেণ জীবিতাদ্ব্যবরোপিতঃ ॥২৯॥
দোষান্ স্বান্ নার্হসেঽন্যস্মৈ বক্তুং স্ববলদর্পিতঃ।
অবলিপ্তোঽসি মন্দাত্মন্! ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥৩০॥
স্থিরো ভবস্ব মোক্ষ্যামি সায়কানশনীনিব।
ঘটস্ব পরয়া শক্ত্যা মুঞ্চ ত্বমপি সায়কান্ ॥৩১॥

ভারতকৌমুদী

এষ ইতি। মৃগরূপং পশুরূপং বরাহমূর্ত্তিমিত্যর্থঃ। "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥২৭॥
কলহমারভমাণঃ "ময়াভিপন্নঃ পূর্ব্বং হি" ইত্যস্যোত্তরমাহ—ময়েতি। এষ পশুঃ ॥২৮॥
মমেতি। লক্ষ্যভূতো দৃশ্যো জাতঃ, পরিগৃহ্যত ইতি পরিগ্রহঃ স্বীকারবিষয়ঃ ॥২৯॥
দোষানিতি। দোষান্ পরকীয়ে পশৌ প্রহারাদীন্। অবলিপ্তো গর্ব্বিতঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

॥২৬—২৯॥ দোষান্ মৃগয়াধর্ম্মাতিক্রমরূপান্ ॥৩০॥ স্থিরঃ সন্ ভবস্ব প্রাপ্নুহি ॥৩১—৩৩॥

অর্জ্জুন বলিলেন—"গাণ্ডীব ধনু এবং অগ্নিতুল্য নারাচ (বাণবিশেষ) সকল আশ্রয় করিয়া আমি দ্বিতীয় অগ্নির ন্যায় এই মহাবনে বাস করিব ॥২৬॥

এই দারুণ রাক্ষস আমাকে বধ করিবার জন্য বরাহরূপ ধারণ করিয়া এখানে আসিয়াছিল; তাই আমি উহাকে বধ করিয়াছি" ॥২৭॥

ব্যাধ বলিল—"আমিই আগে উহাকে ধনুঃক্ষিপ্ত বাণ দ্বারা তাড়ন করিয়াছি এবং বধও করিয়াছি, যমালয়েও পাঠাইয়াছি ॥২৮॥

এই বরাহটা প্রথমে আমারই লক্ষ্য হইয়াছিল; সুতরাং আমারই হইয়াছিল এবং আমার প্রহারেই এটা প্রাণচ্যুত হইয়াছে ॥২৯॥

তুমি আপন বলে দর্পিত কি না; তাই অন্যের নিকট নিজের দোষ বলিতে পারিতেছ না, তুমি গর্ব্বিত হইয়াছ; সুতরাং মূর্খ! তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তিলাভ করিতে পারিবে না ॥৩০॥

---

(২৭) এষ চাপি মহাজন্তুঃ...কা, মৃগরূপং সমাস্থিতঃ · পি। (২৮) ময়ৈব ধনুর্নির্ম্মুক্তৈঃ ·· কা নি ব, ময়ৈষ ধনুর্নির্ম্মুক্তঃ·· বা। (২৯)·· মম পূর্ব্বপরিগ্রহঃ...বা ব কা।

তস্য তদ্বচনং শ্রুত্বা কিরাতস্যার্জ্জুনস্তদা।
রোষমাহারয়ামাস তাড়য়ামাস চেষুভিঃ ॥৩২॥
ততো হৃষ্টেন মনসা প্রতিজগ্রাহ সায়কান্।
ভূয়ো ভূয় ইতি প্রাহ মন্দ! মন্দেত্যুবাচ হ ॥৩৩॥
প্রহরস্ব শরানেতান্ নারাচান্ মর্ম্মভেদিনঃ।
ইত্যুক্তো বাণবর্ষং স মুমোচ সহসার্জ্জুনঃ ॥৩৪॥
ততস্তৌ তত্র সংরব্ধৌ রাজমানৌ মুহুর্মুহুঃ।
শরৈরাশীবিষাকারৈস্ততক্ষাতে পরস্পরম্ ॥৩৫॥
ততোঽর্জ্জুনঃ শরবর্ষং কিরাতে সমবাসৃজৎ।
তৎ প্রসন্নেন মনসা প্রতিজগ্রাহ শঙ্করঃ ॥৩৬॥
মুহূর্ত্তং শববর্ষং তৎ প্রতিগৃহ্য পিনাকধৃক্।
অক্ষতেন শরীরেণ তস্থৌ গিরিরিবাচলঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

স্থির ইতি। ভবস্বেত্যাত্মনেপদমার্ষম্। ঘটস্ব ময়া সার্দ্ধং যুদ্ধে সংযুজ্যস্ব ॥৩১॥
তস্যেতি। আহারয়ামাস আবিশ্চকার। ইষুভির্বাণৈঃ ॥৩২॥
তত ইতি। ইতি 'স্থিরো ভবস্ব' ইত্যাদি বাক্যং প্রাহ স্ম, কিরাত ইতি শেষঃ ॥৩৩॥
প্রেতি। নারাচান্ তদ্রূপান্ শরান্। ইত্যুক্তঃ কিরাতেন মুমোচ চকার ॥৩৪॥
তত ইতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। আশীবিষাকারৈঃ সর্পতুল্যৈঃ, ততক্ষাতে প্রজহ্রতুঃ ॥৩৫॥
তত ইতি। কিরাতে ব্যাধোপরি, সমবাসৃজৎ কৃতবান্। তৎ শরবর্ষম্ ॥৩৬॥

তুমি স্থির হও; আমি বজ্রতুল্য বাণ নিক্ষেপ করিব; তুমি তোমার পরম শক্তি সহকারে আমার সহিত মিলিত হও এবং তুমিও বাণক্ষেপ কর" ॥৩১॥

তখন অর্জ্জুন সেই ব্যাধের সেই বাক্য শুনিয়া ক্রোধ প্রকাশ করিলেন এবং বাণ দ্বারা তাহাকে তাড়ন করিলেন ॥৩২॥

তাহার পর, ব্যাধ হৃষ্টচিত্তে সেই বাণ সকল গ্রহণ করিল এবং বার বার "স্থির হও" এই কথা বলিল, আর "মূর্খ! মূর্খ!" বলিয়া সম্বোধন করিল ॥৩৩॥

এবং "এই সকল মর্ম্মভেদী নারাচবাণ নিক্ষেপ কর" এই কথাও কহিল। তখন অর্জ্জুন তৎক্ষণাৎ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৪॥

তৎপরে তাঁহারা দুই জনেই ক্রুদ্ধ হইয়া, পরাক্রমবশতঃ শোভা পাইতে থাকিয়া, সর্পতুল্য বাণদ্বারা বার বার পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৩৫॥

তৎপরে—অর্জ্জুন ব্যাধের উপরে বাণবৃষ্টি করিতে লাগিলেন; ব্যাধরূপী মহাদেবও তাহা প্রসন্নচিত্তে আপন অঙ্গে ধারণ করিতে থাকিলেন ॥৩৬॥

স দৃষ্ট্বা বাণবর্ষন্তু মোঘীভূতং ধনঞ্জয়ঃ।
পরমং বিস্ময়ং চক্রে সাধু সাধ্বিতি চাব্রবীৎ ॥৩৮॥
অহোঽয়ং স্বকুমারাঙ্গো হিমবৎপর্ব্বতাশ্রয়ঃ।
গাণ্ডীবমুক্তান্ নারাচান্ প্রতিগৃহ্লাত্যবিহ্বলঃ ॥৩৯॥
কোঽয়ং দেবো ভবেৎ সাক্ষাদ্রুদ্রো যক্ষঃ সুবোঽসুরঃ।
বিদ্যতে হি গিরিশ্রেষ্ঠে ত্রিদশানাং সমাগমঃ ॥৪০॥
ন হি মদ্বাণজালানামুৎসৃষ্টানাং সহস্রশঃ।
শক্তোঽন্যঃ সহিতুং বেগমৃতে দেবং পিনাকিনম্ ॥৪১॥
দেবো বা যদি বা যক্ষো রুদ্রাদন্যো ব্যবস্থিতঃ।
অহমেনং শরৈস্তীক্ষ্ণৈর্নয়ামি যমসাদনম্ ॥৪২॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তমিতি। প্রতিগৃহ্য স্বাঙ্গে ধারয়িত্বা, পিনাকধৃক্ কিরাতরূপী শিবঃ ॥৩৭॥
স ইতি। মোঘীভূতং ব্যর্থীভূতম্। পরমং বিস্ময়ং চক্রে, অস্ত্রাব্যর্থত্বাৎ ॥৩৮॥
তর্কয়তি চতুর্ভিঃ—অহো ইতি। অহো অয়মিতি প্রকৃতিসন্ধবেঽপ্যকারলোপ আর্ষঃ ॥৩৯॥
ক ইতি। অয়ং কঃ, কিং সাক্ষাদ্রুদ্রো দেবো ভবেদিত্যাদিরূপো বিতর্কঃ ॥৪০॥
নেতি। উৎসৃষ্টানাং নিক্ষিপ্তানাম্। ঋতে বিনা, পিনাকিনং শিবম্ ॥৪১॥
দেব ইতি। ব্যবস্থিতো বিশেষেণাবস্থিতো ভবেৎ, তদেতি শেষঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

নারাচান্ শরজাতিভেদান্ ॥৩৪—৩৮॥ অহোঽয়মিতি সন্ধিরার্ষঃ ॥৩৯—৪০॥ সহিতুং সোঢ়ুম্,

---

ব্যাধরূপী মহাদেব কিছুকাল সেই বাণবৃষ্টি ধারণ করিয়া অক্ষত শরীরেই পর্ব্বতের ন্যায় অচল রহিলেন ॥৩৭॥

অর্জ্জুন নিজের বাণবর্ষণ ব্যর্থ হইয়াছে দেখিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং 'সাধু সাধু' এই কথা বলিলেন ॥৩৮॥

(আর, মনে মনে ভাবিলেন—) 'হিমালয়বাসী এই কোমলাঙ্গ ব্যাধ অবিহ্বল থাকিয়াই গাণ্ডীবনিক্ষিপ্ত নারাচগুলি গ্রহণ করিতেছে ; কি আশ্চর্য্য ! ॥৩৯॥

এ ব্যক্তি—কে ? ইনি কি সাক্ষাৎ মহাদেব হইবেন ? না কোন যক্ষ ? না দেবতা ? না অসুর ? কারণ, হিমালয়ে দেবতাপ্রভৃতির সমাগম হইয়া থাকে ॥৪০॥

আমার নিক্ষিপ্ত বাণসমূহের বেগ, মহাদেব ভিন্ন অন্য কেহই সহ্য করিতে সমর্থ হয় না ॥৪১॥

---

(৩৯)...হিমবচ্ছিখরাশ্রয়ঃ ..বা ব কা নি।

ততো হৃষ্টমনা জিষ্ণুর্নারাচান্ মর্ম্মভেদিনঃ।
ব্যসৃজচ্ছতধা তত্র ময়ূখানিব ভাস্করঃ ॥৪৩॥
তান্ প্রসন্নেন মনসা ভগবান্ লোকভাবনঃ।
শূলপাণিঃ প্রত্যগৃহ্লাচ্ছিলাবর্ষমিবাচলঃ ॥৪৪॥
ক্ষণেন ক্ষীণবাণোঽথ সংবৃত্তঃ ফাল্গুনস্তদা।
বিত্রাসঞ্চ জগামাথ তং দৃষ্ট্বা শবসংক্ষয়ম্ ॥৪৫॥
চিন্তয়ামাস জিষ্ণুশ্চ ভগবন্তং হুতাশনম্।
পুরস্তাদক্ষয়ৌ দত্তৌ তূণৌ যেনাস্য খাণ্ডবে ॥৪৬॥
কিন্তু মোক্ষ্যামি ধনুষা যন্মে বাণাঃ ক্ষয়ং গতাঃ।
অয়ঞ্চ পুরুষঃ কোঽপি বাণান্ গ্রসতি সর্ব্বশঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

তত ইতি। জিষ্ণুরর্জ্জুনঃ। তত্র কিবাতশরীরে। ময়ূখান্ কিরণান্ ॥৪৩॥
তানিতি। লোকভাবনো জগৎসৃষ্টিকর্ত্তা। শিলাবর্ষং করকাবর্ষণম্ ॥৪৪॥
ক্ষণেনেতি। সংবৃত্তঃ সঞ্জাতঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ। বিত্রাসং বিশেষভয়ম্ ॥৪৫॥
চিন্তয়ামাসেতি। পুরস্তাৎ পূর্ব্বম্। অস্য জিষ্ণোঃ, খাণ্ডবে তদ্দাহকালে ॥৪৬॥
দ্বাভ্যামর্জ্জুনস্য বিতর্কমাহ—কিমিতি। কোঽপি অনির্ব্বচনীয়ঃ সর্ব্বশঃ সর্ব্বান্ ॥৪৭॥

এই ব্যক্তি যদি মহাদেব ভিন্ন অপর কোন দেবতা বা যক্ষ হন, তবে আমি ইঁহাকে তীক্ষ্ণ বাণদ্বারা যমালয়ে প্রেরণ করিব' ॥৪২॥

তদনন্তর, সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেইরূপ হৃষ্টচিত্ত অর্জ্জুন শত শত মর্ম্মভেদী নারাচ কিরাতের উপরে নিক্ষেপ করিলেন ॥৪৩॥

তখন পর্ব্বত যেমন শিলাবৃষ্টি গ্রহণ করে, সেইরূপ জগৎসৃষ্টিকর্ত্তা কিরাতরূপী ভগবান্ মহাদেব প্রসন্নচিত্তে সেই নারাচবৃষ্টি গ্রহণ করিলেন ॥৪৪॥

তাহার পর, অর্জ্জুন ক্ষণকালমধ্যেই বাণশূন্য হইয়া পড়িলেন এবং বাণগুলি ক্ষয় পাইয়াছে দেখিয়া অত্যন্ত ভীত হইলেন ॥৪৫॥

তখন অর্জ্জুন ভগবান্ অগ্নিদেবকে স্মরণ করিলেন, যিনি পূর্ব্বে খাণ্ডববনদাহের সময়ে তাঁহাকে দুইটী অক্ষয় তূণ দিয়াছিলেন ॥৪৬॥

(সেই সময়ে অর্জ্জুন মনে মনে ভাবিতে লাগিলেন—) 'এখন আমি ধনুর্দ্বারা কি নিক্ষেপ করিব ; যেহেতু আমার সমস্ত বাণই নিঃশেষ হইয়াছে। এ পুরুষটাও অনির্ব্বচনীয়ই বটে ; যেহেতু সমস্ত বাণগুলিই গ্রাস করিয়াছে। ॥৪৭॥

[৪৩]…ব্যসৃজচ্ছতধা বাজন্।…বা ব কা নি। (৪৫)…ভীশৈচনমাবিশত্তীব্রা তং দৃষ্ট্বা… বা ব কা নি।

হত্বা চৈনং ধনুষ্কোট্যা শূলাগ্রেণেব কুঞ্জরম্।
নয়ামি দণ্ডধারস্য যমস্য সদনং প্রতি ॥৪৮॥
প্রগৃহ্যাথ ধনুষ্কোট্যা জ্যাঞ্চাক্ষিপ্য ধনঞ্জয়ঃ।
মুষ্টিভিশ্চাপি হতবান্ বজ্রকল্পৈর্মহাদ্যুতিঃ ॥৪৯॥
সম্প্রাযুধ্যদ্ধনুষ্কোট্যা কৌন্তেয়ঃ পরবীরহা।
তদপ্যস্য ধনুর্দিব্যং জগ্রাহ গিরিগোচরঃ ॥৫০॥
ততোঽর্জ্জুনো গ্রস্তধনুঃ খড়্গপাণিরতিষ্ঠত।
যুদ্ধস্যান্তমভীপ্সন্ বৈ বেগেনাভিজগাম তম্ ॥৫১॥
তস্য মূর্দ্ধ্নি শিতং খড়্গমসক্তং পর্ব্বতেষ্বপি।
মুমোচ ভুজবীর্য্যেণ বিক্রম্য কুরুনন্দনঃ ॥৫২॥

ভারতকৌমুদী

হত্বেতি। ধনুষঃ কোট্যা অগ্রদেশেন। কুঞ্জরং হস্তিনম্ ॥৪৮॥
প্রগৃহ্যেতি। জ্যাং গুণম্, আক্ষিপ্য ধনুরগ্রে যোজয়িত্বা, তয়া ধনুষ্কোট্যা ॥৪৯॥
সমিতি। সম্প্রাযুধ্যৎ প্রাহরৎ। গিরিগোচরঃ পর্ব্বতবাসী কিরাতঃ ॥৫০॥
তত ইতি। ততো গ্রহণানন্তরমেব গ্রস্তং কিরাতেন মুখে প্রবেশিতং ধনুর্যস্য সঃ ॥৫১॥
তস্যেতি। অসক্তম অচ্ছিত্ত্বা অলগ্নং পর্ব্বতস্যাপি চ্ছেদকমিত্যর্থঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

ঋতে বিনা ॥৩১—৪৯॥ সম্প্রযুদ্ধঃ সম্যক্ প্রযুদ্ধং প্রহৃতং প্রহারো যস্য সঃ ॥৫০—৫১॥

(সে যাহা হউক,) শূলাগ্রদ্বারা যেমন হস্তীকে বধ করে, তেমন ধনুর অগ্রদ্বারা ইহাকে বধ করিয়া যমালয়ে প্রেরণ করি' ॥৪৮॥

ইহা ভাবিয়া মহাতেজা অর্জ্জুন ধনুর অগ্রে গুণসংযোগ করিয়া, তাহা দ্বারা ধরিয়া বজ্রতুল্য মুষ্টিদ্বারা প্রহার করিলেন ॥৪৯॥

পরে, শত্রুহন্তা অর্জ্জুন ধনুর অগ্রদ্বারাই যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন; তখন সেই ব্যাধ অর্জ্জুনের সেই অলৌকিক ধনুও ধরিয়া ফেলিল ॥৫০॥

এবং ধরিয়া ফেলিয়াই তাহা গ্রাস করিয়া ফেলিল। তখন অর্জ্জুন তরবারি ধারণ করিলেন এবং যুদ্ধ শেষ করিবার ইচ্ছায় ব্যাধের প্রতি বেগে ধাবিত হইলেন ॥৫১॥

এবং পর্ব্বতও ছেদন করিতে সমর্থ, এহেন সেই তীক্ষ্ণধার তরবারিখানাকে বিক্রমসহকারে সম্পূর্ণ বাহুবল প্রয়োগ করিয়া ব্যাধের মস্তকে নিক্ষেপ করিলেন ॥৫২॥

(৪৯)…জ্যাপাশেনাবরুহ্য চ…বা ব কা নি। (৫০) সম্প্রযুদ্ধঃ…বা ব কা নি।

তস্য মূৰ্দ্ধানমাসাদ্য পফালাসিবরো হি সঃ।
ততো বৃক্ষৈঃ শিলাভিশ্চ যোধয়ামাস ফাল্গুনঃ ॥৫৩॥
তদা বৃক্ষান্ মহাকায়ঃ প্রত্যগৃহ্লাদথো শিলাঃ।
কিরাতরূপী ভগবাংস্ততঃ পার্থো মহাবলঃ ॥৫৪॥
মুষ্টিভির্বজ্রসঙ্কাশৈর্ধূমমুৎপাদয়ন্ মুখে।
প্রজহার দুরাধর্ষে কিরাতসমরূপিণি ॥৫৫॥ (যুগ্মকম্)
ততঃ শক্রাশনিসমৈর্মুষ্টিভির্ভৃশদারুণৈঃ।
কিরাতরূপী ভগবানর্দ্দয়ামাস ফাল্গুনম্ ॥৫৬॥
ততশ্চটচটাশব্দঃ সুঘোরঃ সমপদ্যত।
পাণ্ডবস্য চ মুষ্টীনাং কিরাতস্য চ যুধ্যতঃ ॥৫৭॥
সুমুহূৰ্ত্তং তয়োর্যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
ভুজপ্রহারসংযুক্তং বৃত্রবাসবয়োরিব ॥৫৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। পফাল ভৃশং লম্ফনং চকার, লৌহস্যেব মুদ্ধে। দৃঢ়ত্বাদিত্যাশয়ঃ ॥৫৩॥
তত ইতি। প্রত্যগৃহ্লাদগ্রসৎ। ধূমং শ্রমাতিশয়াচ্ছ্বাসাতিশয়েন বাষ্পম্ ॥৫৪—৫৫॥
তত ইতি। শক্রাশনিসমৈঃ ইন্দ্রক্ষিপ্তবজ্রতুল্যৈঃ ॥৫৬॥
তত ইতি। মুষ্টীনাং মুষ্টিপাতানাং চটচটাশব্দ ইতি সম্বন্ধঃ ॥৫৭॥
স্বিতি। সুমুহূর্ত্তং পূর্ণৈকমুহূর্ত্তং যাবৎ, তয়োঃ কিরাতার্জ্জুনয়োঃ ॥৫৮॥

তখন সেই উৎকৃষ্ট তরবারিখানা ব্যাধের মস্তকে পড়িয়া লাফাইয়া উঠিল। তাহার পর অর্জ্জুন বৃক্ষ ও শিলা বর্ষণ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৩॥

তখন বিশালমূর্ত্তি কিরাতরূপী ভগবান্ মহাদেব সেই সকল বৃক্ষ এবং শিলাও গ্রাস করিতে লাগিলেন। তৎপরে মহাবল অর্জ্জুন মুখে ধূম উদ্গার করিতে থাকিয়া বজ্রতুল্য মুষ্টিদ্বারা দুৰ্দ্ধর্ষ ব্যাধকে প্রহার করিলেন ॥৫৪—৫৫॥

তখন ব্যাধরূপী মহাদেবও বজ্রতুল্য অতিদারুণ মুষ্টিদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৬॥

সেই সময়ে যুধ্যমান অর্জ্জুনের ও ব্যাধের মুষ্টিপ্রহার হইতে থাকায় ভয়ঙ্কর 'চটচটা'-শব্দ হইতে লাগিল ॥৫৭॥

বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় ব্যাধ ও অর্জ্জুনের সেই লোমহর্ষণ বাহুযুদ্ধ পূর্ণ একমুহূর্ত্তকাল হইল ॥৫৮॥

---

(৫৮) সুমুহূর্ত্তস্তু তদ্যুদ্ধম্…বা ব কা, সুমুহূর্ত্তমভূদ্‌যুদ্ধমাসীত্তল্লোমহর্ষণম্…পি।

জঘানাথ ততো জিষ্ণুঃ কিরাতমুরসা বলী।
পাণ্ডবঞ্চ বিচেষ্টন্তং কিরাতোঽপ্যহনদ্বলাৎ ॥৫৯॥
তয়োর্ভুজবিনিষ্পেষাৎ সংঘর্ষেণোরসোস্তথা।
সমজায়ত গাত্রেষু পাবকোঽঙ্গারধূমবান্ ॥৬০॥
তত এনং মহাদেবঃ পীড্য গাত্রৈঃ সুপীড়িতম্।
তেজসাব্যক্রমদ্রোষাচ্চেতস্তস্য বিমোহয়ন্ ॥৬১॥
ততোঽতিপীড়িতৈর্গাত্রৈঃ পিণ্ডীকৃত ইবাবভৌ।
ফাল্গুনো গাত্রসংরুদ্ধো দেবদেবেন ভারত! ॥৬২॥
নিরুচ্ছ্বাসোঽভবচ্চৈব সন্নিরুদ্ধো মহাত্মনা।
পপাত ভূম্যাং নিশ্চেষ্টো গতসত্ত্ব ইবাভবৎ ॥৬৩॥

ভারতকৌমুদী

জঘানেতি। বিচেষ্টন্তম্—কিরাতবাহ্বোরন্তরাদ্বহির্ভবিতুং স্পন্দমানম্ ॥৫৯॥
তয়োরিতি। উরসোর্বক্ষসোঃ। গাত্রেষু অঙ্গেষু, পাবকঃ সমজায়তেব ॥৬০॥
তত ইতি। পীড্য পীড়য়িত্বা। আব্যক্রমৎ বিশেষেণাক্রামৎ। চেতশ্চৈতন্যম্ ॥৬১॥
তত ইতি। পিণ্ডীকৃত ইব সঙ্কোচিতদেহ ইব। গাত্রৈঃ সংরুদ্ধ আক্রান্তঃ ॥৬২॥
নিরিতি। নিরুচ্ছ্বাসঃ শ্বাসপ্রশ্বাসরহিতঃ। গতসত্ত্বঃ প্রাণহীনঃ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

অসক্তমকুণ্ঠিতম্ ॥৫২॥ পফাল বিশীর্ণঃ ॥৫৩—৫৪॥ ধূমং ক্রোধাবেশেন ॥৫৫—৬০॥ পীড্য

তাহার পর বলবান্ অর্জ্জুন বক্ষদ্বারা ব্যাধকে আঘাত করিলেন; ব্যাধও বলপূর্ব্বক স্পন্দিতদেহ অর্জ্জুনকে প্রহার করিলেন ॥৫৯॥

তাঁহাদের বাহুনিষ্পেষণে এবং বক্ষের সংঘর্ষে অঙ্গে যেন ধূমশালী কাষ্ঠাগ্নি উৎপন্ন হইল ॥৬০॥

তাহার পর মহাদেব আপন অঙ্গদ্বারা অর্জ্জুনকে নিপীড়িত করিয়া, তাঁহার চৈতন্যলোপ করিতে থাকিয়া, ক্রোধে অধিক তেজে আক্রমণ করিলেন ॥৬১॥

ভরতনন্দন! তৎপরে অর্জ্জুন মহাদেবের অঙ্গে আবদ্ধ হইয়া, অতি পীড়িত গাত্রে একেবারে যেন সঙ্কুচিত হইয়া পড়িলেন ॥৬২॥

মহাদেবের অঙ্গদ্বারা দৃঢ় আবদ্ধ হওয়ায় অর্জ্জুনের শ্বাসরোধ হইয়া গেল; তিনি নিস্পন্দ হইয়া ভূতলে পতিত হইলেন এবং তাঁহার প্রাণ যেন বাহির হইয়া গেল ॥৬৩॥

(৫৯)…কিরাতোঽপ্যহনদ্বলী…বা ব কা পি।

স মুহূর্ত্তং তথা ভূত্বা সচেতাঃ পুনরুত্থিতঃ।
রুধিরেণাপ্লুতাঙ্গস্তু পাণ্ডবো ভৃশদুঃখিতঃ ॥৬৪॥
শরণ্যং শরণং গত্বা ভগবন্তং পিনাকিনম্।
মৃন্ময়ং স্থণ্ডিলং কৃত্বা মাল্যেনাপূজয়দ্ভবম্ ॥৬৫॥
তচ্চ মাল্যং তদা পার্থঃ কিরাতশিরসি স্থিতম্।
অপশ্যৎ পাণ্ডবশ্রেষ্ঠো হর্ষেণ প্রকৃতিং গতঃ ॥৬৬॥
পপাত পাদয়োস্তস্য ততঃ প্রীতোঽভবদ্ভবঃ।
উবাচ চৈনং বচসা মেঘগম্ভীরগীর্ভবঃ।
জাতবিস্ময়মালোক্য তপঃক্ষীণাঙ্গসংহতিম্ ॥৬৭॥

ভব উবাচ।

ভো ভো ফাল্গুন! তুষ্টোঽস্মি কর্ম্মণাঽপ্রতিমেন তে।
শৌর্য্যেণানেন ধৃত্যা চ ক্ষত্রিয়ো নাস্তি তে সমঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

স ইতি। সচেতাঃ প্রাপ্তচৈতন্যঃ। ভৃশদুঃখিতঃ সন্নুত্থিত ইতি সম্বন্ধঃ ॥৬৪॥
শরণ্যমিতি। স্থণ্ডিলং স্থণ্ডিলোপবিশিবপ্রতিমাম্। ভবং মহাদেবম্ ॥৬৫॥
তদিতি। হর্ষেণানন্দেন, প্রকৃতিং বিষাদাপগমাৎ স্বভাবম্, গতঃ প্রাপ্তঃ ॥৬৬॥
পপাতেতি। মেঘস্যেব গম্ভীরা গীর্বাক্যং যস্য সঃ। ষট্‌পাদাত্মকং শ্লোকঃ ॥৬৭॥
ভো ইতি। অপ্রতিমেন অনুপমেন। ধৃত্যা ধৈর্য্যেণ। সমঃ সমানঃ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

নিপীড্য ॥৬১॥ গাত্রেষু সংরুদ্ধশ্চলনহীনঃ ॥৬২—৬৫॥ প্রকৃতিং স্বাস্থ্যম্ ॥৬৬—৬৯॥

তিনি মুহূর্ত্তকাল সেই ভাবে থাকিয়া, আবার চৈতন্যলাভ করিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া, রক্তাক্তদেহে গাত্রোত্থান করিলেন ॥৬৪॥

এবং শরণাগতরক্ষক ভগবান্ মহাদেবের শরণাপন্ন হইয়া, স্থণ্ডিলের উপরে তাঁহার মৃন্ময় প্রতিমা নির্ম্মাণ করিয়া, মালা দ্বারা তাঁহার পূজা করিলেন ॥৬৫॥

তখন পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন সেই মালাটী ব্যাধেরই মস্তকে অবস্থিত দেখিলেন; অমনি তিনি আনন্দে প্রকৃতিস্থ হইলেন ॥৬৬॥

এবং কিরাতরূপী মহাদেবের চরণযুগলে পতিত হইলেন। তখন মহাদেব সন্তুষ্ট হইয়া, অর্জ্জুনকে বিস্ময়াপন্ন ও তপঃক্ষীণাঙ্গ দেখিয়া, মেঘগম্ভীর বাক্যে তাঁহাকে বলিলেন ॥৬৭॥

মহাদেব কহিলেন—"অর্জ্জুন! অর্জ্জুন! আমি তোমার এই অতুলনীয় বীরত্বে ও ধৈর্য্যগুণে সন্তুষ্ট হইয়াছি; তোমার তুল্য ক্ষত্রিয় নাই ॥৬৮॥

সমং তেজশ্চ বীর্য্যঞ্চ মমাদ্য তব চানঘ !।
প্রীতস্তেঽহং মহাবাহো ! পশ্য মাং ভরতর্ষভ ! ॥৬৯॥
দদামি তে বিশালাক্ষ ! চক্ষুঃ পূর্ব্ব ঋষির্ভবান্।
বিজেষ্যসি রণে শত্রূনপি সর্ব্বান্ দিবৌকসঃ ॥৭০॥
প্রীত্যা চ তেঽহং দাস্যামি যদস্ত্রমনিবারিতম্।
ত্বং হি শক্তো মদীয়ং তদস্ত্রং ধারয়িতুং ক্ষণাৎ ॥৭১॥

বৈশম্পায়ন উবাচ।

ততো দেবং মহাদেবং গিরিশং শূলপাণিনম্।
দদর্শ ফাল্গুনস্তত্র সহ দেব্যা মহাদ্যুতিম্ ॥৭২॥
সজানুভ্যাং মহীং গত্বা শিরসা প্রণিপত্য চ।
প্রসাদয়ামাস হরং পার্থঃ পরপুরঞ্জয়ঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

সমমিতি। সমং সমানম্, তেজ উৎসাহঃ। মাং মৎপ্রকৃতরূপম্ ॥৬৯॥
দদামীতি। চক্ষুঃ মদ্দর্শনযোগ্যং নয়নম্। যেন হি ভবান্ পূর্ব্ব ঋষিঃ ॥৭০॥
প্রীত্যেতি। অনিবারিতং বিপক্ষৈরিতি শেষঃ। ক্ষণাৎ অচিরকালাদেব ॥৭১॥
তত ইতি। শূলেন পণিতুং যুদ্ধে ব্যবহর্ত্তুং শীলমস্যেতি তম্। পণতের্ণিন্ ॥৭২॥
স ইতি। মহীং গত্বা ভূতলং সংস্পৃশ্য। প্রসাদয়ামাস স্তবেনেতি শেষঃ ॥৭৩॥

হে নিষ্পাপ মহাবাহু ভরতশ্রেষ্ঠ ! আজ আমার ও তোমার উৎসাহ ও বল সমানই দেখিলাম ; সুতরাং আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি ; তুমি আমার স্বরূপ দর্শন কর ॥৬৯॥

বিশালনয়ন ! তুমি পূর্ব্বজন্মে ঋষি ছিলে ; সুতরাং তোমাকে আমি দিব্যচক্ষু দিতেছি ; আর তুমি যুদ্ধে সমস্ত শত্রুকে এবং সমস্ত দেবতাকেও জয় করিতে পারিবে ॥৭০॥

আমার যে অস্ত্র অন্য কেহই নিবারণ করিতে পারে নাই, আমি প্রীতিবশতঃ সেই অস্ত্র তোমাকে দান করিব ; তুমি অচিরকাল মধ্যেই আমার সেই অস্ত্র ধারণ করিতে পারিবে" ॥৭১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অর্জ্জুন সেই স্থানে দেবী পার্ব্বতীর সহিত অত্যন্ত তেজস্বী, কৈলাসবাসী ও শূলপাণি মহাদেবকে দর্শন করিলেন ॥৭২॥

তখন শত্রুনগরবিজয়ী অর্জ্জুন জানুযুগল দ্বারা ভূতল স্পর্শ করিয়া এবং মস্তক দ্বারা প্রণাম করিয়া, স্তব দ্বারা মহাদেবকে প্রসন্ন করিতে লাগিলেন ॥৭৩॥

অর্জ্জুন উবাচ।

কপর্দ্দিন্! সর্ব্বভূতেশ! ভগনেত্রনিপাতন!।
দেবদেব! মহাদেব! নীলগ্রীব! জটাধর!॥৭৪॥
কারণানামপি পরং জানে ত্বাং ত্র্যম্বকং বিভুম্।
দেবানাঞ্চ গতিং দেব! ত্বৎপ্রসূতমিদং জগৎ॥৭৫॥
অজেয়স্ত্বং ত্রিভির্লোকৈঃ সদেবাসুরমানুষৈঃ।
শিবায় বিষ্ণুরূপায় বিষ্ণবে শিবরূপিণে।
দক্ষযজ্ঞবিনাশায় হরিভদ্রায় বৈ নমঃ॥৭৬॥
ললাটাক্ষায় শর্ব্বায় মীঢ়ুষে শূলপাণয়ে।
পিনাকগোপ্ত্রে সূর্য্যায় মঙ্গল্যায় চ বেধসে॥৭৭॥

ভারতকৌমুদী

কপর্দ্দিন্নিতি। কপর্দ্দো জটাজূটোঽস্যাস্তীতি কপর্দ্দী। "কপর্দ্দোঽস্য জটাজূটঃ" ইত্যমরঃ। ভগং কামদেবং নেত্রেণ অগ্নিময়ললাটনয়নেন নিপাতয়তীতি সঃ। "ভগং শ্রীকাম-মাহাত্ম্যবীর্য্যযত্নার্ককীর্ত্তিষু" ইত্যমরঃ। নীলগ্রীবঃ কালকূটবিষপানান্নীলকণ্ঠঃ॥৭৪॥

কারণানামিতি। কারণানাং ব্রহ্মাদীনামপি মধ্যে পরং শ্রেষ্ঠম্। ত্র্যম্বকং ত্রিলোচনম্, বিভুং ব্রহ্মরূপত্বাদ্ব্যাপকম্। ত্বয়া প্রসূতমুৎপাদিতম্। নমঃ ইত্যনুবৃত্তিঃ॥৭৫॥

অজেয় ইতি। হরিভদ্রায় যজ্ঞহারকবীরভদ্ররূপায়। ষট্পাদোঽয়ং শ্লোকঃ॥৭৬॥

ভারতভাবদীপঃ

চক্ষুর্দিব্যজ্ঞানম্॥৭০—৭৩॥ কপর্দ্দিন্নিত্যাদি নামানি শিবসহস্রনামব্যাখ্যায়াং ব্যাখ্যাস্যন্তে॥৭৪—৭৬॥ মীঢ়ুষে বর্ষকায়, মার্জ্জালীয়ায় কিরাতায় শুদ্ধায় বা। "মার্জ্জালীয়ঃ

অর্জ্জুন বলিলেন—"মহাদেব! আপনি জটাজূটধারী, সমস্ত প্রাণীর অধীশ্বর, তৃতীয় নয়ন দ্বারা কামদেবকে নিপাত করিয়াছেন, দেবতারও দেবতা এবং নীলকণ্ঠ॥৭৪॥

দেব! আমি জানি যে, আপনি ব্রহ্মাদি সৃষ্টিকর্ত্তাদের মধ্যে প্রধান, ত্রিলোচন, সর্ব্বব্যাপক, দেবগণেরও গতি এবং এই জগৎটা আপনারই উৎপাদিত॥৭৫॥

আপনি—দেব, দানব ও মনুষ্যসমন্বিত ত্রিভুবনেরই অজেয়, আপনি বিষ্ণুরূপী শিব, আবার শিবরূপী বিষ্ণু এবং আপনি দক্ষযজ্ঞবিনাশকারী বীরভদ্র; সুতরাং আপনাকে নমস্কার করি॥৭৬॥

---

(৭৪) কপর্দ্দিন্। সর্ব্বদেবেশ।...বা ব কা। (৭৫) কারণানাঞ্চ পরমম্...বা ব কা। (৭৬)...হরিরুদ্রায়...বা ব কা, হরিরূপায়—নি। (৭৭)...মার্জ্জালীয়ায় বেধসে...বা ব কা, মার্জ্জবীয়ায় বেধসে—পি।

প্রসাদয়ে ত্বাং ভগবন্! সর্ব্বভূতমহেশ্বর!।
গণেশং জগতঃ শম্ভুং লোককারণকারণম্ ॥৭৮॥
প্রধানপুরুষাতীতং পরং সূক্ষ্মতরং হরম্।
ব্যতিক্রমং মে ভগবন্! ক্ষন্তুমর্হসি শঙ্কর! ॥৭৯॥ (যুগ্মকম্)
ভগবদ্দর্শনাকাঙ্ক্ষী প্রাপ্তোঽস্মীমং মহাগিরিম্।
দয়িতং তব দেবেশ! তাপসালয়মুত্তমম্ ॥৮০॥
প্রসাদয়ে ত্বাং ভগবন্! সর্ব্বলোকনমস্কৃতম্।
ন মে স্যাদপরাধোঽয়ং মহাদেবাতিসাহসাৎ ॥৮১॥

ভারতকৌমুদী

ললাটেতি। শৃণাতি জগৎ হিনস্তীতি শর্ব্বস্তস্মৈ। "শৄ-হিংসায়াম্" ইতি শৄধাতোরৌণাদিকো বপ্রত্যয়ঃ। মীঢ়ুষে জগদুৎপাদনায় বীর্য্যং সিক্তবতে। "মিহসেচনে" ইতি মিহ্‌ধাতোঃ "দাশ্বান্ সাহ্বান্ মীঢ়াংশ্চ" ইতি কস্বপ্রত্যয়ান্তো নিপাতঃ। পিনাকগোপ্ত্রে পিনাকাখ্যধনুর্দ্ধরায়, সূর্য্যায় জগৎসবিতৃরূপায় ॥৭৭॥

প্রসাদয় ইতি। গণেশং প্রমথগণাধীশ্বরম্। লোকানাং কারণানি ব্রহ্মাদয়ঃ প্রজাপতয়স্তেষামপি কারণং স্রষ্টারম্। প্রধানং প্রকৃতিঃ পুরুষাশ্চ তানপ্যতীতং সূক্ষ্মত্বে অতিক্রান্তম্, অতএব সূক্ষ্মতরম্, পরং সর্ব্বোৎকৃষ্টং তুরীযব্রহ্মরূপম্, হরং শিবং ত্বাং প্রসাদয়ে, "শান্তং শিবমদ্বৈতং তুরীয়ং মন্যন্তে" ইতি শ্রুতেঃ ॥৭৮—৭৯॥

ভগেতি। ভগবতো ভবতো দর্শনাকাঙ্ক্ষী। তব দয়িতং প্রিয়ম্ ॥৮০॥

প্রসাদয় ইতি। হে মহাদেব! অতিসাহসাৎ এতদ্‌যুদ্ধকরণরূপাৎ ॥৮১॥

আপনি ললাটনেত্র, জগতের সংহারক ও উৎপাদক, শূলপাণি, পিনাকধনুর্দ্ধারী, সূর্য্যস্বরূপ, মঙ্গলকারক এবং বিধাতা; অতএব আপনাকে নমস্কার করি ॥৭৭॥

ভগবন্! মহেশ্বর! আপনি—প্রমথগণের অধিপতি, জগতের মঙ্গলকারক, সৃষ্টিকর্ত্তাদেরও সৃষ্টিকর্ত্তা, প্রকৃতি-পুরুষেরও অতীত, সর্ব্বোৎকৃষ্ট এবং পরমসূক্ষ্ম তুরীয় ব্রহ্ম শিবস্বরূপ; আমি আপনাকে প্রসন্ন করিতেছি। ভগবন্! শঙ্কর! আমি যে অপরাধ করিয়াছি, তাহা আপনি ক্ষমা করুন ॥৭৮—৭৯॥

দেবদেব! আমি আপনারই সাক্ষাৎকারের আকাঙ্ক্ষী হইয়া, তপস্বীদিগের উত্তম আশ্রয় এবং আপনার প্রীতিকর এই মহাপর্ব্বতে আসিয়াছি ॥৮০॥

ভগবন্! আপনি সমগ্র জগতের নমস্কৃত; সুতরাং আমি আপনাকে প্রসন্ন করিতেছি। মহাদেব! গুরুতর সাহস করায় আমার এটা যেন অপরাধ না হয় ॥৮১॥

কৃতো ময়া যদজ্ঞানাদ্বিমর্দ্দোঽয়ং ত্বয়া সহ।
শরণং সম্প্রপন্নায় তৎ ক্ষমস্বাদ্য শঙ্কর ! ॥৮২॥

বৈশম্পায়ন উবাচ।

তমুবাচ মহাতেজা প্রহস্য বৃষভধ্বজঃ।
প্রগৃহ্য রুচিরং বাহুং ক্ষান্তমিত্যেব ফাল্গুনম্ ॥৮৩॥
পরিষ্বজ্য চ বাহুভ্যাং প্রীতাত্মা ভগবান্ হরঃ।
পুনঃ পার্থং সান্ত্বপূর্ব্বমুবাচ বৃষভধ্বজঃ ॥৮৪॥

দেবদেব উবাচ। *

নরস্ত্বং পূর্ব্বদেহে বৈ নারায়ণসহায়বান্।
বদর্য্যাং তপ্তবানুগ্রং তপো বর্ষাযুতান্ বহূন্ ॥৮৫॥
ত্বয়ি যৎ পরমং তেজো বিষ্ণৌ বা পুরুষোত্তমে।
যুবাভ্যাং পুরুষাগ্র্যাভ্যাং ধার্য্যতে তেজসা জগৎ ॥৮৬॥

ভারতকৌমুদী

কৃত ইতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। সম্প্রপন্নায় সম্যক্ প্রাপ্তায় ॥৮২॥
তমিতি। বৃষভধ্বজঃ শিবঃ। বাহুমর্জ্জুনস্য। ফাল্গুনমর্জ্জুনম্ ॥৮৩॥
পরীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। সান্ত্বপূর্ব্বম্ আশ্বাসনপূর্ব্বকম্ ॥৮৪॥
"পূর্ব্ব ঋষির্ভবান্" ইতি প্রাগুক্তং—বিবৃণোতি নব ইতি। বদর্য্যাং তদাশ্রমে ॥৮৫॥
ত্বয়ীতি। তেজঃ পরাক্রমঃ। ধার্য্যতে রক্ষ্যতে, তেজসা তেন পরাক্রমেণ ॥৮৬॥

ভারতভাবদীপঃ

স্মৃতঃ শূদ্রে বিডালে কাযশোধনে" ইতি বিশ্বঃ ॥৭৭ ৮৪॥ নরস্ত্বমিতি ॥৮৫—৮৬॥

শঙ্কর ! আমি আপনার শরণাগত ; সুতরাং আমি আজ না বুঝিয়া আপনার সহিত যে সংঘর্ষ করিয়াছি, তাহা আপনি ক্ষমা করুন" ॥৮২॥

বৈশম্পায়ন বলিলেন—তখন মহাতেজা মহাদেব হাস্য করিয়া, অর্জ্জুনের সুন্দর হাতখানি ধরিয়া তাঁহাকে বলিলেন—"আমি ক্ষমা করিয়াছিই" ॥৮৩॥

ভগবান্ মহাদেব সন্তুষ্ট হইয়া বাহুযুগল দ্বারা অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া, আশ্বাসদানপূর্ব্বক পুনরায় অর্জ্জুনকে বলিলেন ॥৮৪॥

মহাদেব বলিলেন—"অর্জ্জুন ! তুমি পূর্ব্বজন্মে বদরিকাশ্রমে নারায়ণের সহচর হইয়া বহু অযুতবৎসর যাবৎ ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলে ॥৮৫॥

অর্জ্জুন ! তোমাতে বা পুরুষশ্রেষ্ঠ নারায়ণে যে পরম তেজ রহিয়াছে, সেই তেজ দ্বারাই তোমরা দুইজনে জগৎ রক্ষা করিতেছ ॥৮৬॥

---

(৮২) কৃতো ময়াঽয়মজ্ঞানাদ্বিমর্দ্দো যস্ত্বয়া সহ। শরণং প্রতিপন্নায় ··। (৮৪) শ্লোকাৎ-পরম্ 'একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি। * বামদেব উবাচ—কা। (৮৬) ত্বয়ি বা পরমং তেজঃ···বা ব কা নি।

শক্রাভিষেকে সুমহদ্ধনুর্জলদনিস্বনম্।
প্রগৃহ্য দানবাঃ শান্তাস্ত্বয়া কৃষ্ণেন চ প্রভো! ॥৮৭॥
তদেতদেব গাণ্ডীবং তব পার্থ! করোচিতম্।
মায়ামাস্থায় যদ্‌গ্রস্তং ময়া পুরুষসত্তম! ॥৮৮॥
তূণৌ চাপ্যক্ষয়ৌ ভূয়স্তব পার্থ! যথোচিতৌ।
ভবিষ্যতি শরীরঞ্চ নীরুজং কুরুনন্দন! ॥৮৯॥
প্রীতিমানস্মি তে পার্থ! ভবান্ সত্যপরাক্রমঃ।
গৃহাণ বরমস্মত্তঃ কাঙ্ক্ষিতং পুরুষোত্তম! ॥৯০॥
ন ত্বয়া সদৃশঃ কশ্চিৎ পুমান্ মর্ত্ত্যেষু মানদ!।
দিবি বা বর্ত্ততে ক্ষত্রং ত্বৎপ্রধানমরিন্দম! ॥৯১॥

অর্জ্জুন উবাচ।

বরং দদাসি চেন্মহ্যং কামং প্রীত্যা বৃষধ্বজ!।
কাময়ে দিব্যমস্ত্রং তদ্‌ঘোরং পাশুপতং প্রভো! ॥৯২॥

ভারতকৌমুদী

উক্তার্থে নিদর্শনমাহ—শক্রেতি। শক্রাভিষেকে ইন্দ্রস্য রাজ্যাভিষেককালে ॥৮৭॥
তদিতি। করোচিতং হস্তযোগ্যম্। আস্থায় আশ্রিত্য, গ্রস্তং কবলীকৃতম্ ॥৮৮॥
তূণাবিতি। যথোচিতৌ ভবতাম্। নীরুজং মৎপ্রহারকৃতবেদনারহিতম্ ॥৮৯॥
প্রীতিমানিতি। অস্মত্তো মম সকাশাৎ, কাঙ্ক্ষিতং বরং গৃহাণ ॥৯০॥
নেতি। ত্বৎ ত্বত্তঃ, প্রধানং ক্ষত্রং ক্ষত্রোচিতবলশালী পুমান্ দিবি বা ন বর্ত্ততে ॥৯১॥

হে প্রভাবসম্পন্ন অর্জ্জুন! ইন্দ্রের রাজ্যাভিষেকের সময়ে তুমি এবং বিষ্ণু মেঘের ন্যায় গম্ভীরধ্বনিযুক্ত বিশাল একখানা ধনু ধারণ করিযা দানবগণকে নিবারণ করিয়াছিলে ॥৮৭॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! এই সেই গাণ্ডীব ধনু; ইহা তোমারই হস্তের যোগ্য। আমি মায়া করিয়া যে ধনুখানা গ্রাস করিয়াছিলাম ॥৮৮॥

আর, এই সেই অক্ষয় তূণ দুইটী পুনরায় তোমারই হউক; ইহাও তোমারই যোগ্য এবং তোমার শরীরটীও বেদনাশূন্য হইবে ॥৮৯॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! তুমি যথার্থই পরাক্রমশালী; সুতরাং তোমার উপরে আমি সন্তুষ্ট হইয়াছি; অতএব তুমি আমার নিকট হইতে অভীষ্ট বর গ্রহণ কর ॥৯০॥

হে সম্মানকারী অরিন্দম! মর্ত্ত্যলোকে তোমার তুল্য কোন পুরুষ নাই এবং স্বর্গেও তোমা অপেক্ষা প্রধান ক্ষাত্রশক্তিশালী লোক নাই" ॥৯১॥

(৯২) ভবন্! দদাসি চেন্মহ্যম্...পি, ভগবন্! দদাসি চেন্মহ্যম্...বা ব কা।

যত্তু ব্রহ্মশিরো নাম রৌদ্রং ভীমপরাক্রমম্ ।
যুগান্তে দারুণে প্রাপ্তে কৃৎস্নং সংহরতে জগৎ ॥৯৩॥
কর্ণভীষ্মকৃপদ্রোণৈর্ভবিতা মে মহাহবঃ ।
ত্বৎপ্রসাদান্মহাদেব ! জয়েয়ং তান্ যথা যুধি ॥৯৪॥
দহেয়ং যেন সংগ্রামে দানবান্ রাক্ষসাংস্তথা ।
ভূতানি চ পিশাচাংশ্চ গন্ধর্ব্বানথ পন্নগান্ ॥৯৫॥
যস্মিন্ শূলসহস্রাণি গদাশ্চোগ্রপ্রদর্শনাঃ ।
শরাশ্চাশীবিষাকারাঃ সম্ভবন্ত্যনুমন্ত্রিতে ॥৯৬॥

ভারতকৌমুদী

বরমিতি। কাম্যত ইতি কামোঽভীষ্টস্তম্। দিব্যমলৌকিকম্ ॥৯২॥

যদিতি। রৌদ্রং রুদ্রস্য ভবতঃ সম্বন্ধি। তদপি কাময়ে ইত্যনুবৃত্তিঃ। ইদং দ্রোণদত্তা-দন্যদ্‌ব্রহ্মশির ইতি বোধ্যম্। অতএব রৌদ্রমিতি বিশেষণম্, অনেন দ্রোণস্যাপি পরশ্লোকে জয়েচ্ছা চ সঙ্গচ্ছতে। অথবা ব্রহ্মশির ইতি পাশুপতস্যাপি নাম ॥৯৩॥

কর্ণেতি। মহাহবো মহাযুদ্ধম্, স্বেচ্ছয়া দুর্য্যোধনেনাস্মদ্রাজ্যদানাসম্ভবাৎ ॥৯৪॥

দহেয়মিতি। যেন পাশুপতাস্ত্রেণ। ভূতানি দেবযোনিবিশেষান্ ॥৯৫॥

যস্মিন্নিতি। যস্মিন্ পাশুপতে, অনুমন্ত্রিতে প্রয়োগায়াভিমন্ত্রিতে ॥৯৬॥

ভারতভাবদীপঃ

শস্তা মারিতাঃ ॥৮৭॥ ত্বয়া পুরুষ ইতি পাঠে সমমিত্যধ্যাহারঃ ॥৮৮—৯০॥ ত্বৎপ্রধানং ত্বমেব

অর্জ্জুন বলিলেন—"প্রভু বৃষধ্বজ ! আপনি প্রীতিবশতঃ যদি আমাকে অভীষ্ট বর দান করেন, তবে আমি সেই ভয়ঙ্কর দিব্য পাশুপত অস্ত্র লইতে ইচ্ছা করি ॥৯২॥

যে অস্ত্রের নাম—'ব্রহ্মশির', যাহা কেবল আপনারই আছে, যাহার পরাক্রম ভয়ঙ্কর এবং যাহা দারুণ প্রলয়কাল উপস্থিত হইলে সমগ্র জগৎটাকেই সংহার করিয়া থাকে ॥৯৩॥

মহাদেব ! ভীষ্ম, দ্রোণ, কৃপ ও কর্ণের সহিত আমার মহাযুদ্ধ হইবে; সেই যুদ্ধে যাহাতে আমি আপনার অনুগ্রহে তাঁহাদিগকে জয় করিতে পারি ॥৯৪॥

যে অস্ত্রদ্বারা আমি যুদ্ধে দানব, রাক্ষস, ভূত, পিশাচ, গন্ধর্ব্ব ও নাগদিগকে দগ্ধ করিতে সমর্থ হইব ॥৯৫॥

যে অস্ত্র অভিমন্ত্রিত করিলে, তাহা হইতে সহস্র সহস্র শূল, ভয়ঙ্কর গদা এবং সর্পাকৃতি বাণ সকল আবির্ভূত হইয়া থাকে ॥৯৬॥

---

(৯৩) যত্তদ্‌ব্রহ্মশিরো নাম…নি।

যুধ্যেয়ং যেন ভীষ্মেণ দ্রোণেন চ কৃপেণ চ।
সূতপুত্রেণ চ রণে নিত্যং কটুকভাষিণা ॥৯৭॥
এষ মে প্রথমঃ কামো ভগবন্! ভগনেত্রহন্!।
ত্বৎপ্রসাদাদরীন্ হন্তুং সমর্থঃ স্যামহং যথা ॥৯৮॥

ভব উবাচ। *

দদামি তেঽস্ত্রং দয়িতমহং পাশুপতং বিভো!।
সমর্থো ধারণে মোক্ষে সংহারে চাসি পাণ্ডব। ॥৯৯॥
নৈতদ্বেদ মহেন্দ্রোঽপি ন যমো ন চ যক্ষরাট্।
বরুণো বাঽথবা বায়ুঃ কুতো বেৎস্যন্তি মানবাঃ ॥১০০॥
ন ত্বেতৎ সহসা পার্থ। মোক্তব্যং পুরুষে ক্বচিৎ।
জগদ্বিনির্দহেদেতদল্পতেজসি পাতিতম্ ॥১০১॥

ভারতকৌমুদী

যুধ্যেয়মিতি। যেন পাশুপতাস্ত্রেণ। কটুকভাষিণেতি সূতপুত্রমাত্রেঽন্বিতম্ ॥৯৭॥
এষ ইতি। ভগং কামদেবং নেত্রেণ তৃতীয়নয়নানলেন হন্তীতি তৎসম্বোধনম্ ॥৯৮॥
দদামীতি। দয়িতং মৎপ্রিয়ম্। দানে হেতুমাহ—সমর্থ ইতি ॥৯৯॥
নেতি। বেদ জানাতি। যক্ষরাট্ কুবেরঃ। বেৎস্যন্তি জ্ঞাস্যন্তি ॥১০০॥

ভারতভাবদীপঃ

শ্রেষ্ঠো যস্মিন্ ক্ষত্রে ॥৯১॥ কামং বরম্ ॥৯২—৯৭॥ বিনির্বৃত্তো বিশেষেণ কৃতকৃত্যঃ ॥৯৮॥

এবং যে অস্ত্র দ্বারা আমি—ভীষ্ম, দ্রোণ, কৃপ ও সর্ব্বদা কটুভাষী কর্ণের সহিত যুদ্ধ করিতে পারিব ॥৯৭॥

ভগবন্ কামনাশক! ইহাই আমার প্রথম কামনা যে, যাহাতে আমি আপনার অনুগ্রহে শত্রুসংহারে সমর্থ হই" ॥৯৮॥

মহাদেব বলিলেন—"প্রভাবশালী পাণ্ডব! আমার প্রিয় পাশুপত অস্ত্র আমি তোমাকে দান করিব। কেন না, তুমি তাহা ধারণ, প্রয়োগ ও উপসংহার করিতে সমর্থ ॥৯৯॥

ইন্দ্র, যম, কুবের, বরুণ, কিংবা বায়ুও এ অস্ত্র জানেন না; সুতরাং মানুষেরা জানিবে কি করিয়া? ॥১০০॥

অর্জ্জুন! তুমি সহসা কোন লোকের উপরে এ অস্ত্র নিক্ষেপ করিও না। কারণ, দুর্ব্বলের উপরে নিক্ষেপ করিলে, এ অস্ত্র জগৎটাকেই দগ্ধ করিবে ॥১০১॥

---

(৯৮)···ত্বৎপ্রসাদাদ্বিনির্বৃত্তঃ···বা ব কা নি। * ভগবানুবাচ—পি।
(১০০)···বরুণোঽপ্যবা বায়ুঃ···বা ব কা। (১০১)···জগদ্বিনাশয়েৎ সর্ব্বম্···বা ব কা নি।

অবধ্যো নাম নাস্ত্যস্য ত্রৈলোক্যে সচরাচরে।
মনসা চক্ষুষা বাচা ধনুষা চ নিপাত্যতে ॥১০২॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা ত্বরিতঃ পার্থঃ শুচির্ভূত্বা সমাহিতঃ।
উপসঙ্গম্য বিশ্বেশমধীষ্বেত্যথ সোঽব্রবীৎ ॥১০৩॥
ততস্ত্বধ্যাপয়ামাস সরহস্যনিবর্ত্তনম্।
তদস্ত্রং পাণ্ডবশ্রেষ্ঠং মূর্ত্তিমন্তমিবান্তকম্ ॥১০৪॥
উপতস্থে চ তৎ পার্থং যথা ত্র্যক্ষমুমাপতিম্।
প্রতিজগ্রাহ তচ্চাপি প্রীতিমানর্জ্জুনস্তদা ॥১০৫॥
ততশ্চচাল পৃথিবী সপর্ব্বতবনদ্রুমা।
সসাগরবনোদ্দেশা সগ্রামনগরাকরা ॥১০৬॥

ভারতকৌমুদী

নেতি। সহসেত্যনেন বিপৎসময়ে তু মোক্তব্যমেবেতি সূচিতম্ ॥১০১॥
অবধ্য ইতি। নিপাত্যতে শত্রুপবি নিপাতয়িতুং শক্যতে ॥১০২॥
তদিতি। সমাহিত একাগ্রচিত্তঃ। বিশ্বেশং শিবম্, অধীষ পঠ ॥১০৩॥
তত ইতি। রহস্যং মন্ত্রঃ সঙ্কেতশ্চ নিবর্ত্তনমুপসংহারশ্চ তাভ্যাং সহেতি তৎ ॥১০৪॥
উপেতি। উপতস্থে উপাসাঞ্চক্রে। "উপান্মন্ত্রেণ" ইত্যাত্মনেপদম্ ॥১০৫॥
তত ইতি। চচাল তদস্ত্রভয়াচ্চকম্পে। আকরাঃ স্বর্ণাদীনাং খনয়ঃ ॥১০৬॥

ভারতভাবদীপঃ

সংহারে নিবর্ত্তনে ॥৯৯—১০১॥ "মনসা সঙ্কল্পমাত্রেণ নিপাতয়েৎ শত্রুং ধনুষা" ইতি বাণপ্রয়োগেণ ॥১০২॥ অধীষাধ্যাপয় ॥১০৩—১০৪॥ উপতস্থে কর্ম্মব্যতিহারে তঙ্, পার্থোঽস্ত্রং প্রত্যুপনত

স্থাবর-জঙ্গমাত্মক ত্রিভুবনের মধ্যে কোন প্রাণীই এই অস্ত্রের অবধ্য নাই। বিশেষতঃ এই অস্ত্র—মন, নয়ন, বাক্য ও ধনুর্দ্বারা নিক্ষেপ করা যায়" ॥১০২॥

বৈশম্পায়ন বলিলেন—সেই কথা শুনিয়া অর্জ্জুন পবিত্র ও একাগ্রচিত্ত হইয়া সত্বর মহাদেবের নিকট যাইয়া বলিলেন—"শিক্ষা দিন" ॥১০৩॥

তাহার পর, মহাদেব মন্ত্র, সঙ্কেত ও উপসংহারের সহিত মূর্ত্তিমান্ যমের ন্যায় সেই পাশুপত অস্ত্র অর্জ্জুনকে শিক্ষা দিলেন ॥১০৪॥

তখন সেই পাশুপত অস্ত্র শিবের যেমন অনুগত ছিল, অর্জ্জুনেরও তেমনই অনুগত হইল; অর্জ্জুনও সন্তুষ্ট হইয়া তাহাকে গ্রহণ করিলেন ॥১০৫॥

তাহার পর, পর্ব্বত, বন, বৃক্ষ, সমুদ্র, বনসন্নিহিত স্থান, গ্রাম, নগর ও খনির সহিত সমগ্র পৃথিবী কাঁপিতে লাগিল ॥১০৬॥

শঙ্খদুন্দুভিঘোষাশ্চ ভেরীণাঞ্চ সহস্রশঃ।
তস্মিন্ মুহূর্ত্তে সম্প্রাপ্তে নির্ঘাতশ্চ মহানভূৎ ॥১০৭॥
অথাস্ত্রং জাজ্বলদ্ঘোরং পাণ্ডবস্যামিতৌজসঃ।
মূর্ত্তিমদ্বৈ স্থিতং পার্শ্বে দদৃশুর্দেবদানবাঃ ॥১০৮॥
স্পৃষ্টস্য ত্র্যম্বকেনাথ ফাল্গুনস্যামিতৌজসঃ।
যৎকিঞ্চিদশুভং দেহে তৎ সর্ব্বং নাশমীয়িবৎ ॥১০৯॥
স্বর্গং গচ্ছেত্যনুজ্ঞাতস্ত্র্যম্বকেন তদাঽর্জ্জুনঃ।
প্রণম্য শিরসা রাজন্! প্রাঞ্জলির্দেবমৈক্ষত ॥১১০॥
ততঃ প্রভুস্ত্রিদিবনিবাসিনাং বশী মহাদ্যুতির্গিরিশ উমাপতিঃ শিবঃ।
ধনুর্মহদ্দিতিজপিশাচসূদনং দদৌ ভবঃ পুরুষবরায় গাণ্ডিবম্ ॥১১১॥

ভারতকৌমুদী

শঙ্খেতি। পাশুপতাস্ত্রলাভে শঙ্খাদিঘোষেণ অর্জ্জুনানুকূলানাং শুভসূচনম্, নির্ঘাতেন চ তৎপ্রতিকূলানামশুভজ্ঞাপনমিত্যাশয়ঃ। নির্ঘাতমাহ তিথিতত্ত্বে—"যদান্তরীক্ষে বলবান্ মারুতো মরুতা হতঃ। পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ ॥" ॥১০৭॥

অথেতি। জাজ্বলৎ অতিশয়েনাজ্বলৎ। চেক্রীয়িতলোপে হ্রস্বন্যামড়াগমাভাব আর্ষঃ ॥১০৮॥

স্পৃষ্টস্যেতি। অশুভম্ অস্ত্রক্ষতবেদনাদিকম্। ঈয়িবৎ প্রাপ্তবৎ ॥১০৯॥

স্বর্গমিতি। স্বর্গং গচ্ছ, ইন্দ্রাদীনামস্ত্রলাভায়েতি ভাবঃ। দেবং শিবম্ ॥১১০॥

তত ইতি। ততঃ, ত্রিদিবনিবাসিনাং দেবানাং প্রভুরধীশ্বরঃ, বশী স্বাধীনঃ, মহাদ্যুতিঃ, গিরৌ কৈলাসে শেত ইতি গিরিশঃ, উমাপতিঃ, শিবো জগন্মঙ্গলকরঃ, ভবো মহাদেবঃ; পুরুষ-

---

আর, সেই সময়ে সহস্র সহস্র শঙ্খ, দুন্দুভি ও ভেরীর শব্দ এবং বিশাল নির্ঘাতের শব্দ হইল ॥১০৭॥

তদনন্তর সেই ভয়ঙ্কর পাশুপত অস্ত্র মূর্ত্তিধারণপূর্ব্বক অমিততেজা অর্জ্জুনের পার্শ্বে থাকিয়া অত্যন্ত জ্বলিতে লাগিল; তাহা দেবগণ ও দানবগণ দর্শন করিলেন ॥১০৮॥

তাহার পর, মহাদেব অমিততেজা অর্জ্জুনের অঙ্গ স্পর্শ করিলে, অর্জ্জুনের শরীরে পূর্ব্বে যে কিছু ক্ষত বা বেদনা হইয়াছিল, সে সমস্তই তিরোহিত হইল ॥১০৯॥

তৎপরে মহাদেব অনুমতি করিলেন যে—"অর্জ্জুন! তুমি স্বর্গে গমন কর"। তখন অর্জ্জুন মস্তকদ্বারা মহাদেবকে প্রণাম করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহার দিকে চাহিয়া রহিলেন ॥১১০॥

---

(১০৭)···নির্ঘাতাশ্চাপতন্ মুহুঃ···বা ব কা।

ততঃ শুভং গিরিবরমীশ্বরস্তদা সহোময়া সিততটসানুকন্দরম্।
বিহায় তং পতগমহর্ষিসেবিতং জগাম খং পুরুষবরস্য পশ্যতঃ ॥১১২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
কৈরাতে শিবপ্রস্থানে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

বরায় অর্জ্জুনায়, দিতিজপিশাচসূদনং মহদ্গাণ্ডিবং ধনুঃ, দদৌ প্রত্যর্পিতবান্। "কপিধ্বজস্য গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্যমরঃ ॥১১১॥

তত ইতি। ততস্তদৈব, ঈশ্বরো মহাদেবঃ, উময়া সহ সিতানি তুষারময়ত্বাৎ শুভ্রাণি তটসানুকন্দরাণি যস্য তম্, পতগৈঃ পক্ষিভির্মহর্ষিভিশ্চ সেবিতম্, শুভং তং গিরিবরং হিমালয়ং বিহায়, পশ্যতঃ পুরুষবরস্যার্জ্জুনস্য সমীপাৎ, খমাকাশং জগাম ॥১১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য- মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি কৈরাতে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

এবমস্তং পার্থং প্রতীত্যর্থঃ ॥১০৫—১০৬॥ নির্ঘাতা উৎপাতাঃ ॥১০৭—১১০॥ বশী বশ ইচ্ছা তদ্বান্ তজ্জয়ীত্যর্থঃ ॥১১১—১১২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৫॥

—:*:—

তদনন্তর দেবতাদের অধীশ্বর, চিরস্বাধীন, মহাতেজা, কৈলাসবাসী, উমাপতি ও জগতের মঙ্গলকারী মহাদেব দৈত্য ও পিশাচগণের দমনকারী বিশাল সেই গাণ্ডীবধনু অর্জ্জুনের হস্তে প্রত্যর্পণ করিলেন ॥১১১॥

তাহার পর, যে হিমালয়ের উন্নতাবনত স্থান, সমতল ভূমি ও গুহা সকল শুভ্রবর্ণ এবং যে হিমালয় পক্ষিগণ ও মহর্ষিগণের আশ্রয়, সেই মঙ্গলময় হিমালয় পরিত্যাগ করিয়া তখনই মহাদেব পার্ব্বতীর সহিত আকাশে চলিয়া গেলেন; আর অর্জ্জুন সেই দিকে চাহিয়া রহিলেন ॥১১২॥

—:*:—

* '...চত্বারিংশোঽধ্যায়ঃ'...বা,ব কা নি।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

তস্য সংপশ্যতস্ত্বেব পিনাকী বৃষভধ্বজঃ।
জগামাদর্শনং ভানুর্লোকস্যেবাস্তমীযিবান্ ॥১॥
ততোঽর্জ্জুনঃ পরং চক্রে বিস্ময়ং পরবীরহা।
ময়া সাক্ষান্মহাদেবো দৃষ্ট ইত্যেব ভারত! ॥২॥
ধন্যোঽস্ম্যনুগৃহীতোঽস্মি যন্ময়া ত্র্যম্বকো হরঃ।
পিনাকী বরদো রূপী দৃষ্টঃ স্পৃষ্টশ্চ পাণিনা ॥৩॥
কৃতার্থঞ্চাবগচ্ছামি পরঞ্চাত্মানমাহবে।
শত্রূংশ্চ বিজিতান্ সর্ব্বান্ নির্ব্বৃত্তঞ্চ প্রয়োজনম্ ॥৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। অস্তম্ অস্তাচলম্, ঈযিবান্ প্রাপ্তবান্, ভানুঃ সূর্য্যঃ, সংপশ্যতো লোকস্য জনস্যেব, পিনাকী বৃষভধ্বজঃ শিবঃ, সংপশ্যত এব তস্য অর্জ্জুনস্য অদর্শনং জগাম ॥১॥

তত ইতি। পরমত্যন্তম্। পরবীরহা বিপক্ষবীরহন্তা। ইত্যেব হেতোঃ ॥২॥

ধন্য ইতি। পিনাকী পিনাকধনুর্দ্ধারী, রূপী মূর্ত্তিমান্, স্পৃষ্টো বাহুযুদ্ধকালে ॥৩॥

কৃতেতি। আত্মানঞ্চ, পরমত্যন্তং কৃতার্থম্, আহবে যুদ্ধে চ সর্ব্বান্ শত্রূন্ বিজিতান্, প্রয়োজনঞ্চ নির্বৃত্তং নিষ্পন্নম্, অবগচ্ছামি; পূর্ব্বোক্তাদেব হেতোরিতি সর্ব্বত্র ভাবঃ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—সমস্ত লোক দেখিতে থাকে, সেই অবস্থাতেই যেমন অস্তাচলগত সূর্য্য তাহাদের দৃষ্টির অগোচর হইয়া পড়েন; সেইরূপ অর্জ্জুন দেখিতেছিলেন, সেই অবস্থাতেই মহাদেব তাঁহার দৃষ্টির অগোচর হইয়া পড়িলেন ॥১॥

ভরতনন্দন! তাহার পর, 'আমি মহাদেবকে প্রত্যক্ষ দেখিতে পাইয়াছি' ইহা ভাবিয়া বিপক্ষবীরহন্তা অর্জ্জুন অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥২॥

(আর ভাবিলেন—) 'আমি ধন্য হইয়াছি এবং অনুগৃহীত হইয়াছি। যে হেতু, ত্রিলোচন, পিনাকধারী ও বরদাতা মূর্ত্তিমান্ মহাদেবকে আমি দেখিতে পাইয়াছি এবং হস্তদ্বারা স্পর্শ করিতে পারিয়াছি ॥৩॥

আর, আপনাকে অত্যন্ত কৃতার্থ বলিয়া মনে করিতেছি, যুদ্ধে সকল শত্রুকেই বিজিত বলিয়া সম্ভাবনা করিতেছি এবং সমস্ত প্রয়োজনই সিদ্ধ হইয়াছে বলিযা ধারণা করিতেছি' ॥৪॥

ইত্যেবং চিন্তয়ানস্য পার্থস্যামিততেজসঃ।
ততো বৈদূর্য্যবর্ণাভো ভাসয়ন্ সর্ব্বতো দিশঃ।
যাদোগণবৃতঃ শ্রীমানাজগাম জলেশ্বরঃ ॥৫॥
নাগৈর্ন দৈর্নদীভিশ্চ দৈত্যৈঃ সাধ্যৈশ্চ দৈবতৈঃ।
বরুণো যাদসাং ভর্ত্তা বশী তং দেশমাগমৎ ॥৬॥
অথ জাম্বূনদবপুর্বিমানেন মহার্চ্চিষা।
কুবেরঃ সমনুপ্রাপ্তো যক্ষৈরনুগতঃ প্রভুঃ ॥৭॥
বিদ্যোতয়ন্নিবাকাশমদ্ভুতোপমদর্শনঃ।
ধনানামীশ্বরঃ শ্রীমানর্জ্জুনং দ্রষ্টুমাগতঃ ॥৮॥
তথা লোকান্তকৃচ্ছ্রীমান্ যমঃ সাক্ষাৎ প্রতাপবান্।
মর্ত্ত্যমূর্ত্তিধরৈঃ সার্দ্ধং পিতৃভির্লোকভাবনৈঃ ॥৯॥

ভারতকৌমুদী

ইতীতি। যাদোগণৈর্জলজন্তুভিঃ। জলেশ্বরো বরুণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥
নাগৈরিতি। নাগৈঃ সর্পৈঃ। যাদসাং জলজন্তূনাম্। বশী সংযতচিত্তঃ ॥৬॥
অথেতি। জাম্বূনদবপুঃ স্বর্ণবর্ণঃ। সমনুপ্রাপ্তস্তত্রোপস্থিতঃ ॥৭॥
বিদ্যোতয়ন্নিতি। অদ্ভুতমিন্দ্রজালমুপমা যস্য তত্তাদৃশং দর্শনং যস্য সঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

তস্যেতি। অস্তং স্বস্থানমদর্শনঞ্চ ॥১—৩॥ পরমত্যন্তম্, কৃতার্থং কৃতকৃত্যম্, নির্বৃত্তং নিষ্পন্নম্ ॥৪॥ বৈদূর্য্যং রত্নবিশেষঃ, যাদাংসি জলজন্তবস্তেষাং গণঃ ॥৫॥ নাগৈঃ সর্পৈঃ

অমিততেজা অর্জ্জুন এইরূপ চিন্তা করিতেছিলেন, এমন সময়ে বৈদূর্য্য-মণির ন্যায় শ্যামবর্ণ মনোহর মূর্ত্তি বরুণ জলজন্তুগণে পরিবেষ্টিত হইয়া, সমস্ত দিক্ আলোকিত করিয়া আগমন করিলেন ॥৫॥

জলজন্তুপতি ও সংযতচিত্ত বরুণ সর্প, নদ, নদী, দৈত্য, সাধ্য ও দেবগণের সহিত ক্রমে সেই স্থানে উপস্থিত হইলেন ॥৬॥

তাহার পর, সুবর্ণের ন্যায় গৌরবর্ণ কুবের অত্যুজ্জ্বল বিমানে আরোহণ করিয়া উপস্থিত হইলেন ; তাঁহার পিছনে পিছনে যক্ষগণও আসিলেন ॥৭॥

তখন ঐন্দ্রজালিক পুরুষের ন্যায় অদ্ভুতদর্শন ও মনোহরমূর্ত্তি কুবের আকাশ-মণ্ডলকে উদ্ভাসিত করিতে করিতেই যেন অর্জ্জুনকে দেখিতে আসিলেন ॥৮॥

তদনন্তর জগৎসংহারকারী, মনোহর মূর্ত্তি, প্রতাপশালী, দণ্ডধারী, অচিন্তনীয় স্বভাব, সমস্ত প্রাণিবিনাশক এবং সূর্য্যনন্দন ধর্ম্মরাজ যম মূর্ত্তিমান্ হইয়া মনুষ্যমূর্ত্তি ও মঙ্গলকারী পিতৃগণের সহিত বিমানে আরোহণ করিয়া, যক্ষলোক,

দণ্ডপাণিরচিন্ত্যাত্মা সর্ব্বভূতবিনাশকৃৎ।
বৈবস্বতো ধর্ম্মরাজো বিমানেনাবভাসয়ন্ ॥১০॥
ত্রীল্লোঁকান্ গুহ্যকাংশ্চৈব গন্ধর্ব্বানথ পন্নগান্।
দ্বিতীয় ইব মার্ত্তণ্ডো যুগান্তে সমুপস্থিতে ॥১১॥ (বিশেষকম্)
তে ভানুমন্তি চিত্রাণি শিখরাণি মহাগিরেঃ।
সমাস্থায়ার্জ্জুনং তত্র দদৃশুস্তপসান্বিতম্ ॥১২॥
ততো মুহূর্ত্তাদ্ভগবানৈরাবতশিরোগতঃ।
আজগাম সহেন্দ্রাণ্যা শক্রঃ সুরগণৈর্বৃতঃ ॥১৩॥
পাণ্ডুরেণাতপত্রেণ ধ্রিয়মাণেন মূর্দ্ধনি।
শুশুভে তারকারাজঃ সিতমভ্রমিবাস্থিতঃ ॥১৪॥
সংস্তূয়মানো গন্ধর্ব্বৈর্ঋষিভিশ্চ তপোধনৈঃ।
শৃঙ্গং গিরেঃ সমাসাদ্য তস্থৌ সূর্য্য ইবোদিতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তথেতি। তথেত্যনেনাগত ইত্যনুকৃষ্যতে। লোকভাবনৈঃ সর্ব্বমঙ্গলকরৈঃ। গুহ্যকান্ গন্ধর্ব্বান্ পন্নগাংশ্চ তদাত্মকান্ ত্রীন্ লোকান্ অবভাসয়ন্নিতি সম্বন্ধঃ ॥৯—১১॥

ত ইতি। ভানুমন্তি মণিরত্নাদিপ্রভয়া উজ্জ্বলানি। সমাস্থায় আশ্রিত্য ॥১২॥

তত ইতি। ঐরাবতশিরোগত ঐরাবতহস্ত্যারূঢ়ঃ। ইন্দ্রাণ্যা শচীদেব্যা ॥১৩॥

পাণ্ডুরেণেতি। সিতং শুভ্রম্, অভ্রং মেঘম্, আস্থিতঃ অধঃসংশ্রিতঃ, তারকারাজশ্চন্দ্র ইব শুশুভে। অত্রোপবিস্থিতশুভ্রমেঘেন সহ শ্বেতচ্ছত্রস্য সাদৃশ্যম্ ॥১৪॥

গন্ধর্ব্বলোক ও নাগলোক উদ্ভাসিত করিয়া, প্রলয়কাল উপস্থিত হইলে দ্বিতীয় সূর্য্যের ন্যায় আগমন করিলেন ॥৯—১১॥

তাঁহারা আসিয়া হিমালয়ের উজ্জ্বল ও বিচিত্র শৃঙ্গসমূহে অবস্থান করিয়া তপস্বী অর্জ্জুনকে দর্শন করিলেন ॥১২॥

তাহার পর, মুহূর্ত্তকালমধ্যেই ভগবান্ ইন্দ্র দেবগণে পরিবেষ্টিত হইয়া ঐরাবতহস্তীতে আরোহণ করিয়া, শচীদেবীর সহিত আগমন করিলেন ॥১৩॥

তাঁহার মস্তকের উপরে একটী শ্বেতবর্ণ ছত্র ধারণ করিয়াছিল; তাহাতে তিনি শুভ্রবর্ণ মেঘের নিম্নবর্ত্তী চন্দ্রের ন্যায় শোভা পাইতেছিলেন ॥১৪॥

এবং গন্ধর্ব্বগণ, ঋষিগণ ও তপস্বিগণ স্তব করিতেছিলেন, এই অবস্থায় ইন্দ্র হিমালয়ের শৃঙ্গে আসিয়া উদিত সূর্য্যের ন্যায় অবস্থান করিতে লাগিলেন ॥১৫॥

---

(১১)…গন্ধর্ব্বাংশ্চ সপন্নগান্…বা ব কা, গন্ধর্ব্বাংশ্চৈব পন্নগান্…নি।

(১৩)…মহেন্দ্রাণ্যা…পি।

অথ মেঘস্বনো ধীমান্ ব্যাজহার শুভাং গিরম্।
যমঃ পরমধর্ম্মজ্ঞো দক্ষিণাং দিশমাস্থিতঃ ॥১৬॥
অর্জ্জুনার্জ্জুন! পশ্যাস্মাল্লোঁকপালান্ সমাগতান্।
দৃষ্টিং তে বিতরামোঽদ্য ভবানর্হতি দর্শনম্ ॥১৭॥
পূর্ব্বর্ষিরমিতাত্মা ত্বং নরো নাম মহাবলঃ।
নিয়োগাদ্‌ব্রহ্মণস্তাত! মর্ত্ত্যতাং সমুপাগতঃ ॥১৮॥
ত্বয়া চ বসুসংভূতো মহাবীর্য্যঃ পিতামহঃ।
ভীষ্মঃ পরমধর্ম্মাত্মা সংসাধ্যশ্চ রণেঽনঘ! ॥১৯॥
ক্ষত্রঞ্চাগ্নিসমস্পর্শং ভারদ্বাজেন রক্ষিতম্।
দানবাশ্চ মহাবীর্য্যা যে মনুষ্যত্বমাগতাঃ।
নিবাতকবচাশ্চৈব সংসাধ্যাঃ কুরুনন্দন! ॥২০॥

ভারতকৌমুদী

সমিতি। গিরেৰ্হিমালয়স্য, সমাসাদ্য প্রাপ্য। তস্থৌ শক্র ইত্যনুবৃত্তিঃ ॥১৫॥
অথেতি। মেঘস্যেব স্বনো গম্ভীরঃ স্বরো যস্য সঃ। আস্থিতঃ পতিত্বেনাশ্রিতঃ ॥১৬॥
অর্জ্জুনেতি। দৃষ্টিং দিব্যাং দর্শনশক্তিম্, বিতরামো দদ্মঃ, অর্হতি যোগ্যো ভবতি ॥১৭॥
দর্শনযোগ্যত্বে হেতুমাহ—পূর্ব্বেতি। অমিতাত্মা অবিদিতস্বরূপঃ। মর্ত্ত্যতাং মনুষ্যত্বম্ ॥১৮॥
ত্বয়েতি। বসুরেব সম্ভূতোঽবতীর্ণঃ। পিতামহো যুষ্মাকম্। সংসাধ্যো জেতব্যঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥৬—১০॥ ভানুমন্তি দীপ্তিমন্তি ॥১২—১৬॥ বিতরামো যচ্ছামঃ ॥১৭—১৮॥ সংসাধ্যো

তাহার পর, দক্ষিণদিকের অধিপতি, পরমধর্ম্মজ্ঞ ও বুদ্ধিমান্ যম মেঘের ন্যায় গম্ভীরস্বরে মনোহর বাক্য বলিতে লাগিলেন—॥১৬॥

"অর্জ্জুন! অর্জ্জুন! তুমি আমাদিগকে দর্শন কর, আমরা দিক্‌পালেরা আগমন করিয়াছি। আজ আমরা তোমাকে দিব্য দৃষ্টি দান করিলাম। কেন না, তুমি আমাদের দর্শন লাভ করিবার যোগ্য ॥১৭॥

বৎস! তুমি পূর্ব্বজন্মে 'নর'-নামে মহাবল ও অমিতপ্রভাব ঋষি ছিলে; তা'র পর, ব্রহ্মার আদেশে মনুষ্য হইয়া জন্মিয়াছ ॥১৮॥

হে নিষ্পাপ! তোমাদের পিতামহ, বসুর অংশ, মহাবল ও পরমধার্ম্মিক ভীষ্মকে তুমি যুদ্ধে জয় করিতে পারিবে ॥১৯॥

আর, দ্রোণরক্ষিত অগ্নির তুল্য তেজস্বী ক্ষত্রিয়দিগকে, যে সকল মহাবল দানব মনুষ্য হইয়া জন্মিয়াছে তাহাদিগকে এবং নিবাতকবচগণকেও তুমি যুদ্ধে জয় করিবে ॥২০॥

(১৬) অথ মেঘস্বরো ধীমান্…বা ব কা। (২০)…দানবাঃ কুরুনন্দন!—বা ব কা নি।

পিতুর্মমাংশো দেবস্য সর্ব্বলোকপ্রতাপিনঃ।
কর্ণশ্চ সুমহাবীর্য্যস্ত্বয়া বধ্যো ধনঞ্জয়! ॥২১॥
অংশাশ্চ ক্ষিতিসংপ্রাপ্তা দেবদানবরক্ষসাম্।
ত্বয়া নিপাতিতা যুদ্ধে স্বকর্ম্মফলনির্জ্জিতাম্ ॥২২॥
গতিং প্রাপ্স্যন্তি কৌন্তেয়! যথাস্বমবিকর্ষণ!।
অক্ষয়া তব কীর্ত্তিশ্চ লোকে স্থাস্যতি ফাল্গুন! ॥২৩॥ (যুগ্মকম্)
ত্বয়া সাক্ষান্মহাদেবস্তোষিতো হি মহামৃধে।
লঘ্বী বসুমতী চাপি কর্ত্তব্যা বিষ্ণুনা সহ ॥২৪॥
গৃহাণাস্ত্রং মহাবাহো! দণ্ডমপ্রতিবারণম্।
অনেনাস্ত্রেণ সুমহত্ত্বং হি কর্ম্ম করিষ্যসি ॥২৫॥

ভারতকৌমুদী

ক্ষত্রমিতি। ভাবদ্বাজেন দ্রোণেন। সংসাধ্যা জেতব্যাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
পিতুরিতি। মম পিতুঃ সূর্য্যস্য, অংশঃ পুত্রত্বাদেবেতি ভাবঃ ॥২১॥
অংশা ইতি। এতদংশানাং ক্ষিতিপ্রাপ্তিস্তু আদিপর্ব্বণি দ্রষ্টব্যা। স্বাং স্বামনতিক্রম্যেতি যথাস্বম্, গতিবিশেষণত্বেঽপি "স নপুংসকলিঙ্গং স্যাৎ" ইতি নপুংসকত্বম্ ॥২২—২৩॥
ত্বয়েতি। মহামৃধে মহাযুদ্ধে। লঘ্বী দুর্জ্জনভাররহিতা। বিষ্ণুনা কৃষ্ণরূপেণ ॥২৪॥
ইদানীং নিজাস্ত্রদানমাহ—গৃহাণেতি। অপ্রতিবারণং প্রতিপক্ষৈরনিবারণীয়ম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

জেতব্যঃ ।১৯—২০॥ মম পিতুঃ সূর্য্যস্য ॥২১—২৩॥ মৃধে সংগ্রামে ॥২৪॥ লঘ্বী ভারশূন্যা

এবং ধনঞ্জয়! সমস্ত জগৎপ্রতাপী আমার পিতৃদেব সূর্য্যের অংশ মহাবল কর্ণকেও তুমি বধ করিবে ॥২১॥

শত্রুনাশক কুন্তীনন্দন অর্জ্জুন! দেব, দানব ও রাক্ষসগণের যে সকল অংশ পৃথিবীতে অবতীর্ণ হইয়াছে, তুমি তাহাদিগকে যুদ্ধে নিপাত করিবে; তৎপরে তাহারা নিজ নিজ কর্ম্ম অনুসারে নিজ নিজ যোগ্য গতি লাভ করিবে এবং তোমারও অক্ষয় কীর্ত্তি জগতে থাকিয়া যাইবে ॥২২—২৩॥

তুমি মহাযুদ্ধে সাক্ষাৎ মহাদেবকে সন্তুষ্ট করিয়াছ এবং কৃষ্ণরূপী বিষ্ণুর সহিত মিলিত হইয়া পৃথিবীটাকে ভারশূন্য করিবে ॥২৪॥

মহাবাহু! বিপক্ষেরা যাহা বারণ করিতে পারে না, তুমি আমার সেই দণ্ড অস্ত্র গ্রহণ কর; তুমি এই অস্ত্র দ্বারা গুরুতর কার্য্য সাধন করিতে পারিবে" ॥২৫॥

(২৩)...যথাস্বামবিকর্ষণ।...বা,কা পি।

বৈশম্পায়ন উবাচ।

প্রতিজগ্রাহ তৎ পার্থো বিধিবৎ কুরুনন্দন ! ।
সমন্ত্রং সোপচারঞ্চ সমোক্ষং সনিবর্ত্তনম্ ॥২৬॥
ততো জলধরশ্যামো বরুণো যাদসাং পতিঃ ।
পশ্চিমাং দিশমাস্থায় গিরমুচ্চারয়ন্ প্রভুঃ ॥২৭॥
পার্থ ! ক্ষত্রিয়মুখ্যস্ত্বং ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতঃ ।
পশ্য মাং পৃথুতাম্রাক্ষ ! বরুণোঽস্মি জলেশ্বরঃ ॥২৮॥
ময়া সমুদ্যতান্ পাশান্ বারুণাননিবারিতান্ ।
প্রতিগৃহ্লীষ্ব কৌন্তেয় ! সরহস্যনিবর্ত্তনান্ ॥২৯॥
এভিস্তদা ময়া বীর ! সংগ্রামে তারকাময়ে ।
দৈতেয়ানাং সহস্রাণি সংযতানি মহাত্মনাম্ ॥৩০॥
তস্মাদিমান্ মহাসত্ত্ব ! মৎপ্রসাদসমুত্থিতান্ ।
গৃহাণ নহি তে মুচ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ ॥৩১॥

ভারতকৌমুদী

প্রতীতি। সোপচারম্ ইতিকর্ত্তব্যতাসহিতম্। সমোক্ষং প্রয়োগকৌশলসহিতম্ ॥২৬॥
তর্ত ইতি। যাদসাং জলজন্তূনাম্। আস্থায় পতিত্বেনাশ্রিত্য, উচ্চারয়ন্নাসীৎ ॥২৭॥
পার্থেতি। পৃথুনী বিশালে তাম্রে চ অক্ষিণী যস্য তৎসম্বোধনম্ ॥২৮॥
ময়েতি। সমুদ্যতান্ দাতুমুপস্থাপিতান্। রহস্যে মন্ত্রসঙ্কেতৌ নিবর্ত্তনমুপসংহারঃ ॥২৯॥
এভিরিতি। তারকেণ অসুরেণ আময়ঃ পীড়া যত্র তস্মিন্। সংযতানি বদ্ধানি ॥৩০॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয় ! তাহার পর, অর্জ্জুন—মন্ত্র, ইতিকর্ত্তব্যতা, প্রয়োগ ও উপসংহারের সহিত যথাবিধানে সেই অস্ত্র গ্রহণ করিলেন ॥২৬॥

তদনন্তর, পশ্চিমদিকের অধিপতি, জলজন্তুগণের অধীশ্বর এবং মেঘের ন্যায় শ্যামবর্ণ বরুণ এই কথা বলিলেন—॥২৭॥

"অর্জ্জুন ! তুমি ক্ষত্রিয়শ্রেষ্ঠ এবং ক্ষত্রিয়ধর্ম্মে রহিয়াছ ; সুতরাং তুমি আমাকে দর্শন কর ; হে বিশালতাম্রনয়ন ! আমি জলাধিপতি বরুণ ॥২৮॥

কুন্তীনন্দন ! শত্রুগণ যাহা বারণ করিতে পারে না, সেই বারুণপাশ আমি দান করিবার জন্য আনিয়াছি ; মন্ত্র, সঙ্কেত ও উপসংহারের উপায়ের সহিত তুমি ইহা গ্রহণ কর ॥২৯॥

বীর ! সেই সময়ে তারকাসুরের যুদ্ধে আমি এই পাশ দ্বারা সহস্র সহস্র মহাবল দৈত্যকে বন্ধন করিয়াছিলাম ॥৩০॥

(২৬)···সমোক্ষবিনিবর্ত্তনম্···বা ব কা নি।

অনেন ত্বং যদাস্ত্রেণ সংগ্রামে বিচরিষ্যসি।
তদা নিঃক্ষত্রিয়া ভূমির্ভবিষ্যতি ন সংশয়ঃ ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ। *

ততঃ কৈলাসনিলয়ো ধনাধ্যক্ষোঽভ্যভাষত।
দত্তেষ্বস্ত্রেষু দিব্যেষু বরুণেন যমেন চ ॥৩৩॥

প্রীতোঽহমপি তে প্রাজ্ঞ! পাণ্ডবেয়! মহাবল!।
ত্বয়া সহ সমাগম্য অজিতেন তথৈব চ ॥৩৪॥

সব্যসাচিন্! মহাবাহো! পূর্ব্বদেব! সনাতন!।
সহাস্মাভির্ভবান্ শ্রান্তঃ পুরাকল্পেষু নিত্যশঃ ॥৩৫॥

দর্শনাত্তে ত্বিদং দিব্যং প্রদিশামি নরর্ষভ!।
অমনুষ্যান্ মহাবাহো! দুর্জ্জয়ানপি জেষ্যসি ॥৩৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ, হে মহাসত্ত্ব! মহাবল! মম প্রসাদেন সমুত্থিতান্ উপস্থিতান্, ইমান্ পাশান্ গৃহাণ। আততায়িনো হন্তুমুদ্যতস্য তে হস্তাৎ অন্তকোঽপি নহি মুচ্যেৎ ॥৩১॥

অনেনেতি। নিঃক্ষত্রিয়া, এতদস্ত্রেণৈব সর্ব্বক্ষত্রিয়সংহারাদিত্যাশয়ঃ ॥৩২॥

তত ইতি। কৈলাসঃ পর্ব্বত এব নিলয়ো বাসস্থানং যস্য সঃ, ধনাধ্যক্ষঃ কুবেরঃ ॥৩৩॥

ত্বয়েতি। বিপক্ষৈরজিতেন ত্বয়া সহ সমাগম্য, তথৈব যমবরুণবদেবাহমপি প্রীতোঽস্মি ॥৩৪॥

সব্যেতি। পূর্ব্বস্মিন্ জন্মনি দেবো নরাখ্যঃ পূর্ব্বদেবঃ। শ্রান্তস্তপোভিঃ ॥৩৫॥

দর্শনাদিতি। ইদমন্তর্দ্ধানাখ্যং দিব্যং মদীয়মস্ত্রম্, প্রদিশামি দদামি ॥৩৬॥

ভারতভাবদীপঃ

॥২৫॥ সোপচারং সেতিকর্ত্তব্যতাকম্ ॥২৬—২৯॥ সংযতানি বদ্ধানি ॥৩০—৩৩॥ অজিতেন

অতএব মহাবল! আমার প্রসন্নতানিবন্ধন উপস্থিত এই পাশাস্ত্র তুমি গ্রহণ কর; ইহার প্রভাবে তোমার হাত হইতে যমও মুক্তি পাইবেন না ॥৩১॥

তুমি যখন এই অস্ত্র লইয়া যুদ্ধে বিচরণ করিবে, তখন পৃথিবী ক্ষত্রিয়শূন্য হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন— যম ও বরুণ দিব্য অস্ত্র সকল দান করিলে, তাহার পর কৈলাসবাসী কুবের কহিলেন—॥৩৩॥

"প্রাজ্ঞ মহাবল পাণ্ডুনন্দন! তুমি যুদ্ধে অপরাজিত; সুতরাং তোমার সহিত সম্মিলিত হইয়া আমিও যম এবং বরুণের মতই সন্তুষ্ট হইযাছি ॥৩৪॥

সব্যসাচী! মহাবাহু! সনাতন! পূর্ব্বদেব! তুমি পূর্ব্বজন্মে আমাদের সহিত মিলিত হইয়া সর্ব্বদাই তপস্যায় পরিশ্রান্ত থাকিতে ॥৩৫॥

* অয়ং পাঠঃ পি নি নাস্তি।

মত্তশ্চৈব ভবানাশু গৃহ্লাত্বস্ত্রমনুত্তমম্ ।
অনেন ত্বমনীকানি ধার্ত্তরাষ্ট্রস্য ধক্ষ্যসি ॥৩৭॥
তাদদং প্রতিগৃহ্লীষ্ব অন্তর্দ্ধানং প্রিয়ং মম ।
ওজস্তেজোদ্যুতিকরং প্রস্বাপনমরাতিনুৎ ॥৩৮॥
মহাত্মনা শঙ্করেণ ত্রিপুরং নিহতং যদা ।
তদৈতদস্ত্রং নির্ম্মুক্তং যেন দগ্ধা মহাসুরাঃ ॥৩৯॥
ত্বদর্থমুদ্যতঞ্চেদং ময়া সত্যপরাক্রম ! ।
ত্বমর্হো ধারণে চাস্য মেরুপ্রতিমগৌরব ! ॥৪০॥
ততোঽর্জ্জুনো মহাবাহুর্বিধিবৎ কুরুনন্দনঃ ।
কৌবেরমধিজগ্রাহ দিব্যমস্ত্রং মহাবলঃ ॥৪১॥

ভারতকৌমুদী

মত্ত ইতি। মত্তো মম সকাশাৎ। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ। অনীকানি সেনাঃ ॥৩৭॥

তদিতি। ওজো মানসিকং বলং তেজো দৈহিকং বলং দ্যুতিং কান্তিঞ্চ করোতীতি তৎ, প্রস্বাপ্যন্তে শত্রবোঽনেনেতি প্রস্বাপনং শত্রূণামচৈতন্যজনকমিত্যর্থঃ, অতএব অরাতিনুৎ শত্রুবিজয়জনকম্, তদিদম্ অন্তর্দ্ধানং নাম মম প্রিয়মস্ত্রং প্রতিগৃহ্লীষ্ব ॥৩৮॥

মহেতি। ত্রয়াণাং পুরাণাং সমাহার ইতি ত্রিপুরং ত্রিপুরাসুরনগরত্রয়মিত্যর্থঃ ॥৩৯॥

ত্বদিতি। উদ্যতম্ উপস্থাপিতম্। মেরোঃ পর্ব্বতস্য প্রতিমং তুল্যং গৌরবং যস্য সঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

কৃষ্ণেন যথা তথৈব প্রীতোঽস্মি ॥৩৪॥ পূর্ব্বদেব। নবনারায়ণসখ ! ॥৩৫—৩৯॥ উদ্যতমুপস্থিতম্

মহাবাহু নরশ্রেষ্ঠ ! দেখিবামাত্রই তোমাকে এই দিব্য অস্ত্র দান করিতেছি; তুমি ইহা দ্বারা দুর্জ্জয় দৈত্যপ্রভৃতিকেও জয় করিতে পারিবে ॥৩৬॥

তুমি আমার নিকট হইতে এই সর্ব্বোৎকৃষ্ট অস্ত্র সত্বর গ্রহণ কর; ইহা দ্বারা তুমি দুর্য্যোধনের সৈন্য দগ্ধ করিতে পারিবে ॥৩৭॥

এই অস্ত্র—মানসিক বল, দৈহিক বল ও শরীরের কান্তি উৎপাদন করে, বিপক্ষের চৈতন্য লোপ করে, অতএব শত্রুপক্ষকে পরাভূতই করে; সুতরাং আমার প্রিয় এই 'অন্তর্দ্ধান'-নামক প্রসিদ্ধ অস্ত্র গ্রহণ কর ॥৩৮॥

মহাত্মা মহাদেব যখন ত্রিপুরাসুরের তিনটা পুরকে বিনষ্ট করেন, তখন তিনি এই অস্ত্রই নিক্ষেপ করিয়াছিলেন; যাহাতে মহাসুরগণও দগ্ধ হইয়াছিল ॥৩৯॥

হে সত্যপরাক্রম ! তোমার গুরুত্ব—সুমেরুপর্ব্বতেরই তুল্য; সুতরাং তুমি এই অস্ত্র ধারণ করিবার যোগ্য এবং তোমার জন্যই আমি এই অস্ত্র উপস্থিত করিয়াছি" ॥৪০॥

ততোঽব্রবীদ্দেবরাজঃ পার্থমক্লিষ্টকারিণম্।
সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া বাচা মেঘদুন্দুভিনিস্বনঃ ॥৪২॥
কুন্তীমাতর্ম্মহাবাহো! ত্বমীশানঃ পুরাতনঃ।
পরাং সিদ্ধিমনুপ্রাপ্তঃ সাক্ষাদ্দেবগতিং গতঃ ॥৪৩॥
দেবকার্য্যঞ্চ সুমহত্ত্বয়া কার্য্যমরিন্দম!।
আরোঢ়ব্যস্ত্বয়া স্বর্গঃ সজ্জীভব মহাদ্যুতে! ॥৪৪॥
রথো মাতলিসংযুক্ত আগন্তা ত্বৎকৃতে মহীম্।
তত্র তেঽহং প্রদাস্যামি দিব্যান্যস্ত্রাণি কৌরব! ॥৪৫॥
তান্ দৃষ্ট্বা লোকপালাংস্তু সমেতান্ গিরিমূর্দ্ধনি।
জগাম বিস্ময়ং ধীমান্ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তত ইতি। বিধিবৎ প্রয়োগোপসংহারসঙ্কেতযুক্তম্। দিব্যমলৌকিকম্ ॥৪১॥

তত ইতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া। মেঘদুন্দুভ্যোরিব নিস্বনো গম্ভীরঃ স্বরো যস্য সঃ ॥৪২॥

কুন্তীতি। কুন্তী মাতা যস্য তৎসম্বোধনম্। হে মহাবাহো! ত্বং পুরাতন ঈশান ঈশ্বরঃ, নারায়ণাংশত্বাৎ। অনেন তপসা চ পরাং সিদ্ধিমনুপ্রাপ্তঃ, সাক্ষাদ্দেবগতিং দেবত্বঞ্চ গতঃ ॥৪৩॥

দেবেতি। কার্য্যং সম্পাদনীয়ম্। সজ্জীভব, স্বর্গারোহণার্থমেবেতি ভাবঃ ॥৪৪॥

রথ ইতি। আগন্তা আগমিষ্যতি, ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে। তত্র স্বর্গে ॥৪৫॥

তানিতি। সমেতান্ সম্মিলিতান্, গিরিমূর্দ্ধনি হিমালয়োপরি ॥৪৬॥

ভারতভাবদীপঃ

॥৪১—৪২॥ দেবগতিং দেবানাং পরায়ণত্বম্ ॥৪৩—৪৪॥ আগন্তা আয়াস্যতি ॥৪৫—৪৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৬॥

তাহার পর, মহাবাহু ও মহাবল কুরুনন্দন অর্জ্জুন যথাবিধানে কুবেরের সেই দিব্য অস্ত্র গ্রহণ করিলেন ॥৪১॥

তদনন্তর, দেবরাজ কোমল বাক্যে অক্লিষ্টকারী অর্জ্জুনকে আশ্বস্ত করিয়া মেঘ ও দুন্দুভির ন্যায় গম্ভীরস্বরে বলিলেন—॥৪২॥

"মহাবাহু কুন্তীনন্দন! তুমি সনাতন ঈশ্বরের অংশ; তা'র পর আবার এই তপস্যা দ্বারা পরম সিদ্ধি লাভ করিয়াছ, এমন কি সাক্ষাৎ দেবত্ব পাইয়াছ ॥৪৩॥

অতএব মহাতেজা অরিন্দম! তোমার গুরুতর দেবকার্য্য করিতে হইবে; সুতরাং স্বর্গে আরোহণ করিতে হইবে; তাহার জন্য সজ্জিত হও ॥৪৪॥

কুরুনন্দন! তোমার জন্য মাতলিচালিত রথ ভূতলে আসিবে। সেই স্বর্গলোকেই আমি তোমাকে স্বর্গীয় অস্ত্র সকল দান করিব" ॥৪৫॥

ততোঽর্জ্জুনো মহাতেজা লোকপালান্ সমাগতান্।
পূজয়ামাস বিধিবৎ বাগ্ভিরদ্ভিঃ ফলৈরপি ॥৪৭॥
ততঃ প্রতিযযুর্দেবাঃ প্রতিমান্য ধনঞ্জয়ম্।
যথাগতেন বিবুধাঃ সর্ব্বে কামমনোজবাঃ ॥৪৮॥
ততোঽর্জ্জুনো মুদং লেভে লব্ধাস্ত্রঃ পুরুষর্ষভঃ।
কৃতার্থমথ চাত্মানং স মেনে পূর্ণমানসম্ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
কৈরাতে ইন্দ্রাদিদেবপ্রস্থানে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

তত ইতি। বাগ্ভিঃ স্তবৈঃ, অদ্ভির্জৈলঃ ॥৪৭॥

তত ইতি। বিবুধ্যন্ত ইতি বিবুধা বিজ্ঞাঃ, কামঃ পর্য্যাপ্তো মনস ইব জবো বেগো যেষাং তে ॥৪৮॥

তত ইতি। মুদমানন্দম্। পূর্ণমানসং সফলমনোরথম্। অতএব কৃতার্থম্ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি কৈরাতে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

বুদ্ধিমান্ কুন্তীনন্দন অর্জ্জুন হিমালয়ের উপরে সম্মিলিত দেবগণকে দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৪৬॥

তাহার পর, মহাতেজা অর্জ্জুন বাক্য, জল ও ফল দ্বারা সমাগত দিক্‌পালগণকে যথাবিধানে পূজা করিলেন ॥৪৭॥

তদনন্তর মনের ন্যায় বিশেষ বেগশালী ও বিশেষ জ্ঞানী দেবতারা সকলে অর্জ্জুনের প্রতি সম্মান দেখাইয়া যথাস্থানে ফিরিয়া গেলেন ॥৪৮॥

তৎপরে পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন অস্ত্র লাভ করিয়া আনন্দিত হইলেন এবং অভিলাষ পূর্ণ হইয়াছে বলিয়া আপনাকে কৃতার্থ মনে করিলেন ॥৪৯॥

—ঃ*ঃ—

* '…একচত্বারিংশোঽধ্যায়ঃ'—বা ব কা নি।